জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৭

বৃক্ষ রোপণ করে যে
সম্পদশালী হয় সে

স্মরণিকা

বন অধিদপ্তর

পরিবেশ ও বন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৭

স্মরণিকা

বন অধিদপ্তর

পরিবেশ ও বন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

জাতীয় বৃক্ষরোপণ ২০১৭
২১ জ্যৈষ্ঠ ১৪২৪
০৪ জুন ২০১৭

উদ্বোধন
বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র
আগারগাও

জাতীয় বৃক্ষমেলা ২০১৭
বানিজ্যমেলার মাঠ
শেরে বাংলানগর, ঢাকা

সম্পাদকমন্ডলী
মোঃ জায়েদ হোসেন ভূইয়া
জহির উদ্দিন আহমেদ
অবনী ভূষন ঠাকুর (পিএলআর)
মোঃ সাহাব উদ্দিন

বন অধিদপ্তর বাংলাদেশ
কর্তৃক প্রকাশিত

Pulished by
Forest Department Bangladesh

ডিজাইন ও মুদ্রণ
এনভিশিও, ২/২ পুরানা পল্টন, ঢাকা-১০০০
ফোন : ০২ ৯৫৮৭৯৪২

প্রকাশকাল
২১ জ্যৈষ্ঠ ১৪২৪
০৪ জুন ২০১৭

বন অধিদপ্তর
পরিবেশ ও বন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়	লেখক	পৃষ্ঠা
বৃক্ষরোপণ করে যে, সম্পদশালী হয় সে	মোহাম্মদ সফিউল আলম চৌধুরী	১৩
রোম নয়া রোমা (ভ্রমণ কাহিনী)	মোঃ জায়েদ হোসেন ভূইয়া	১৬
Agro Forestry In Bangladesh :an Overview	Md.Yunus Ali	১৯
ECONOMIC VALUATION OF ECOSYSTEM GOODS AND SERVICES (EGS) AND ECO-SENSITIVE DECISIONMAKING: A CRITICAL ANALYSIS FOR BANGLADESH MNGROVES	Shaikh Mizanur Rahman	২১
Climate Resilient Participatory Afforestation and Reforestation Project Highlights	Uttam Kumar Saha & Md. Iklil Mondal	৩৩
Synergies between forestry and other sectors in Bangladesh	Laskar Muqsudur Rahman	৩৬
Haors in Bangladesh and its Biodiversity	Ashit Ranjan Paul & Md Golam Rabbi	৪৫
আন্তর্জাতিক পরিমন্ডলে বাঘ সংরক্ষণের গুরুত	ড. তপন কুমার দে	৪৭
Restoring Forest Ecosystems	Ram Sharma	৫৫
Development of Sustainable Forestry Plantations in Bangladesh-Myths and Realities	Dr. Mohammed Kamal Hossain	৬২
বৃক্ষরোপণ: ভাবনায় বাংলার বুনো ফল	ড. মোহাম্মদ জসীম উদ্দিন	৭১
সাঙ্গু নদীর উজানে	মনিরুল এইচ খান	৭৩
Protected Areas and Ecotourism in Bangladesh	Professor Md. Jasim Uddin	৭৮
ওয়ান হেলথ : পরিবেশ, প্রাণি ও মানব স্বাস্থ্যের যৌথ যাত্রা	অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা, ডাঃ এইচ বি এম গোলাম মাহমুদ, মোঃ জাহিদুল কবির	৮৩
Forest Genetic Resources in the CHT Headwater Reserve Forests	Dr. Md. Zahidur Rahman Miah	৮৬
Development aid in the forestry sector of Bangladesh: politics and implications	Dr. Md.Saifur Rahman, & Dr. Lukas Giessen	৯১
মহামায়া ইকো-পার্ক ঃ ইকো-ট্যুরিজম সম্ভাবনা ও ভবিষ্যৎ	ড. মোঃ জগলুল হোসেন	৯৫
Forest Academy, Chittagong.	Neela Dutta	১০১
The National Land Representation System of Bangladesh.	Rashed Jalal, Mariam Akhter, Khan Zarin Tasnim	১০৫
বৃক্ষ ও চট্টগ্রাম শহর	জয়দীপ দে	১১২
Potential of rubber wood- as a source of timber	Dr. Khurshid Akhter	১১৪
Importance of Zoonosis in Captive Wildlife Conservation	S M Golam Mowla	১২০
DRONES FOR WILDLIFE CONSERVATION	Md. Modinul Ahsan	১২৮
A Short Focus on Soil Erosion in Bangladesh	Dr. Mohammad Zahirul Haque	১৩৫
আগর প্রজাতির বনায়নে বিনিয়োগ তুলনামূলকভাবে অধিক লাভ	এম এ তাহের হোসেন	১৩৯
বাংলাদেশের উপকূলীয় এলাকার বসতবাড়িতে বাঁশ ও বেত চাষাবাদের উজ্জ্বল সম্ভাবনা	শেখ এহিউল ইসলাম, মোঃ মাহাবুব আলম, মোহা. আব্দুল কুদ্দুস মিয়া	১৪১
আমাকে বৃক্ষ করে দাও	মোঃ জায়েদ হোসেন ভূইয়া	১৪৭
Medakocchopia National Park: Challenges to overcome	Mohammad Yousuf	১৪৮
সবুজ হবে মোদের মন	এ,বি,এম নজরুল ইসলাম	১৫২
টেকসই সহ-ব্যবস্থাপনা, টেকসই বন সংরক্ষণ: সহ-ব্যবস্থাপনা দিবস -২০১৭	মার্জিয়া লিপি	১৫৩
জাতীয় স্বার্থে বন সৃজন অপরিহার্য	আফতাব চৌধুরী	১৫৭

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

২১ জ্যৈষ্ঠ ১৪২৪
০৪ জুন ২০১৭

বাণী

দেশের বনজ সম্পদ উন্নয়ন ও পরিবেশ রক্ষায় পরিবেশ ও বন মন্ত্রণালয়ের উদ্যোগে ০৪ জুন, ২০১৭ থেকে তিন মাসব্যাপী 'জাতীয় বৃক্ষ রোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০১৭' শুরু হচ্ছে জেনে আমি আনন্দিত।

পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষের বিকল্প নেই। মানুষের জীবন ধারণের সবচেয়ে প্রয়োজনীয় উপাদান অক্সিজেনসহ বিভিন্ন উপকরণ আমরা পেয়ে থাকি বৃক্ষ থেকে। তাই বৃক্ষ মানুষের পরম বন্ধু। একটি বীজ কিংবা চারা মাটিতে রোপণ করে রাখলেই এক সময় সেটি সম্পদে পরিণত হয়। তাই এ বছরের গৃহীত প্রতিপাদ্য "বৃক্ষরোপণ করে যে, সম্পদশালী হয় সে"- অত্যন্ত সময়োপযোগী হয়েছে। সবুজ শ্যামলিমায় ঘেরা বাংলাদেশকে আরও সবুজময় করতে অধিক হারে বৃক্ষ রোপণের জন্য আমি দেশবাসীকে উদাত্ত আহ্বান জানাই।

সামাজিক বনায়নের জন্য যারা লভ্যাংশ পাচ্ছেন তাদের জন্য রইল আমার আন্তরিক শুভেচ্ছা। যারা "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০১৬" এবং "বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ করজারভেশন-২০১৭" অর্জন করেছেন তাদেরকে জানাই আন্তরিক অভিনন্দন। জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশসহ বিশ্বের অনেক দেশ চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এর নেতিবাচক প্রভাব পড়ছে। বেশী বেশী বৃক্ষ রোপনের মাধ্যমে আমরা জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব কিছুটা হলেও কমাতে পারি। আসুন নিজে গাছ লাগাই, অন্যকেও গাছ লাগাতে উৎসাহিত করি।

আমি 'জাতীয় বৃক্ষ রোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০১৭' এর সাফল্য কামনা করি।

খোদা হাফেজ-বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২১ জ্যৈষ্ঠ ১৪২৪
০৪ জুন ২০১৭

বাণী

বৃক্ষরোপণ, সংরক্ষণ ও পরিচর্যা বিষয়ে দেশের জনগণকে আগ্রহী ও সচেতন করে তুলতে জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৭ আয়োজন করা হচ্ছে জেনে আমি আনন্দিত।
জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার এবারের প্রতিপাদ্য 'বৃক্ষরোপন করে যে, সম্পদশালী হয় সে' অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

মানব সৃষ্ট কর্মকান্ডের বিরূপ প্রভাবে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি পাচ্ছে। পরিবর্তন ঘটছে জলবায়ুর। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের ফলে বিশ্বের ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। জলবায়ূ পরিবর্তন রোধ করে বৃক্ষই পারে ধরণীকে বসবাসের উপযোগী করে গড়ে তুলতে।

জীবন ও জীবিকার জন্য বৃক্ষের গুরুত্ব অপরিসীম। অক্সিজেন, আসবারপত্র এবং নির্মল সবুজের উৎস হচ্ছে বৃক্ষ। পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ, ভূমির ক্ষয়রোধ, মরুকরন রোধ, কার্বন আধার তৈরি, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোবাবিলায় বৃক্ষের ভূমিকা অনস্বীকার্য। দেশের বিপুল জনগোষ্ঠীর খাদ্য, জ্বালানী ও বাসস্থানের চাহিদা পূরণ করতে গিয়ে দেশের বানাঞ্চলের ওপর চাপ বাড়ছে। বৃক্ষের সবুজ বেষ্টনী ঝড়-ঝঞ্জা ও জলোচ্ছ্বাসের তীব্রতা হ্রাস করে জীবন ও সম্পদ রক্ষা করে। তাই বৃক্ষরোপণের মাধ্যমে সবুজ বাংলাদেশ গড়ে তোলা একান্তভাবে প্রয়োজন।

সর্বকালের সর্বশেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বৃক্ষরোপণকে গুরুত্ব দিয়েছিলেন। তিনি বন্যপ্রাণী সংরক্ষণ অধ্যাদেশ জারি করেন। পরিবেশ ও প্রতিবেশ রক্ষার গুরুত্ব বিবেচনা করে আমরা বিষয়টি সংবিধানে অন্তর্ভুক্ত করেছি। আমরা পরিবেশের উন্নয়ন এবং সম্পদ সৃজনে বৃক্ষের অবদান অনুধাবন করে বৃক্ষরোপণ কর্মসূচিকে জাতীয় গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে চিহ্নিত করেছি।

দেশের প্রতিটি প্রতিষ্ঠানের খালি জায়গায়, সড়ক, মহাসড়ক ও রেলপথের দুই পাশে, চরভূমি, বাড়ির আঙিনা ও চারপাশ, পতিত ও অন্যান্য প্রান্তিক ভূমিতে বৃক্ষরোপণের মাধ্যমে এ দেশকে আরও সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তোলার জন্য আমি সকলের প্রতি উদাও আহ্বান জানাচ্ছি।

এ বছর যাঁরা 'বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ২০১৬', 'বঙ্গবন্ধু এ্যাওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ কনজারভেশন ২০১৭' অর্জন করেছেন আমি তাঁদের সকলকে অভিনন্দন জানাই।

আমি জাতীয় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলা ২০১৭ উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

মন্ত্রী
পরিবেশ ও বন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২১ জ্যৈষ্ঠ ১৪২৪
০৪ জুন ২০১৭

বাণী

বৃক্ষ মানুষের শুধু বন্ধুই নয় জীবন জীবিকার অবিচ্ছেদ্য অংশও। পরিবেশের ভারসাম্য রক্ষা থেকে শুরু করে জীবনধারণের উপকরণ সরবরাহ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে বৃক্ষ আমাদের অত্যন্ত প্রয়োজনীয় অনুষঙ্গ। তাই প্রতি বছরের মতো এবারও ০৪ জুন থেকে তিন মাসব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার আয়োজন করা হয়েছে। এ আয়োজনে দেশবাসীকে অংশগ্রহণের জন্য আমি উদাত্ত আহ্বান জানাচ্ছি।

শুধুমাত্র বৃক্ষরোপণের মাধ্যমেই নগণ্য বিনিয়োগে কয়েকশতগুণ বেশি সম্পদ অর্জন করা সম্ভব। তাই এবারের বৃক্ষরোপণ অভিযানের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে "বৃক্ষরোপণ করে যে, সম্পদশালী হয় সে"।

প্রতি বছরের মতো এবারও বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। আশা করি এ আয়োজন সংশ্লিষ্ট সকলের স্বতঃস্ফুর্ত অংশগুহণ থাকবে।

এ বছর যারা "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরুস্কার-২০১৬" এবং "বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ কনজারভেশন-২০১৭" অর্জন করেছেন তাদের সকলের জন্য আমার অভিনন্দন। আশা করছি দেশবাসীর অংশগ্রহণে তিন মাস ব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা সাফল্য মন্ডিত হবে।

আনোয়ার হোসেন মঞ্জু, এম.পি

উপমন্ত্রী
পরিবেশ ও বন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২১ জ্যৈষ্ঠ ১৪২৪
০৪ জুন ২০১৭

বাণী

বৃক্ষরোপণ একটি সমৃদ্ধশালী খাত। জীবন ও জীবিকার জন্য বনের গুরুত্ব অপরিসীম। বৃক্ষরাজি তপ্ত পৃথিবীকে স্নিগ্ধ শ্যামলিমায় রূপান্তর করে বাসোপযোগী করে তুলছে, প্রাণ দান করছে নিযুত প্রাণির মাঝে, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যোগান দিচ্ছে অন্ন, বস্ত্র এবং চিকিৎসার। অর্থনৈতিক উন্নয়নে অর্থাৎ জীবিকা নির্বাহে অনাদিকাল থেকে বৃক্ষ অনন্য ভূমিকা পালন করে আসছে।

জনগণকে সম্পৃক্ত করে সৃষ্ট সামাজিক বনায়ন দরিদ্র জনগণের জীবিকার দ্বার উন্মোচিত করেছে। পরিবারের আয় বৃদ্ধির পাশাপাশি পরিবারকে সাবলম্বী করে তোলা, অর্থনৈতিক মুক্তি, দারিদ্র্য বিমোচন এবং ভবিষ্যত প্রজন্মের অন্য নির্মল পরিবেশ সৃষ্টিতে সামাজিক বনায়ন অগ্রণী ভূমিকা পালন করে আসছে। তাই এবারের জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০১৭ এর প্রতিপাদ্য বিষয় "বৃক্ষ রোপণ করে যে, সমৃদ্ধশালী কয় সে" মথার্থ হয়েছে বলে আমি মনে করি।

বন বনানীর কূজনে ঘেরা বাংলাদেশ বৈশ্বিক জলবায়ু পরিবর্তনজনিত কারণে আজ বিশ্বের সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশগুলোর অন্যতম। জলবায়ু পরিবর্তন প্রশমনে বৃক্ষ ও বৃক্ষরাজির ভূমিকা অপরিসীম। বৃক্ষ দূষণমুক্ত পরিবেশ সৃষ্টির চালিকা শক্তি। প্রকৃতিতে টিকে থাকার জন্য প্রতিটি দেশের প্রয়োজন ২৫ভাগ বনভূমি। সে তুলনায় বাংলাদেশে বনের পরিমাণ অপ্রতুল। প্রয়োজন সীমিত বনভূমিতে সকলের সহযোগিতায় বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি।

বর্তমান গণতান্ত্রিক সরকার জলবায়ুর পরিবর্তন, পরিবেশ উন্নয়ন এবং সম্পদ সৃজনে বৃক্ষের অবদান অনুধাবন করে বৃক্ষরোপণ কর্মসূচীকে জাতীয় গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসাবে চিহ্নিত করেছেন। তাই সুখী সমৃদ্ধশালী বাংলাদেশ বিনির্মাণে বসতবাড়ীর আঙ্গিনা, পতিত ও প্রান্তিক ভূমিসহ সর্বত্র ব্যাপক বনায়ন কার্যক্রমে দলমত নির্বিশেষে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য আমি সবাইকে উদাত্ত আহ্বান জানাই।

এ বছর যারা "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ২০১৬", "বঙ্গবন্ধু এ্যাওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ করজারভেশন ২০১৭" এবং যে সকল উপকারভোগী সামাজিক বনায়নে লভ্যাংশ পেয়েছেন আমি তাঁদের সকলকে অভিনন্দন জানাই।

আমি জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০১৭ এর সাফল্য কামনা করি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব, এম.পি

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৭ উপলক্ষে পরিবেশ ও বন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সংসদ সদস্যবৃন্দের শুভেচ্ছা।

জনাব মোহাম্মদ হাছান মাহমুদ
সভাপতি

জনাব আনোয়ার হোসেন মঞ্জু
সদস্য

জনাব আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব
সদস্য

জনাব নবী নেওয়াজ
সদস্য

জনাব মোঃ ইয়াসিন আলী
সদস্য

জনাব টিপু সুলতান
সদস্য

জনাব মজিবর রহমান চৌধুরী
সদস্য

জনাব মোহাঃ গোলাম রব্বানী
সদস্য

জনাব মোঃ ইয়াহ্ইয়া চৌধুরী
সভাপতি

বেগম মেরিনা রহমান
সভাপতি

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২১ জ্যৈষ্ঠ ১৪২৪
০৪ জুন ২০১৭

বাণী

বৃক্ষ প্রকৃতিক একটি নয়নাভিরাম ও উপকারী উপঢৌকন; জীবন ও জীবিকার অবিচ্ছেদ্য অংশ। মানব জীবনের মৌলিক চাহিদা পূরণ, পরিবেশ সুরক্ষা এবং শিল্পের প্রসারে বৃক্ষের রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা।

বৃক্ষের প্রধান আধার বন। কিন্তু দ্রুত জনসংখ্যা বৃদ্বির কারণে বৃক্ষ নিধন করে বনভূমিকে কৃষিজমিতে রূপান্তর, নগরায়ন, শিল্পাঞ্চল প্রতিষ্ঠাসহ বহুবিধ কারণে বাংলাদেশে বনের পরিমান আশংকাজনকভাবে হ্রাস পেয়েছে। ফলে, হারিয়ে যাচ্ছে জানা অজানা প্রাণী ও উদ্ভিদসহ প্রাণ বৈচিত্র্যের অনেক উপাদান। এ অবস্থার পরিবর্তন করতে হলে বনভূমি সুরক্ষা করে ক্রমাগত বন সৃজনসহ সরকারি বনভূমির বাইরে উপযোগী স্থানে বৃক্ষরোপনের বিকল্প নেই।

ভৌগলিক অবস্থান এবং জলবায়ু পরিবর্তনজনিত কারণে বাংলাদেশ প্রাকৃতিক বিপর্যয়ের মুখোমুখি হচ্ছে। প্রয়োজনের তুলনায় বৃক্ষের পরিমাণ কম থাকায় ভূমন্ডলের উষ্ণতা বৃদ্ধি, নদীর নাব্যতা হ্রাস, পাহাড়ী ভূমি ধস, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি প্রভৃতি কারণে দেশে প্রাকৃতিক দুর্যোগের তীব্রতা ও ব্যাপকতা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। সরকারি, বেসরকারি পর্যায়ে নির্ধারিত বনায়নসহ ব্যক্তিগত পর্যায়ে ব্যাপক বৃক্ষরোপনের মাধ্যমে দেশে প্রাকৃতিক বিপর্যয়জনিত ক্ষয়ক্ষতির মাত্রা অনেকাংশেই কমিয়ে আনা সম্ভব।

দেশের পতিত ও অব্যবহৃত প্রতিটি স্থানে যেমন বসতবাড়ী, শহরের বাড়ীর ছাদ, প্রতিষ্ঠান, পার্ক, সড়ক-মহাসড়কের পাড়, বেড়ীবাঁধ, চরভুমি ইত্যাদি স্থানে বৃক্ষরোপণের মাধ্যমে দেশে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধির মাধ্যমে ভূমির সর্বোচ্চ ব্যবহার ও তৃণমূল পর্যায়ে জনগণের উপার্জন বৃদ্ধি নিশ্চিত করা সম্ভব। তাই সব ধরনের ভূমিতে ব্যাপক বৃক্ষরোপণের মাধ্যমে জনগণের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি নিশ্চিতকল্পে এবারের জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৭ এর প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে "বৃক্ষরোপণ করে যে, সম্পদশালী হয় সে"। সে লক্ষ্যে এ বছরের বৃক্ষরোপণ অভিযানকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য ব্যাপকহারে বৃক্ষরোপণ এবং পরিচর্যা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

এ বছর যারা "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরষ্কার ২০১৬", "বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ কনজারভেশন ২০১৭" এবং উপকারভোগী সামাজিক বনায়ন হতে লভ্যাংশের চেক পাচ্ছেন আমি তাদের সবাইকে অভিনন্দন জানাই। মেলায় অংশগ্রহণকারী সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

আমি "জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৭" এর সার্বিক সাফল্য কামনা করছি।

ইসতিয়াক আহমদ

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৬ শুভ উদ্বোধন করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিশ্ব পরিবেশ দিবস এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ২০১৬ উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিশ্ব পরিবেশ দিবস এবং জাতীয় বৃক্ষরোপন অভিযান ২০১৬ উদ্বোধনী অনুষ্ঠান মঞ্চে উপবিষ্ট মাননীয় প্রধানমন্ত্রী ও সম্মানিত অতিথিবৃন্দ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তেঁতুল গাছের চারা রোপন করে
জাতীয় বৃক্ষরোপণ অভিযান ২০১৬ শুভ উদ্বোধন করেন

বিশ্ব পরিবেশ দিবস এবং জাতীয় বৃক্ষরোপন অভিযান ২০১৬ উদ্বোধন অনুষ্ঠানে বৃক্ষরোপনে
প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদান করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিশ্ব পরিবেশ দিবস এবং জাতীয় বৃক্ষরোপন অভিযান ২০১৬ উদ্বোধন অনুষ্ঠানে বৃক্ষরোপনে
প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদান করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মাননীয় পবিেশ ও বন মন্ত্রী জাতীয় বৃক্ষমেলা ২০১৬ এর বিভিন্ন স্টল ঘুরে দেখছেন

বিশ্ব পরিবেশ দিরস এবং জাতীয় বৃক্ষরেপণ অভিযান ২০১৬ উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বৃক্ষ রোপণ করে যে, সম্পদশালী হয় সে

মোহাম্মদ সফিউল আলম চৌধুরী

মাননীয় প্রধানমন্ত্রীর আহবানে সাড়া দিয়ে সারাদেশের বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে প্রতি বছর জাতীয় বৃক্ষরোপণ অভিযান উদযাপন এবং বন বিভাগ কর্তৃক সামাজিক বানায়ন কর্মসূচী চলমান থাকায় এ দেশে সর্বস্তরের মানুষের মধ্যে বৃক্ষ রোপণের আগ্রহ দিন দিন বৃদ্ধি পেয়েছে। এর ফলে অনেকেই ইতোমধ্যে বৃক্ষ রোপণ করে সম্পদশালী হতে পেরেছেন। বৃক্ষ রোপণের ফলে একদিকে যেমন বৃক্ষ রোপণকারী তাঁর পরিবারের আয় বৃদ্ধি নিশ্চিত করেছেন, পাশাপাশি পরিবারকে স্বাবলম্বী করে তোলা কিংবা অর্থনৈতিক মুক্তি, দারিদ্র্য বিমোচন এবং ভবিষ্যত প্রজন্মের জন্য নির্মল পরিবেশ সৃষ্টিতে বিশেষ অবদান রেখেছেন। তাছাড়া বৃক্ষরোপণের মাধ্যমে সারাদেশের বৃক্ষাচ্ছাদন বৃদ্ধিসহ পরিবেশ ও প্রতিবেশ উন্নয়নের মাধ্যমে জীববৈচিত্র্য এবং বন্যপ্রাণী রক্ষা পাচ্ছে। ভূমির ক্ষয় রোধ হচ্ছে এবং কৃষি জমির উর্বরতা বৃদ্ধি পাচ্ছে। প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে লাভবান হচ্ছে এদেশের অর্থনীতি। প্রতিবারের ন্যায় এ বছরও তিন মাসব্যাপী জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৭ আয়োজন করা হয়েছে। এবারের মূল প্রতিপাদ্য বিষয় নির্বাচন করা হয়েছে "বৃক্ষ রোপণ করে যে, সম্পদশালী হয় সে"।

ঘরের আশেপাশে, বসতভিটায়, পতিত জায়গায়, রাস্তার পার্শ্বে বৃক্ষ রোপণ এ দেশের সাধারণ মানুষের সহজাত অভ্যাস। বনজ, ফলজ, ঔষধী গাছসহ প্রায় সব ধরণের প্রজাতির গাছ লাগাতে মানুষ পছন্দ করেন। তবে এলাকা ভিত্তিক উপযুক্ত প্রজাতির গাছ নির্বাচন, নির্বাচিত প্রজাতির গাছের উৎপাদনশীলতা বা গুনগত মান নির্ধারণ, সৃজিত চারার রক্ষণাবেক্ষণ কৌশল ইত্যাদি বিষয়ে যথাযথ তথ্য সরবরাহ ও প্রশিক্ষণ প্রদান করা গেলে বৃক্ষ রোপণের সুফল আরও বৃদ্ধি করা সম্ভব হতে পারে। বাংলাদেশ বন বিভাগ ইতোমধ্যে প্রায় ৬.০ লক্ষ গ্রামীণ দরিদ্র মহিলাসহ সাধারণ মানুষকে নার্সারীতে গাছের চারা উত্তোলন, বনায়নের জন্য প্রজাতি নির্বাচন, বৃক্ষ রোপণ কৌশল, সৃজিত বাগান রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করেছে। প্রশিক্ষণ প্রাপ্ত এদের অনেকেই ইতোমধ্যে গ্রাম পর্যায়ে নার্সারী স্থাপন করে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা উত্তোলন ও বিপনন পেশা হিসেবে বেছে নিয়েছেন এবং তাতে স্বাবলম্বী হয়েছেন। অনেকেই আবার গণমুখি সামাজিক বনায়ন কার্যক্রম এ অংশগ্রহণ করে এ কার্যক্রমকে স্বার্থক করে তুলেছেন এবং নিজেও তার লভ্যাংশের টাকা গ্রহণ করে সম্পদশালী হয়েছেন। সামাজিক বনায়নে অংশগ্রহণ করে এ বছর শ্রেষ্ঠ পুরুষ উপকারভোগী হিসেবে টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলা নিবাসী জনাব মোঃ লোকমান হোসেন ১২ লক্ষ ৬৩ হাজার ৯৯৬ টাকার চেক এবং শ্রেষ্ঠ মহিলা উপকারভোগী হিসেবে গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলা নিবাসী মোছাঃ কদবানু ৭ লক্ষ ৭২ হাজার ২০০ টাকার চেক মাননীয় প্রধানমন্ত্রীর হাত হতে গ্রহণ করবেন।

সামাজিক বনায়ন এখন একটি সফল কর্মসূচী এবং এতে গ্রাম বাংলার লক্ষ লক্ষ দরিদ্র মহিলাসহ সাধারণ মানুষ অংশগ্রহণ করে যেমন জীবিকা নির্বাহের পথ সৃষ্টি করেছেন, তেমনি ক্ষয়িষ্ণু বনাঞ্চলকে পুনরায় বৃক্ষাচ্ছাদনের আওতায় এনে পরিবেশ ও প্রতিবেশের ভারসাম্য রক্ষায় বিশেষ অবদান রেখেছেন। আজ অবধি সামাজিক বনায়নেয় আওতায় সৃজিত বাগানে মোট ৬ লক্ষ ২৭ হাজার ৬২৭ জন উপকারভোগীকে সম্পৃক্ত করা সম্ভব হয়েছে যার মধ্যে ০১ লক্ষ ১৪ হাজার ৩৩৬ জন মহিলা উপকারভোগী। এ যাবৎ ১ লক্ষ ৩৩ হাজার ৮০ জন উপকারভোগীকে নগদ ২৬১ কোটি ১৪ লক্ষ ৪৯ হাজার ১৩৭ টাকা বিতরণ করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে সামাজিক বনায়নের আওতায় ১০,০০০ জন উপকারভোগীর মাঝে লভ্যাংশ বাবদ ২৬ কোটি ২৬ লক্ষ ৬৪ হাজার ৯ শত টাকা বিতরণ করা হবে।

৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে ২০১৬-২০২০ মেয়াদে দেশের বৃক্ষাচ্ছাদিত ভূমির শতকরা হার ২০ ভাগে উন্নীত করার লক্ষ্যে বনায়ন ও বন সংরক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। সরকারী বনাঞ্চলে বনায়নের পাশাপাশি গ্রামীণ এলাকা, উপকূলীয় অঞ্চলে জেগে উঠা চর ভূমি এবং সকল ধরনের প্রান্তিক ভূমি বনায়নের আওতায় আনা হচ্ছে। এ কার্যক্রমকে স্বার্থক করার জন্য চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে বন বিভাগ কর্তৃক প্রায় দুই কোটি চারা উত্তোলন করা হয়েছে যা ব্লক বাগান ও স্ট্রিপ বাগান সৃজনসহ বিক্রয় বিতরণে কাজে লাগানো হবে । উল্লেখ্য যে, বেসরকারী পর্যায়েও বিভিন্ন নার্সারীতে প্রচুর চারা উত্তোলন করা হয় এবং তা সারা দেশের বৃক্ষাচ্ছাদন বৃদ্ধিতে অবদান রাখছে। টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে প্রাকৃতিক বনাঞ্চল সুরক্ষাসহ রক্ষিত এলাকায় বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে বাংলাদেশে প্রায় ৪৩৯৮ বর্গ কিলোমিটার জুড়ে

প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর।

রক্ষিত এলাকা রয়েছে যার মধ্যে মোট ২১ টি বন্যপ্রাণী অভয়ারণ্য, ১৭টি জাতীয় উদ্যান ও ১টি বিশেষ জীববৈচিত্র্য সংরক্ষণ এলাকা রয়েছে। পাশাপাশি ৪৭৩৮০ বর্গ কিলোমিটার জুড়ে ২টি শকুনের নিরাপদ এলাকা চিহ্নিত করা হয়েছে। প্রকৃতি সংরক্ষণ ও ইকো-ট্যুরিজম সুবিধা সৃষ্টির জন্য ৮৬ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে ৮টি ইকোপার্ক, ২১ বর্গ কিলোমিটার জুড়ে ২টি সাফারি পার্ক, ২টি উদ্ভিদ উদ্যান ও ১টি এভিয়ারী পার্ক স্থাপন করা হয়েছে।

বাংলাদেশের উপকূলীয় এলাকার ১৯ টি জেলায় বসবাসকারী মানুষ ঝড় ও জলোচ্ছ্বাসের মত প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষয় ক্ষতির সম্মুখীন। এ অবস্থা থেকে পরিত্রাণ পাওয়ার জন্য উল্লেখিত জেলাসমূহে সবুজ বেষ্টনী তৈরীর জন্য ব্যাপক বনায়ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। উপকূলীয় এলাকায় নতুন জেগে উঠা চর সমূহে উপকূলীয় বনায়নের মাধ্যমে চরের স্থায়ীত্ব নিশ্চিত করা হচ্ছে। এ যাবৎ প্রায় ২.০ লক্ষ হেক্টর এলাকায় উপকূলীয় বনায়ন করা হয়েছে। তার মধ্যে প্রায় ৪৫ হাজার হেক্টর চরভূমি কৃষিকাজে ব্যবহারের জন্য ভূমি মন্ত্রণালয়ে হস্তান্তর করার প্রস্তাব করা হয়েছে। বৃক্ষ রোপণের মাধ্যমে উপকূলীয় এলাকায় যেমন দরিদ্র জনগোষ্টির কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তেমনি ভাবে সবুজ বেষ্টনী তৈরী করে ঘুর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের মত প্রাকৃতিক দুর্যোগ থেকে হাজারো মানুষের জীবন মাল রক্ষা করার ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়েছে। উপকূলীয় এলাকায় অর্থনৈতিক কর্মকান্ড যাই থাকুক না কেন এ জনপদের জান-মাল রক্ষায় বৃক্ষ রোপণের মাধ্যমে সবুজ বেষ্টনী তৈরী করার বিকল্প নেই।

বিশ্ব ব্যাপী প্রাকৃতিক পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলা, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, বন্যপ্রাণী সংরক্ষণ, ভূমির ক্ষয় ও মরুময়তা রোধ, কার্বন নিঃসরণ কমানো, মহিলাদের কর্মসংস্থান, দারিদ্র বিমোচন ও টেকসই উন্নয়ন ইত্যাদি নিশ্চিত করার জন্য বৃক্ষ রোপণের গুরুত্ব দিন দিন বেড়েই চলেছে। বৃক্ষ রোপণ মানুষকে শুধু সম্পদশা-লীই করে না বরং তা মানুষের কল্যাণে বিভিন্ন ভাবে অবদান রাখে যেমনঃ পণ্য উৎপাদনে, অর্থনৈতিক উৎপাদনে, বাস্তুসংস্থান ভিত্তিক সেবা প্রদানে ও সাংস্কৃতি ও নান্দনিকতা বৃদ্ধিতে বিশেষ অবদান রাখে। প্রাকৃতিক বনাঞ্চলে কাঠ আহরণ বন্ধ থাকায়, দেশের আনাচে কানাচে ও বসতবাড়ীতে বৃক্ষ রোপণ করে কাঠ ও জ্বালানী কাঠ উৎপাদনের মাধ্যমে মানুষের দৈনন্দিন চাহিদার একটি বড় অংশ পূরণ করা হচ্ছে। বাংলাদেশে প্রতি বছর গড়ে আট মিলিয়ন ঘন মিটার জ্বালানী কাঠের প্রয়োজন হয়। এর মধ্যে ৫.১০ মিলিয়ন ঘন মিটার জ্বালানী কাঠ শুধুমাত্র গৃহস্থলীর কাজে ব্যবহৃত হয়। দেশের প্রায় ৭৫ শতাংশ জ্বালানী কাঠ গ্রামাঞ্চলেই উৎপন্ন হয়। গ্রামাঞ্চলে জ্বালানী কাঠের বিকল্প না থাকায় গ্রামের জনগণ রান্না-বান্নাসহ অন্যান্য কাজের জন্য জ্বালানী কাঠের উপর নির্ভরশীল। সামাজিক বনায়নের মাধ্যমে সৃষ্ট স্ট্রীপ বাগান থেকে প্রাপ্ত মধ্যবর্তীকালীন আহরিত ডাল-পালা জ্বালানী কাঠ হিসেবে ব্যবহৃত হয়। উন্নয়নশীল দেশে ভূমিহীন এবং দরিদ্র জনগোষ্ঠির জন্য অপ্রধান বনজদ্রব্য জীবন-জীবিকার উৎস হিসেবে কাজ করে থাকে। বাড়িঘর তৈরী করার জন্য কাঠ, ফার্নিচার ও রান্নার জন্য জ্বালানী কাঠ, খাবারের জন্য খাদ্য, চিকিৎসার জন্য ঔষধ ইত্যাদির চাহিদা পূরণেও বৃক্ষ রোপণের বিকল্প নেই। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে বৃক্ষ রোপণের গুরুত্ব অনেক। বাংলাদেশে জিডিপিতে বন সেক্টরের অবদানের পরিমাণ প্রায় ১.৫ শতাংশ। যদিও জ্বালানী কাঠের ব্যবহার, অপ্রধান বনজদ্রব্যের অবদান এবং দেশের দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচনে সামাজিক বনায়ন কার্যক্রমের অবদান জাতীয় অর্থনীতিতে হিসাব করা হয় না। বৃক্ষ রোপণ ব্যাপক নতুন কর্মসংস্থান সৃষ্টিতে অবদান রাখে। দেশের মোট জনসংখ্যার প্রায় ২ ভাগ মানুষ বন সেক্টরের বিভিন্ন কাজে জড়িত। পাশাপাশি সুন্দরবনের মাওয়ালী, বাওয়ালী এবং মৎসজীবি প্রায় ০.৪ মিলিয়ন লোক সুন্দরবনের উপর নির্ভরশীল। একটি গাছ মানে একটি কার্বন আধার। গ্রীণ হাউজ এফেক্টসহ বায়ু দুষণের অন্যতম উপাদান কার্বন বৃক্ষের মাধ্যমে শোষিত হয়ে বৃক্ষের অভ্যন্তরে মজুদ থাকে। এ কার্বন বৃক্ষের অভ্যন্তরে মজুদ থাকায় কার্বন-ডাই-অক্সাইড, কার্বন মনোক্সাইড, মিথেন ইত্যাদির মত ক্ষতিকর গ্রীণ হাউজ গ্যাস বায়ুমন্ডলে কমে গিয়ে বৈশ্বিক উষ্ণায়ন প্রশমিত হয়। সুন্দরবনে মোট ১৬০ মিলিয়ন টন কার্বনের স্টক পাওয়া গেছে যা উন্নয়নশীল দেশের জন্য বিরল দৃষ্টান্ত। এক জরিপে দেখা গেছে ইনানী সংরক্ষিত বনাঞ্চলে ৪.৯৬ মিলিয়ন টন, দুধপুকুরিয়ায় ৬.৬৪ মিলিয়ন টন, ফাঁসিয়াখালী সংরক্ষিত বনাঞ্চলে ১.২২ মিলিয়ন টন, সীতাকুন্ড সংরক্ষিত বনাঞ্চলে ১.০৪ মিলিয়ন টন, মেধাকচ্ছপিয়া সংরক্ষিত বনাঞ্চলে ০.২৬ মিলিয়ন টন এবং টেকনাফ সংরক্ষিত বনাঞ্চলে ৯.৫৯ মিলিয়ন টন কার্বন আবদ্ধ আছে।

বৃক্ষাচ্ছাদিত এলাকার বৃষ্টিপাতের অধিকাংশই বৃক্ষের পত্র পল্লব, বাকল দ্বারা এবং বনের মেঝে বিয়োজিত ও অবিয়োজিত জীবাংশ দ্বারা শোষিত হয়। বৃক্ষের কারণে বৃষ্টিপাতের গতিবেগ হ্রাস পেয়ে, বৃক্ষের শিকড়ের কারণে ভূঅভ্যন্তরে ফাটল সৃষ্টি জনিত কারণে ভূপৃষ্ঠ ছিদ্রময় হওয়ায়, হিউমাসের কারণে ভূপৃষ্ঠ স্পঞ্জের মত হওয়ায় ভূমিতে পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি পেয়ে বৃষ্টির

পানির অধিকাংশই ভূঅভ্যন্তরে প্রবেশ করে ভূগর্ভস্থ পানির স্তরের উচ্চতার বৃদ্ধি ঘটায়। এতে সারা বছর পাহাড়ী ঝর্ণা, ছড়া ও নদ-নদীর পানি প্রবাহ অব্যাহত থাকে। বৃক্ষাচ্ছাদিত এলাকায় সুষম তাপমাত্রা বিরাজ করে। সাধারণত বৃক্ষহীন এলাকার তুলনায় বৃক্ষাচ্ছাদিত এলাকায় বৃষ্টিপাত বেশী হতে দেখা যায়। বৃক্ষাচ্ছাদনের কারণে ভূমির ক্ষয় রোধ, তাপমাত্রা নিয়ন্ত্রণ ও মাটির উর্বরতা বৃদ্ধি পায়। গাছপালা মাটির গঠন, বুনন, বিক্রিয়া, উর্বরতা, গভীরতা ইত্যাদি ভৌত রাসায়নিক গুণাবলীর অনুকূল পরিবর্তন ঘটিয়ে মাটির উৎপাদন ক্ষমতা বাড়ায়। ঝড় ও জলোচ্ছ্বাসের তীব্রতা হ্রাসে বৃক্ষ রোপণ গুরুত্বপূর্ণ। বাংলাদেশ এক সময়ে জীব-বৈচিত্রে সমৃদ্ধ ছিল। কিন্তু বিভিন্ন কারণে জীব-বৈচিত্র হুমকীর মুখে পড়েছে। আধুনিক সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে নগর জীবনের ব্যস্ততার ফাঁকে আনন্দ ও প্রাশান্তির প্রত্যাশায় মানুষ ছুটে চলে নির্মল প্রাকৃতিক বন ও বনানীর কাছে। সারা বিশ্বে ইকো-ট্যুরিজম বা পরিবেশ পর্যটন ১টি জনপ্রিয় শিল্প হয়ে উঠেছে। সাংস্কৃতিক বিকাশ ও নান্দনিক পরিবেশ সৃষ্টিতেও বৃক্ষ রোপণ গুরুত্বপূর্ণ। প্রখর সূর্য কিরণের সময় ঘর্মাক্ত ও পরিশ্রান্ত পথিক, শ্রমিক, দিন মজুর, রিক্সাচালক, কৃষক ও অন্যদেরকে বৃক্ষের ছায়া অনাবিল তৃপ্তি ও শান্তি দেয়। এতে তাদের কর্মস্পৃহা ও কর্মদক্ষতা বাড়ে। তাই বৃক্ষ রোপণের মাধ্যমে নিজেকে সম্পদশালী করাসহ সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বাড়ির আঙিনা ও চারপাশ, পতিত ও প্রান্তিক ভূমি, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠান, রাস্তার পাশে, বসৎ ভিটায় বৃক্ষ রোপণের এ মহৎ উদ্যোগে সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে অনুরোধ জানাই।

রোম নয়া রোমা

(ভ্রমণ কাহিনী ২৫ নভেম্বর থেকে ২৮ নভেম্বর/১৬)

মোঃ জায়েদ হোসেন ভূইয়া

২৫শে নভেম্বর যখন বিকাল ৪.০ টায় রোম শহরের উপর তার্কিস এয়ার ডলফিনের মতো একবার ডানে একবার বামে ঝাকি খাচ্ছিলো, আমি জানলার পার্শ্বে সম্পূর্ণ একা নিশ্চুপ। থিতু হয়ে হীম হয়ে ছিলাম। নিচে পাহাড় টিলাগুলো বরফে আবৃত, উপত্যকাগুলো বরফের চাদরে মোড়ানো। কিছু এলাকায় সাজানো গুছানো ছোট ছোট খামার বনায়ন। গাছগুলো কি বোঝা যাচ্ছিলো না? হঠাৎ গমের ক্ষেত, একটা দু'টো খামার বাড়ি। কখনও উঁচু উঁচু পাহাড়ী পথ। হঠাৎ হঠাৎ একটি দু'টো লরি চলে যাচ্ছিলো। বিমানটি মাতালের মতো দুলছিলো, আর রোম শহর কপালে রুপোলি ডিমের কুসুমের মত টিপ পড়ে লাল গালে টোল ফেলে হাসি নিয়ে সেজে বসেছিলো। সে কি মনোমুগ্ধকর পরিস্থিতি। আমি নির্বাক! পার্শ্বে অনুভূতি শেয়ার করার মত কেউ নেই। তখন অন্তর আত্মাকে জিজ্ঞাসা করলাম, এই তুই কি ভাবছিস? অন্তর আত্মা অনেকক্ষণ বোবা হয়ে গিয়েছিলো, ও মনে মনে ভাবছিলো? জীবনে প্রথম ইউরোপ তাও আবার ভেনিসের বোন রোমকে দেখা, ছোঁয়া এবং একটু পর তার বুকে ঠাঁই নেয়া। যেমন হঠাৎ শিশু মাকে হারিয়ে, ফিরে পেয়ে নির্বাক হয়ে থাকার মতো। তার্কিস বিমান ধিরে ধিরে ডানায় ভর করে এক সময় কাকড়াঁর মতো পা বের করে রোম এয়ারপোর্ট ছুঁয়ে দিল। অত্যন্ত ক্লান্ত পরিশ্রান্ত রাতজাগা পাখির মতো একা একা বিমান থেকে বের হলাম। সবাই অপরিচিত, বাহির হয়ে অপেক্ষায় সাদা টেক্সি। হঠাৎ বাঙালীর গলা, স্যার কই যাইবেন? প্রথম স্তব্ধ এবং অবিশ্বাস নিয়ে জিজ্ঞাস করলাম, আপনার টেক্সির কি রং? বললো কালো। একটু থতমত খেয়ে বললাম, আমার সাদা টেক্সি চাই? এরপর নোয়াখালী ড্রাইভার বললো, স্যার কালোও বৈধ। হায়রে দেশী, সুদুর রোমে। স্যার ভাড়া একটুও বেশী নিবো না। মিটার দেখে ভাড়া দিবেন। অবশেষে ওকে বললাম, আপনার টায় যাবো না। পরে সাদা টেক্সি চড়ে রওনা দিলাম। ড্রাইভার লিবিয়ান। জিপিএস দেখে দেখে বিশাল নিরিবিলি রাস্তায় ছুটে চললো রোম শহরের দিকে। ও আমাকে বললো, আমরা বলি 'রোমা' রোম নয়। আমি বললাম, কত সময় লাগবে? ও বলে আধ ঘন্টার বেশী। বিশাল স্বরণীর লেন বেয়ে আশি মাইল স্পিডে চালালো। মাঝে মাঝে অন্য ভাষায় কার সঙ্গে যেনো কথা বললো, কিছু বুঝলাম না। তখন দেশী ড্রাইভারটার কদর বুঝলাম।

রাস্তার পার্শ্বে লাগানো গাছের সারি। মাঝে নানা রকম ঝোঁপ, মাঝে মাঝে লতা -গুল্ম। আমি যখন তার্কিস বিমানে ঢাকায় নির্দ্ধারিত সিট পাওয়ার পর নিজের সীটে বসলাম। পাশের সিটে যিনি বসলেন, তার বয়স চল্লিশ এর উপর। পাসপোর্টের লাল রং দেখে প্রথম আলাপে জিজ্ঞাসা করলাম, আমেরিকা থাকেন? পরিবার কোথায় থাকে? বিয়ে করেছেন? বললো বিয়ে করার সময় পায় নাই। পরিবারের সবাই আমেরিকায় থাকে। উনি পৌর মেয়র আছেন। লাল পাসপোর্ট দেখালো কিন্তু কখনো বিদেশে যায় নাই। একটু অবাক হলাম কিন্তু কিছু বললাম না। একসময় তার্কি মুরগীর মৌ মৌ ঘ্রাণযুক্ত সুস্বাদু খাবার খেয়ে নাক ডেকে ডেকে কখন ঘুমিয়ে পড়লাম জানি না। যখন ঘুম ভাঙ্গলো নিচে তাকিয়ে দেখি একটি পানির সাগর কিন্তু আগুনের আলো। কোন রেড সি নামক কিছু হবে। তার প্রায় দুই ঘন্টা পর সকাল হলো। আবার ব্রেকফাষ্ট, আমরা তখন তুরস্কের ইস্তাম্বুলে। ওরহান পামুরের দেশে যিনি ২০০৬ সালে ''মাই নেম ইজ রেড" লিখে নোবেল পেয়েছিলেন, যা আমার সদ্য পাঠ করা ছিল।

ড্রাইভার হোটেলে পৌঁছে দিয়ে গেলো। হোটেলে লাগেজ নিয়ে ঢুকলাম। এক সুন্দরী রিসেপশনিস্ট ফরম এগিয়ে দিলো, আমি বলপেন দিয়ে নাম, ঠিকানা ইত্যাদি দিয়ে ফরম পূরণ করলাম। সব শেষ করার পর সুন্দরী এক কাপ কফি খেয়ে নিতে অনুরোধ করলো। রোমের ললনার অনুরোধ না রাখা ঠিক হবেনা। একখান ম্যাপ ধরিয়ে দিয়ে ইন্ডিয়ান ও ভিক্টেরিয়ায় বাঙালীর হোটেলের খবর দিলো। রাতে রুমের হোটেলে ডিনার করে নিজের রাখা ফলমূল খেলাম।

সকালে এক মরিসাসের প্রফেসর ম্যাডামের পিছে পিছে এফ.এ.ও অফিসে হেটে হেটে গেলাম। সময় নিলাম আধ ঘন্টা। কনকনে ঠান্ডা কিন্তু প্রফেসর মহিলা দ্রুত হাটছিলেন। হাটছি আর গাছ, লতা, ঝোপ দেখছি অনেক গুলো অপরিচিত গাছে আমড়ার মতো ফল দেখলাম। হঠাৎ হঠাৎ বাঙালী শ্রমিক দেখলাম। মোবাইলে বাংলায় কথা বলছে। আমি ও কম্বোডিয়ান কনজারভেটর দ্রুত হাটছিলাম। মরিসাসের বাদামী মহিলা পেন্সিল হিলে দ্রুত হাটছিলেন। আমরা দ্রুত তাল মিলালাম। আমাদেরহোটেল একটি পুরাতন তিনতলা বাড়ী যা রিনোভেশন করা নাম, 'লেনচেট'। হোটেলের সামনে অনেক বড় বড় ওক ও

উপ-প্রধান বন সংরক্ষক

রোমের ফলের গাছ-গাছালি। এছাড়া রোমের সবাই দ্রুত গতিতে হিল পড়ে হেটে যায়, কথা বলার কোন সুযোগ দেয় না। আমি মাথা ঘুঁরিয়ে ঘুঁরিয়ে পাইন গাছ ও পাশে গির্জা আবার চার্জ দেখে জিজ্ঞাসা করলাম, এত কেন? এবং এত উচুঁ বাউন্ডারী কেন? মানুষজন কোথায়? গাড়ী সব রাস্তায় পার্কিং কেন? সব উত্তর পেলাম ধিরে ধিরে। রাস্তার মধ্যে বাসগুলো ট্রামের মতো। মাটির নীচে মনোরেল। দুপাশে দুমুখে রাস্তা, মধ্যে রেলিগাড়ি ও ষ্টেশন। সাধারণ জনগণ ইংরেজী জানে না। ক্রমে ক্রমে বাঙালী কর্মচারীর শত শত দোকান পেয়ে গেলাম। যতই ওদের সঙ্গে ইংরেজীতে কথা বলতে চাইতাম, ওরা বলতো আপনি বাঙালী না। কি খাবেন, ফ্রি দেব বলেন? ফ্রি খাওয়া থেকে রেহাই পাওয়ার জন্য বলতাম, ডায়েবেটিস বুঝে শুনে খেতে হবে। প্রত্যেক হোটেলের দরজায় নায়িকা মাধুরী, ঐশ্বরিয়ার ও ক্যাটারিনার ছবি কেন? জিজ্ঞাসায় জানা গেলো, এগুলো পূর্বে ভারতীয়দের খাবার হোটেল ছিল।

প্রথম রাতে খাবার খেয়ে ফেরার পথে পথ হারিয়ে ফেলা এবং রাতের গভীরে বাঙালি ফুটপাতের দোকানি ভাইদের সহায়তায় আমার হোটেলে ফিরে আসা রোমাঞ্চকর স্মৃতিময় হয়ে রয়েছে। যদিও হারিয়ে যাওয়া সময়টায় ভয় ও আনন্দের, এখন মনে হয় 'আমার হারিয়ে যেতে নেই মানা'। পরের দিন গাছ, লতা-গুল্ম চেনার চেষ্টা। চেনা যাচ্ছে না। বড় বড় গির্জার ঢং ঢং আওয়াজ, নিশ্চুপ নিরিবিলি সুনসান রোম শহর সকালবেলা বেশী স্নিগ্ধ লাগতো। কিন্তু বিকালে পায়ে হেটে একা একা যখন একঘন্টায় হোটেলে এফ.এ.ও অফিস হতে ফিরতাম, সেলফি তুলতাম, পাইন গাছের সারি সারি অভিবাদন গ্রহণ করতাম। বিশাল বিশাল পাইন গাছের নিচে সুন্দর কোনাকৃতি ফলটি হাতে নিয়ে নেড়ে দেখতাম। পাশের একটি দর্শনীয় স্থানে ঢুকে পড়লাম। তিন চার হাজার বৎসর আগের স্থাপনা অথবা রাজার বাড়ি। ঘরের ছাদ ভাঙ্গা কিন্তু দেয়ালগুলো পরিস্কার। বড় বড় জানালা। পুরাতন রাস্তার উপর সেই আমলের একটি কালভার্টের মতো পুল। পর্যটকগণ দেখছে, ছবি তুলছে, জোড়া হয়ে বসে আছে। অন্য রাস্তা দিয়ে বের হওয়ার পর অনেকগুলো হকার ঘিরে ধরলো। কেহ বলে আন্টির জন্য চাদর নেন, কেহ বলে আঙ্কেল এক বোতল পানি নেন, কেহ বলছে সেলফির স্ট্যান্ড নেন। আমি একটু বিরক্ত হলাম। দুরে পুলিশের গাড়ীর সাইরেন। মূহুর্তে সবাই উধাও। আমি একটু অবাক হলাম। সবাই বোধ হয় অবৈধ শ্রমিক। একজন জানিয়েছিলো, ওরা হোটেলের কাজের পাশাপাশি বিকালে পর্যটন স্পটে ফেরি করে। না হলে দেশে টাকা পাঠাতে পারে না। রাস্ত-ঘাট, মার্কেট কোথাও এক টুকরা সিগারেটের শেষ অংশ খুজে পেলাম না। মনে মনে খুজছি, এত সিগারেট টানে পুরুষ/মহিলা, তাহলে শেষ অংশ কোথায় ফেলে। অবশেষে পেলাম। প্রতিটি দৃষ্টিনন্দন স্পটের পাকা দেয়ালে একটু দুইটি ইট সরিয়ে এসট্রের মতো করে রাখা রয়েছে। ঐখানে সবাই ওটাতে রেখে দেয়। পরিচ্ছন্ন কর্মীরা সব প্রতিদিন সরিয়ে নিয়ে যায়। একদিন রাত একটার পর ঘুম আসছিলো না, শীতের জন্য বিছানা থেকে উঠে জানালা দিয়ে খুঁজছি কোথাও ভুত, পরী জ্বীন ইত্যাদি কিছু খুঁজে পাই কি না, তা দেখার চেষ্টা করলাম? কিছু দেখলাম না। আবার ঘুমও আনতে পারলাম না। দূরে শুধু দেখলাম এক বাড়ীর একটা জানালার পাট খুলে গেছে বাতাসে, একটি টেবিল ফ্যান ঘুরছে। ফ্যানের বাতাসের সাথে পর্দা তাল মেলাচ্ছে। কোথাও কোন জীবনের নড়াচড়ার ছাঁয়া দেখলাম না।

পরদিন নেপালী অফিসারের সাথে খুব ভাব হয়ে গেলো। ও অনেক তথ্য দিলো রোমের। ও জানালো, ভুলেও জুতা ও ভ্যানিটি ব্যাগ না কিনতে। কারণ দেশে নিয়ে পস্তাতে হবে। শপিংমল সব রোম শহরের বাহিরে। বাংলাদেশী টাকায় আড়াই/তিন হাজার টাকা ভাড়া লাগে। তার উপর ইংরেজী কম বোঝে। লিবিয়ান মহিলার কাছ থেকে অল্প ইউরোতে নানা প্রকার ক্রিসমাসের মিষ্টি মন্ডা সস্তায় নিলাম, ও আবার মুসলিম শুনে কিছু ফ্রি দিলো। দিনের বেলা আমি ও নেপালী ফরেস্ট অফিসার যিনি আমার বয়সী অনেক গল্প হলো। ও আর আমি অনেক ছবি তুললাম ক্যামেরায়। এফ.এ.ও ছাদের বারান্দায় বিশাল বুফে লাঞ্চের ঘর। সব কিছু কিনে খেতে হয়। রোমবাসী একটু লতা-পাতা, পানিয় ও বিন জাতীয় খাবার খায়। আর আমরা নিঃশ্বাস বন্ধ না হওয়া পর্যন্ত খেয়ে থাকি। কোন মোটা পুরুষ/মহিলা দেখলাম না। এফ,এ,ও এর বার তলা ছাদ বারান্দায় দাড়ালে সুন্দর রোম শহর দৃষ্টিতে আসে। মনে হয় শিল্পির তুলিতে আঁকা ছবি। কোথাও উঁচু উঁচু ভবন নাই। কংক্রিটের জঙ্গল মনে হয় না। মনে হয় সবুজের মাঝে মাঝে সাজানো গুছানো একটি তৈলচিত্র। কোথাও কাক খুঁজে পেলাম না। জিজ্ঞাসায় জানা গেল ময়লা নাই। কাক খাবে কি? তিনদিনের ভিতর ওয়ার্কশপের সব জুনিয়রদের সঙ্গে আমার খুব ভাব হয়ে গেল। ইরানী মেয়ে অফিসার আমার কার্ড নিলো, কিন্তু জানালো ওর কার্ড নাই। সম্ভবতঃ ওর নাম মালিহা। আমার পাশে সুদানের ডিজি পরিবেশ বসতো। মাইক্রোফোনে যে কোন ভাষায় বক্তব্য দিলে সবার হেড ফোনে ভাষা রুপান্তরিত হয়ে যেত। বাংলাদেশ হওয়ায় আমি প্রথম সারিতে বসতাম। ওয়ার্কশপের প্রথমদিন ওয়ার্কশপের প্রধান ইভা মিলারের সাথে খুব পরিচিত হয়ে পড়লাম। শেষদিন নেপালী ফরেস্ট অফিসারের পর ওয়ার্কশপের সবাইকে বাংলাদেশের পক্ষ থেকে ধন্যবাদ জানালাম। ওরা আমাদের সামাজিক বনের

সফলতা, টি.এফ.এফ ফান্ড ও উপকূলীয় বনায়নে পাইওনিয়ার হওয়ার গল্পটা শুনে মজা পেয়েছিল। ওয়ার্কশপটি ছিল ইউ.এন.ই.এফ. (UNEF) এর গ্লোবাল ফরেস্ট কাভার পরিমাপের ইনডেক্স বাহির করা এবং এমডিজি আলোকে পয়েন্ট ১৫ এর বিভিন্ন পয়েন্টে জীববৈচিত্র ও বনের গ্রীণ কাভার পরিমানের জন্য কমন বৈশ্বিক ইনডেক্স ব্যবহারের পদ্ধতি নির্ণয় করা এবং পরবর্তীতে বৈশ্বিক বনের পরিমাপ ও কার্বনের পরিমাপ র্নিণয়ের সহায়তা করা। হয়তবা বলতে পারেন যে আমার বর্ণনাটা একটু বেশী বেশী বাহুল্যতায় পরিপূর্ণ। আমার লেখাটিতে আবেগ বেশী নেই। এর কারণ আমার বক্তব্য হিসাবে রোমান সাম্রাজের ইতিহাস আমার খুব কম জানা আছে।

আমি আসলে গ্রামের বাঙালি মানুষ। অনেক জনপদ. সভ্যতা, অনেক সি বিচ দেখেছি। কিন্তু আমার কছে সব সময় আমার গ্রাম, আমার মফস্বল শহরের নিশ্চুপ মেঠোপথ, আমাদের নিঝুপ দ্বীপ, মাধবকুন্ড, কুয়াকাটা, কক্সবাজার ও টেকনাফের সি বিচ, জাফলং, কাপ্তাই লেক, সাজেক ভ্যালি, তাজিডং, ওয়াই জংশন সবসময় বেশী আমাকে শিহরিত করে।

ভালো লাগে আমার জন্মভূমি, মা ও মাটি। কারণ বাংলার সোঁদা মাটি যে বীর শহীদের রক্তস্নাত।।

Agro Forestry In Bangladesh :an Overview

Md.Yunus Ali

Introduction:

When the artificial regeneration in Forestry started in the subcontinent ,Taungya system came into being . The primary objective of Taungya was to use the fertile forest floor for cereals and other vegetables production by combining with forest plantation .The present scenario of Agro Forestry is more than a mere combination of tree and crop production. Agroforestry today is a broad umbrella concept which encompasses a number of sustainable farming system , viz , agro- silviculture , Silvio pastoral , agro-Silvio - pastoral , agro-Silvo-fishery, Silvio fishery, agro -Silvo horticulture and even agro -Silvo- horti - pastoral system .The traditional farming system can no more sustain such an overwhelming farming community, agroforestry system of her scope an opportunity to ameliorate the situation by alleviating poverty especially in rural settings. Sustainable agroforestry farming system for farm(crop) lands, homesteads and forest lands can make life of the toiling masses economically more diversified and prosperous.

Agro Forestry in crop land(farm land):

The country traditional agricultural land(Khet land)has two distinct characteristics situations-the high khetland and low khetland .The low khetlands are practically seasonal wetlands where the tree production cannot be combined easily . The high khetland is available in the northern, northwestern and central region have tremendous potentials of combining tree and crop production.

Means of attaining sustainable farming system:

• Establishing nursery on entrepreneur basis for the supply of planting stock at the grass root level.

• Introduction of tree crop in a farm land including ridges and boundaries with active participation of the farmers.

• Providing know how to the farmers through appropriate extension mechanism and trading programmers.

In Bangladesh agroforestry formally started in early 80' from northern district. Local and traditional knowledge were used to develop scientific module like boundary planting, alley cropping, wood lot in block and cropping asides etc. The principles of light demanding species creating minimum shade bearer in nature is followed in agroforestry system. Usually in our country first two years the gap among the seedlings is sufficient for agro crop .Following the 3rd year the gap gets diffused light. In that situation pineapple, turmeric, ginger grows fairly. First and 2nd year the cereals grow luxuriantly. The tree species having light crown are suitable in agroforestry. The choice of tree species depends primarily on landforms i. e, hills, terrace and alluvium. The species is related to drainage, texture, structure, salinity and organic matter content of Soil . There are few other limiting factors could be considered to avoid the scheme of agroforestry like Water logging, marshes etc. Few other limiting factors like plough pan, piedmont soil and acid sulfate soil can be ameliorated by agroforestry. The young laterite soil is suitable for woodlot, particularly on the ridges. However, the furrows are essentially suitable for agro crop in terrace area of the country.

Agroforestry Module:

1. Planting trees with spacing not less than 10*10m right inside the crop land.
2. Planting along the farm land ridges /boundary with a linear spacing of 10 m from plant to plant.
3. Combined ridge planting and field planting.
4. Alley cropping with various alley width (10, 15,18m and planting strips .
5. Four corner boundary planting.

To make the system more sustainable, a pastoral component may be integrated. However, the small wood lots in the high khetland farms can contribute significantly in supplying wood and wood fuel fruits and fodder.

Home Garden:

Traditionally farmers grow trees in mixture with other woody perennials, vegetables and cash crops around almost each and every homesteads on their generations old experience to sustain their multifarious needs. The homestead tree covered areas of the country have attained 1.677 million hectare. I the home stead agroforestry, the farmers main preferences are mainly

Chief Conservator of Forests (P.L.R)

Multipurpose Trees to meet their food, fodder, fuel and timber needs. The traditional system can be turned into a more profitable and sustainable one through better management, tree renovation and replacement of the old uneconomic and low yielding ones with improved variety of fruits and MPTs.

Agroforestry in forests land :

The state forest land of the country including Unclassified State Forests is. 2.6 million hectare. Bangladesh, having a land mass of 147570 Sq Km sustain a population of 160 million which is presently growing at the rate of 1.4 percent.

Agroforestry Potentials of the Sal forests:- The present day forests are secondary or tertiary coppices. Over exploitation is poor management is responsible for the degradation of the forest which has intensified because of encroachment of the forest land. The Bahawal –Madhupur tract in the center and the Barind tract in the north western part of Bangladesh are dissected , unconsolidated unfolded upland of the Plio-Pleistocene age. The homogeneity of the sediments both in verticals and horizontal direction is indicative of their estuarine origin (Hasan,1992,1994).The degraded Sal forest area has already been under intensive land use systems including agroforestry practices .Agroforestry potential of the terrace areas is by no means lower than any other land form of the country given proper attention to site suitability assessment (Mazumdar A.H 1994). Forest department created agroforestry plantation first in Barind tract under community forestry project (1981-86) in Dinajpur , Rajshahi and Rangpur forest division, and subsequently in Dhaka Tangail, Mymensingh and Comilla forest division under Thana Afforestation and Nursery Development Project(1987-94).In the later project approximately 3070 hectare of encroached forest land have been brought under agroforestry plantation.

Agroforestry plantation harvested in all those forests divisions on sale .The plantation areas , sale proceeds, govt. revenue, share to the participants, Tree Farming Fund are summarized against each forest division as follows:

Table: Agro forestry in the forest land raised by Bangladesh Forest Department

Data source: Respective Divisional Forest Officers

Name of Forest Division	**Area planted	No.of Participent	**Plantation Felled	*Sale proceeds	*Govt. Revunue	Participant share	***TFF	Not felled	Remarks
	1	2	3	4	5	6	7	8	9
Dhaka	816.30	816	291.05	97.94	44.08	44.07	9.79	525.25	The difference between column 1 and 3 is due to failure of the plantation and /or immature plantation.
Tangail	1521	1789	320	114.16	57.08	51.37	11.42	1201	
Mymensingh	1088	1088	465	1049.72	472.37	472.37	104.97	623	
Rajshahi		352	107.04	29.14	13.11	13.11	2.91		
Dinajpur		879	694.45	48.59	19.70	19.70	4.86	230.52	
Rangpur	392.23	654	270.33	11.41	7.66	2.48		121.9	
Comilla	130	156	41.22	11.96	5.39	5.39	1.84	88.78	

*Bangladesh Taka in Million ** Area in Hectares *** Tree Farming Fund

On analyzing the performance of different agroforestry models it has been found that 18 m alley (81 %area) with three rows of trees (19%area) provides highest benefit to the farmer. Growing agricultural crop in conjunction with tree crops in different models shows that agroforestry gives higher return than the monoculture of trees or crop production (Bose, S .K ,1994).

The Forestry Sector should aim at addressing issues as detailed below by employing agroforestry production systems as an effective strategic tool (Fazlul Hoq . A K M, 1994):

- Rehabilitate man and land through tree planting, and thereby increase production of goods and services in the country ;
- Reforest the denuded and degraded state forest land ;
  Improve Environmental situation to support agricultural and other biological production systems;
- Develop Protected Areas and core natural forests as conservation areas to preserve the gene pool, wildlife and biodiversity;
- Create employment opportunities for the land less, poor, marginal farmers and women.

ECONOMIC VALUATION OF ECOSYSTEM GOODS AND SERVICES (EGS) AND ECO-SENSITIVE DECISIONMAKING: A CRITICAL ANALYSIS FOR BANGLADESH MNGROVES

Shaikh Mizanur Rahman

Mangrove Ecosystem

Mangroves are wide variety of trees and shrubs having characteristics of being adapted to condition of high salinity, low oxygen and changing water level, and these are tropical vegetation that grows in swampy areas and have tangled roots located above ground. Due to its salt tolerant characteristics they also called halophytes, and are adapted to harsh coastal conditions and contain special salt filtration system and complex root system to cope with salinity, low oxygen and waterlogged condition. And they are adopted with special root system of Pneumatophores, which allow mangroves to absorb gases directly from the atmosphere and other nutrients such as, iron and other mineral nutrients from the inhospitable condition.

An **ecosystem** is a community of living organisms that live in conjunction with the nonliving components of their environment interacting as a system. In other words it is the network of interactions among organisms, and between organisms and environment. Living organisms cannot live in isolation, the non-living environment provides food and energy for their survival and there exists interaction between biotic community and the physical environment. Everything that lives in an ecosystem is dependent on other species or elements, and is also part of that ecological community.

Structure and Components of Ecosystem

The ecosystems generally have three common properties that include the presence of (a) biotic and (b) abiotic components and their (c) interactions. The biotic component of the ecosystem is the communities of organisms, and the abiotic component includes chemical and physical environments in which the organisms' survive and make their living. In the ecosystem biotic and their abiotic environment that interact to form a stable and self-supporting system.

Components of ecosystem:

- **Abiotic components:**
- Climatic factors that include rain, temperature, light, wind, humidity, shade etc;
- Edaphic factors and soil contain a mixture of weathered rock fragments, altered soil mineral particles, organic matters, sediments and living organisms.
- **Biotic components:** These are plants, animals and micro-organisms and functionally they are classified as producers, consumers and decomposers or reducers.
- **Producers** may be of green plants and chemosynthetic bacteria; and they are autotrophs and chemoautotrophs.
- Autotrophs produced their own food and are consumed by:
- **Primary consumers** (herbivores), these are the animals which feed on plants or the producers, e.g. deer, goat, cattle etc.;
- **Secondary consumers** (carnivores), they feed on the herbivores e.g.. cats, foxes, snakes etc.;
- Then by **tertiary consumers,** they feed on the secondary consumers e.g. wolves;
- Then by **quaternary consumers,** they are the largest carnivores and feed on the primary/ secondary/tertiary consumers, e.g. lions, tigers etc.; and
- **Omnivores** they actually feed on everything e.g. humans (Homo sapiens).
- **Decomposers and reducers** are bacteria and fungi, they break down the dead organic materials and foods that released in the environment and converted into simple inorganic and organic substances.
- These simple substances are reused by the producers and functions in the cyclic exchange of materials between the biotic community and the abiotic environment of the ecosystem.

Deputy Chief Conservator of Forest (Rtd.)

Ecosystem Goods and Services (EGS)

The mangrove ecosystems are highly productive, extremely sensitive and fragile. Major constituents of the mangroves are trees and shrubs; fishes, shellfish and crustaceans; birds, reptiles, tigers, dears, monkeys, otters, fishing cats and wild pigs. Mangroves perform protective, productive and regulatory functions through providing various goods and services. Benefits, goods and services provided by the mangrove ecosystem are summarized in the following figure (Figure-1).



Figure-1: Protective functions and goods and services of mangrove ecosystem (EGS) (Hossain, M.S., 2009).

The coastal mangroves provide number of important ecosystem goods and services (EGS) and the EGS can be categorized as follows:

- Provisioning: timber, fuel wood, charcoal, food and medicines;
- Regulating: flood, storm and erosion control, and prevention of salt water intrusion;
- Habitat: breeding, spawning and nursery ground for commercial inshore and offshore fish species and biodiversity ; and
- Cultural services: include recreation, heritage, spiritual and religious, scientific, aesthetics and other nonuse values.

Mangrove Enhance Fisheries

Mangroves are the 'root of the sea'. There exists correlation between prawns and Hilsa with healthy mangrove. If there is no mangrove or degraded mangrove along the coast, there will no or fewer fish and sea will be less functional without its root i.e. the mangroves.

- Mangroves ecosystems are highly productive and level of productivity close to the average of tropical terrestrial forests and there exist as much as 25 times more fish in the areas close to mangrove than in areas where mangroves have been cut down or degraded.
- Mangroves forests enhance fish production, through providing food and shelter. Their leaves and woody matter i.e. detritus form a key part of the marine food chains that supports fisheries, and detritus decomposed by micro-organisms such as bacteria and oomycetes, as well as some commercially important crab species.
- In these process the leaves and woody matters decomposed into more palatable fragments for other consumers. Mangrove productivity is further enhanced by productivity of periphyton and phyto plankton occurring on mangrove trees, in their soils and in the water column.

Mangrove as Fishery Food-web: In the mangrove food-web products come from the mangrove trees, algae growing on tree roots and on the forest floor and phytoplankton in the water column. Additionally, the system receives nutrients from external sources with sediments from upstream (as in figure-2).



Figure-2: Mangrove food web showing the broad trophic groups (Source: Hutchison. J.et al. 2014).

Mangrove ecosystems are highly productive and some of the estimations, that have been made are:

- Current estimates suggest an average above ground net primary production is of 11.1 t dry weight /ha/yr. Phytoplankton, periphyton, planktonic products like benthic and epiphytic algae, zooplankton including crustacean larvae are the main component of the food web. The tidal and hydrological regime determines the degree to which phytoplankton is retained within the mangrove or flushed out to sea.
- A study in the Indus delta found planktonic productivity in the mangroves ranged from 0.5 – 3.7 t C /ha/yr (Hutchison, J et al. 2014).
- As reported by Naik N.R et.al in 1991, mangroves shed and drops about 18 and a half tons of leaf litter per ha/year. The system constantly shed leaves and are quickly broken down by crabs, fungi and bacteria and released into water making food available for sea-life.

- In another review of mangrove litter fall found that an average of 9.6 t DW /ha/yr of leaves, propagules, twigs and branches fall to the forest floor, where it is processed by a range of consumers and decomposers (Hutchison, J et al. 2014).
- Coastal mangroves are valuable sources of food for inshore and offshore fisheries and up to 80% of the global fish catches are directly or indirectly dependent of mangroves food-web (Barua, P et.al. 2010).
- **Nutrient export:** The quantity of carbon exported is often substantial, with global estimates ranging from 29 to 46 Tg C yr-1, and as much as 11% of the total terrestrial carbon exported to marine ecosystems are mangrove-derived (Hutchison, J et al. 2014).

Therefore, through **fertilizing the sea** mangroves serve as breeding and feeding grounds to support near-shore and off-shore fisheries and marine lives.

Shelter from predators: The structural complexity of the mangrove ecosystem provides shelter from predators. Stilt roots, prop roots, flying buttresses, pneumatophores reduce prey visibility and create obstacles to access of large predators. Moreover, shade of the mangrove canopy and turbid water, make harder for predators to detect the preys. Thus the process reduces predation pressure on juvenile fish and prawns, increasing the number that survive and can be recruited into the fishery resources. The intricate root system of the mangroves supports higher numbers of fish near to mangrove than in clear habitats.

Mangroves as nursery grounds: Mangroves support fisheries by providing a "nursery ground" where juvenile and larvae get proper nursing and can grow to a size where they are less prone to predation and therefore have higher survival. Species that use mangroves as nursery grounds often move out of the mangrove as adults, perhaps to coral reefs, other offshore habitats or even freshwater rivers.

As the mangroves are highly productive and provide abundant food and shelter; and thus the system facilitate high growth of the larvae, juveniles and as well as the adults.

Mangroves as Coastal Defense

The role of coastal mangroves in protecting coasts against natural hazards such as storms, tsunamis, cyclones, tidal surges, waves and coastal erosion has been widely recognized.

Mangroves for coastal risk reduction: Wind and swelling of waves are rapidly reduced as they pass through mangroves and thus lessening wave damage during storms.

Mangroves as Buffer and Bio-shield: Mangrove forests act as a buffer against wave energy. Structures of trees enable to withstand wave impacts and help to reduce damage from wave storms. Mangroves act as bio-shield and can defense the costal property and livelihood and make the coastal area more climates resilient.

3.2 Increase plantation productivity: Productivity is the foundation of sustainable plantation forestry. Even when forest systems are designed to provide environmental services, the productivity and ecological processes including carbon sequestration, mineral cycling, hydrology and biodiversity are inseparably interconnected. However, the growing stock of Bangladesh forests is low (48 m3ha-1) in comparison to that of South and Southeast Asia (99 m3ha-1) and the world (131 m3 ha-1) average values (FRA 2010). In order to increase and sustain the productivity of forest plantations, quality seed sources and implementation of silvicultural treatments must need for large scale plantations (Hossain 2015). Intensive management practices can increase productivity of forest plantations and a specific plantation management technique is needed for the plantation programs of the country. The present productivity of some fast-growing species, e.g. Akashmoni (12 m3ha-1yr-1 at a rotation of 10 years), Eucalyptus (19 m3ha-1yr-1) is not constant for different sites of the country. An erratic and disappointing productivity of the species remain concern for large scale plantations.

3.3 From where should seed be collected for plantations? Tree seed, a key input that determines the success of any tree planting activity, is often in short supply in Bangladesh. As a result, foresters use whatever seed is available regardless of its quality. Seed quality (physical, physiological and genetic quality) has a direct impact on tree growth and the success of tree planting activities. Individual trees or stands from where seed is collected are called seed sources. Comparisons of the characteristics and seed quality of the four major types of recommended seed sources are shown in Table 5.

Table 5. Characteristics of different seed sources for a successful plantation program

Characters	Seed sources				
	Seed orchards	***Seed production areas***	***Seed stands***	***Seed trees***	***Unselected seed sources***
Planting purpose	Seed production	Not for seed production	Not for seed production	Not for seed production	Not for seed production
Seed origin	Identified	Identified or Unidentified	Unidentified	Unidentified	Unidentified
Quality of mother trees	Selected and tested trees	Selected stands, thinned, untested	Selected stands, un(thinned), untested	Selected trees from unselected stands	Unselected trees from unselected stands
Seed quality	**Very good**	Good	Fairly good	Intermediate	**Poor**
Level of management	Very intensive	Intensive	Intermediate	Some	None

In order to maintain genetic diversity, seed should be collected from a large number of trees- **at least 30 trees**. Unfortunately, in Bangladesh most of the seeds are collected from unselected seed sources which are responsi-

ble for the poor growth of the plantations. There is no seed certification and quality control process of the seed origin and consequently some plantations raised from unselected seed sources resulted with poor and disappointing productivity.

4. Sustainable Plantation Forests in Bangladesh

In Bangladesh, plantation program is increasing day by day and the exotic species are getting preferences over the indigenous ones in some degraded forest areas. With deforestation, many degraded sites are available for plantation in Bangladesh, though very little is known about how to manage such sites economically. Productive plantations on previously deforested or non-forested sites may offer important options for conservation of natural forests and arresting the further deforestation activities. Another option of mixed species plantations of both the indigenous and exotics may also be able to contribute as an effective mechanism for sustainable resource management. Pressures on remaining natural forests can be reduced through increasing productivity of plantation forests, but emphasis must focus on existing plantations, and new plantations on degraded or denuded land, agroforestry and community forestry programs rather than on the existing natural forests.

The wastelands and denuded hillocks adjacent to human habitation which are either covered with sungrass or overgrazed by leaving the sites with a thin vegetation cover and of very little water retention capacity may be reforested with pioneer colonizing tree species. Considering the demand of the people, artificial plantation programs may support but the major questions still concern is the correct choice of species for the site -whether mixed or in pure stands and the interactions of species and site, especially where exotic species are used.

4.1 Single species plantations: Mono-plantations (single species) have been a common form of large scale plantation development in Bangladesh. They can produce high levels of output on a sustainable basis provided they continue to receive intensive management inputs. To achieve these, carefully select the species with respect to suitability for the site, preferring native species wherever possible, and aim must be to produce a forest that can produce a versatile range of timber and other products. From planting to harvest, consistently regulate the spacing (stem density and pattern) of the plantation toward set goals. Need to evaluate the use of new information technologies and simulation models to increase management flexibility in high investment enterprises.

4.2 Multi-species mixed plantations: In addition to the single species plantations, multi-species mixed plantations must given priority. Before mixing consideration have to given for phenological (leaf-flush, leaf fall, fruiting), physio-ecological (water and nutrient consumption) and architectural (crown shape and size, root spread and depth) compatibility of tree species. Consider the possibility of creating a combination of a mixed and successional forest by establishing the following generation by under-planting the present crop with another suitable species or species mix, e.g. mixture of species in the main canopy, a mixed or single species understorey; single-species main canopy over single or multiple species understorey. Need to explore the possibility of enhancing growth and health by symbiotic interrelationships such as by introducing nitrogen-fixing or other effective nutrient-scavenging tree species in the stand (Dutta and Hossain 2017).

4.3 Silvi-horticulture-agriculture: Multi-species criteria and guidelines also apply to Silvi-horticulture-agriculture crop types and the agroforestry systems. These include fallow vegetation, horticulture crops, single tree growing on pasture, hedge-rows, border-line tree rows, village/para gardens, road-side trees, and so on. Recent development of fruit orchards in CHT by converting the forest/jhum lands needs rigorous assessment of the suitability and feasibility of the horticultural species.

4.4 Plantations Managed through Coppices: Plantations manage through coppice is the alternative of repeated plantations with some coppicing ability species, e.g. sal, ipil-ipil, gamar, sil koroi etc. Plantations manage through coppice shoots can reduce the costs and increase the productivity with a reduced rotation period.

4.5 Available land for future plantations: Bangladesh has an immense scope of popularizing social forestry programs in different land components. In total about 4.65 million ha of land is available for some sorts of social forestry programs, which may be about 31% of the country's total land surface (Ali and Morshed 2011). Considering the size of Bangladesh and her forest area, the potential land available for social forestry production systems is quite significant. But, the expansion of forest plantations throughout CHT is often in conflict with the local community and tribal peoples, as well as the Bengali settlers. Social, political, tenurial and institutional constraints need to be removed for the development of both the barren forest and USF lands for plantations as soon as possible. If all the available land is brought under social forestry production systems then 465,000 ha of land would be available for planting annually under the social forestry production system of 10 years rotation. The area will produce 46.5 million m3 of timber and firewood annually (at the moderate rate of 10 m3 ha-1 yr-1 production). Moreover, the system will provide food, income and employment opportunities for the farmers and participants of the programs through the alleviation of poverty.

4.6 Plantation forestry whether sustainable or not in Bangladesh? It is widely accepted that forest resources should be managed to meet the economic, ecological and cultural needs of present and future generations. Therefore, plantation forest management must respond to environmental, social and economic issues. These forests can provide important economic and ecological value and can relieve the threat to the remaining natural forests. However, if not managed responsibly, they can incur significant environmental and social costs. Although plantation yields are often much higher than those of natural forests, concerns remain that successive rotations may show a decline in productivity. Plantation forests in hill, sal and strips are dominated by few species, e.g. Acacia auriculiformis, Tectona grandis, Eucalyptus camaldulensis which narrowed down the genetic base of the forests. Multispecies plantations with different rotations may not leave the site barren and improve the site and ecological conditions. A judicious mixture of native tree species (at least 10-20%) must be incorporated even in the social forestry plantations. Mono-plantations of some exotics may provide some short term produces to us, but long run that may become a disastrous to the plantation forestry program of the country.

5. Conclusion

In Bangladesh, tree plantation has now become a social movement and the Government of Bangladesh started the tree planting movement with an aim to accelerate tree plantation activities throughout the country (Hossain 2016). The aim of the program is to create awareness about environment and nature conservation, to highlight the role of trees in environmental preservation and also to disseminate information on the importance of tree resources. However, there is an increasing concern among foresters, ecologists, botanists, conservationists and policy makers about the threat of uncontrolled introduction of exotic tree species in the plantation programs of the country. Invasion of exotics may cause major loss of biodiversity and species extinction either due to direct replacement or indirect effects on the ecosystem. There are also risks of the decline of growth and yield in second and successive rotations, or the infestation of pests and diseases, e.g. Psyllid in Leucaena leucocephalla, shoot borer in Swietenia and leaf defoliator in Tectona grandis.

The natural forests of Bangladesh are under severe pressure for meeting her growing demands for timber, fuel, fodder and non-timber forest products from an ever increasing human population. The annual estimated demand of round logs in the country is 15.3 million m3 and supply is 8.3 million m3 (Ahmed and Akhtaruzzaman 2011). There is a gap of 7.0 million m3 between demand and supply and the gap is increasing with time. Though the homestead and social forestry programs provide some local needs of timber, pole, post and firewood, but long run demand must address the native tree species along with the restoration of the degraded natural forests. Successful sustainable forest plantations require species well matched with sites, improvement of genetic stock, control of weeds and climbers, and silvicultural treatments, e.g. pruning, thinning etc. that enhance tree quality and stand growth. In such way, future demand for wood can increasingly be met from forest plantations and also helping to alleviate pressure on remaining natural forests. If we are not able to address the objectives of plantation forests judiciously, sustainable forestry plantations may remain a myth in Bangladesh rather than the realities!

References

Ahmed, F.U. and Akhtaruzzaman, A.F.M. 2010. Agricultural Research Priority: Vision 2030 and beyond sub-sector: Forestry. Bangladesh Forest Research Institute and Bangladesh Agricultural Research Council (BARC), Farmgate, Dhaka, Bangladesh.

Ali, M.Y. and Morshed, H.M. 2011. Towards a new forest policy in Bangladesh. In: Proceedings First Bangladesh Forestry Congress 2011, pp. 360-378.

Altrell, D., Saket, M., Lyckeback, L., Piazza, M., Ahmad, I.U., Banik, H,, Hossain, M.A.A. and Chowdhury, R.M.2007. National Forest and Tree Resources Assessment 2007. Bangladesh Forest Department, Ministry of Environment and Forest; Bangladesh Space Research and Remote Sensing Organization, Ministry of Defence, Food and Agriculture Organization of the United Nations. pp. 192.

Anonymous. 2015. Forest Department Information Booklet. 26 pp.

Carle, J. and Holmgren, P. 2008. Wood from planted forests: a global outlook 2005-2030. Forest Products Journal, 58(12):6-18.

Dutta, S. and Hossain, M.K. 2017. Effects of mixed plantation on growth and biomass yield of two common plantation trees of Bangladesh. Journal of Forest and Environmental Science, 33(1): 22-32.

Evans, J. 1992. Plantation Forestry in Tropics, 2nd ed., Clarendon press, Oxford. 403pp.

FAO. 2015. Global Forest Resources Assessment 2015: Country Report – Bangladesh. Food and Agriculture Organization of the United Nations, Rome, Italy.

Harwood, C.E. and Nambiar, E.K.S. 2014. Sustainable plantation forestry in South- East Asia. ACIAR Technical Reports No. 84. Australian Centre for International Agricultural Research: Canberra. 100 pp.

Hossain, M.K. 2015. Silviculture of Plantation Trees of Bangladesh, Arannayk Foundation. Dhaka, Bangladesh. pp. 361. ISBN: 978-984-33-9767-6.

Hossain, M.K. 2016. Plantation Forestry: Paradigm to meet the demand of the forestry resources in Bangladesh. In: T.K. Nath and Patrick O'Reily (eds.), Monoculture Farming- Global Practices, Ecological Impact and Benefits/Drawbacks, Nova publishers, New York, pp. 57-74.

Hossain, M.K. and Hoque, A.T.M.R. 2013. Eucalyptus Dilemma in Bangladesh. Institute of Forestry and Environmental Sciences, University of Chittagong. ISBN: 978-984-33-8056-2, 148 p.

Hughes, C.E. 1994. Risks of species introductions in tropical forestry. Comm. For. Rev., 73(4):243-252.

Kanowski, P.J. and Savill, P.S. 1992. Forest plantations: towards sustainable practice. Chapter 6, In: C. Sargent and S. Bass (eds.), Plantation Politics: Forest Plantations in Development. Earthscan, London. pp.121-151.

Khan, N.A., Choudhury, J.K., Huda, K.S. and Mondal, M.I. 2004. An overview of Social Forestry in Bangladesh. Forestry Sector Project, Bangladesh Forest Department, pp. 198.

Kroger, M. 2012. Global tree plantation expansion: a review. ICAS Review Paper Series No. 3.

বৃক্ষরোপণঃ ভাবনায় বাংলার বুনো ফল

ড. মোহাম্মদ জসীম উদ্দিন

বাংলাদেশের ভৌগলিক অবস্থান এবং ভূ-প্রাকৃতিক বৈচিত্র্য এর কারণে এখানকার উদ্ভিদ জগতেও নানা ধরনের বৈচিত্র্য দেখা যায়। এক সময় সত্তর দশকের শেষের দিকে প্রয়াত প্রফেসর ড. মো: সালার খান অনুমান করেছিলেন বাংলাদেশে ৫,০০০ প্রজাতির পুষ্পক উদ্ভিদ থাকতে পারে। সম্প্রতি বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি ফ্লোরা প্রকল্পের মাধ্যমে ৩,৬১১টি পুষ্পক উদ্ভিদের তথ্য ভাণ্ডার প্রস্তুত করেছে। এর মধ্যে অনেকগুলো বুনো ফল থাকতে পারে যেগুলো ভক্ষণযোগ্য হতে পারে। বুনো ফল বলতে বুঝি যে সকল ফল উৎপন্ন হওয়ার জন্য কোন ধরনের যত্ন প্রয়োজন হয় না এবং এরা বন্য অবস্থায় জন্মে থাকে। তথ্য অনুসন্ধান থেকে দেখা যায় যে, বাংলাদেশে এখন পর্যন্ত ১৫০ প্রজাতির বুনো ফল খাওয়ার যোগ্য হিসেবে প্রমাণিত হয়েছে। এর মধ্যে অনেক গুরুত্বপূর্ণ কিছু ফলের নাম এখানে আমরা উল্লেখ করছি যেমন- বুনো আম, বুনো কলা, দেশী গাব, ডেফল, পানিয়ালা, লটকন, লতা আম, চালতা, কাউ ফল, জাম, আমলকি, হরিতকি, বহেরা, আমড়া, জলপাই, কেওড়া, চাপালিশ, উদাল, বাসকেট বাদাম, মাইলাম, সইল্লা, গোলফল, কাজুবাদাম, বেল, বৈচি, জগডুমুর, বন কাকরোল, বন বরই, বেতফল, গিলাফল, শাপলা, মাখনা, পানি কলা, সিংগারা, চুক্কাফল, তেঁতুল, ডেওয়া, ভেলা, পিছলাফল ইত্যাদি। উপরোক্ত বুনো ফলগুলোর স্বাদ, বর্ণ, গন্ধ এবং আকার-আকৃতিতে অনেক বৈচিত্র্য লক্ষ্য করা যায়। এরা বাংলার বুনো ফল। প্রকৃতিতে এদের গুরুত্ব অপরিসীম।

বুনো ফলগুলো বাংলাদেশের বিভিন্ন বনাঞ্চলে জন্মে থাকে। তবে সবচেয়ে বেশী পাওয়া যায় প্রাকৃতিক বনাঞ্চলে যেমন- চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, হবিগঞ্জ, মৌলভীবাজার এবং সিলেট জেলার বনাঞ্চল সমূহে। উক্ত বনাঞ্চলের প্রধান বুনো ফলগুলো হচ্ছে লটকন, ডেফল, ডেওয়া, লতা আম, চালতা, হরিতকি, বহেরা, আমলকি, জলপাই, আমড়া, তেঁতুল, বিভিন্ন প্রকারের কালজাম, চাপালিশ, কাউফল, পানিয়ালা, আচারগুলা, ছাগলনাদি, উদাল ইত্যাদি। পত্রঝরা বনাঞ্চল যেমন- ভাওয়াল, মধুপুর, গজনী সহ উত্তর বঙ্গের ছড়িয়ে থাকা জঙ্গল সমূহে কিছু কিছু বুনো ফল জন্মে থাকে যেমন- আমলকি, হরিতকি, বহেরা, বন বরই, মনকাঁটা, পানিয়ালা, ভুতিজাম, কালজাম ইত্যাদি। সুন্দরবনও কয়েকটি বুনো ফলের বাসস্থান যেমন- কেওড়া, সইল্লা এবং গোলফল। তবে আমাদের দেশের জলাশয়ে কিছু বুনো ফল জন্মে থাকে যেমন- পানিকলা, মাখনা, সিংরা, পদ্ম ও শাপলা। এছাড়া মানুষের বাড়ি-ঘরের আঙ্গিনা ও পতিত জমিতে কিছু বুনো ফল পাওয়া যায় যেমন বেল, বৈচি, কদবেল, ডেওয়া, ছাগলনাদি, লটকন, দেশী গাব, আমড়া, জলপাই, তেঁতুল, বরই, খেজুর, তাল, বিচি কলা ইত্যাদি।

বুনো ফলের অর্থনৈতিক ও পরিবেশগত গুরুত্ব অনেক বেশী। অনেক ধরনের বন্য প্রাণী ও পাখির প্রধান খাদ্য হচ্ছে বুনো ফল। এই সকল প্রাণীরা ফল খেয়ে বীজ বিস্তারে সহায়তা করে। মানুষের বেঁচে থাকার জন্য নানা ধরনের পুষ্টি উপাদান দরকার হয়। এই ক্ষেত্রে বুনো ফল গুলো পুষ্টি ও ভিটামিন যোগাতে বিশাল ভূমিকা পালন করে যেমন- ভিটামিন, ক্যালসিয়াম, পটাসিয়াম, আয়রন, জিঙ্ক, কোবাল্ট, ম্যাঙ্গানিজ, ফাইবার ইত্যাদি। এদের অভাবে মানব দেহে নানা ধরনের সমস্যা দেখা দিতে পারে।অনেক বুনো ফল মানুষ খাদ্য হিসেবে ব্যবহার করে। প্রাথমিক স্বাস্থ্য সেবায় বুনো ফল ভূমিকা পালন করে যেমন- ত্রিফলা-হরিতকি, আমলকি, বহেরা। কিছু মানুষ তাদের জীবিকার অংশ হিসেবে বুনো ফল সংগ্রহ করে বাজারে বিক্রি করে নগদ অর্থ উপার্জন করে। বিভিন্ন মৌসুমে পাওয়া বুনো ফলগুলো ঐ মৌসুমে সৃষ্ট মানুষের অনেক রোগ-জীবাণুর প্রতিষেধক হিসেবে কাজ করতে পারে। খাদ্য নিরাপত্তায় ও বুনোফল গুলো ভূমিকা রাখতে পারে বলে মনে করেন খাদ্য বিজ্ঞানীরা।

Photo by Dr. Mohammad Zashim Uddin

অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

বর্তমানে বুনো ফলগুলো প্রকৃতিতে ভাল অবস্থায় নেই। মানুষের নানা ধরনের কর্মকাণ্ডে এদের সংখ্যা দিন দিন কমে যাচ্ছে। পূর্বে বন ব্যবস্থা ছিল টিম্বার নির্ভর। তার অর্থ হচ্ছে যে সকল উদ্ভিদ ভাল কাঠ দিবে সেইগুলো বন বিভাগ ম্যানেজ করত। অন্য বৃক্ষগুলো বাজে বৃক্ষ বলে উ-ক্লাস বৃক্ষ হিসেবে কোন ধরনের পরিচর্যা পায়নি। এছাড়াও বাংলাদেশ বনজশিল্প কর্পোরেশন (BFIDC) নামক একটি প্রতিষ্ঠান বনবিভাগের জায়গা ব্যবহার করে বনজ শিল্প কারখানার জন্য উপযুক্ত টিম্বার চাষ করত। ফলে উক্ত বনাঞ্চলে বুনো ফল প্রজাতিগুলো গুরুত্ব পায়নি। এভাবে পর্যায়ক্রমে অনেক বুনো ফল প্রজাতির পপুলেশন সংখ্যা কমে গেছে। বিদেশী দ্রুত বর্ধনশীল টিম্বার প্রজাতি রোপনের কারণে অনেক দেশী বুনো ফল কমে যাচ্ছে। বুনো ফল সংগ্রহে কোন নিয়ন্ত্রণ না থাকাতে এর সংখ্যা কমে যাচ্ছে। বিদেশী ফল দিয়ে বাজার দখল হওয়াতে বুনো ফলের গুরুত্ব কমে যাচ্ছে। বুনো ফল ব্যবহারে লোকাল জ্ঞান হারিয়ে যাওয়াতে এর পরিমাণও কমে যাচ্ছে। বিশ্বায়ন ও আর্থ-সামাজিক পরিবর্তনের প্রভাবও বুনো ফলের প্রজাতির সংখ্যা কমাতে সাহায্য করে। অধিক জনসংখ্যা এবং সামাজিক দ্বন্দ্ব বুনো ফল কমাতে সাহায্য করছে। সর্বোপরি জলবায়ু পরিবর্তন ও আধুনিক কৃষি প্রযুক্তির কারণে জলজ বুনো ফলগুলো হারিয়ে যাচ্ছে।

বুনো ফল প্রজাতি ও তাদের পপুলেশন রক্ষার জন্য বিভিন্ন ধরনের কৌশল নেয়া যেতে পারে। নিম্নে কয়েকটি কৌশল উপস্থাপন করা হলো-

(১) প্রথমে আমাদের দেশে কি পরিমাণ বুনো ফলের প্রজাতি আছে তা সনাক্ত করে একটি তালিকা তৈরী করতে হবে।

(২) উক্ত সকল প্রজাতির অধীনে তাদের পপুলেশন সংখ্যা নির্ণয় করতে হবে।

(৩) GIS ডাটার উপর ভিত্তি করে এদের ডিস্ট্রিবিউশন মানচিত্র তৈরী করতে হবে।

(৪) এর মধ্যে যে সকল প্রজাতির পপুলেশন সংখ্যা কম তাদের সংখ্যা বাড়ানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৫) প্রয়োজনে অগ্রাধিকার (ঢ়ৎরড়ৎরঃু) প্রজাতি নির্ণয় করে সংখ্যা বাড়াতে হবে।

(৬) মূল বাসস্থানে কোন প্রজাতির অস্তিত্ব বিলীন হওয়ার সম্ভাবনা থাকলে বাসস্থানের বাইরে এনে সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে।

(৭) সরকারের বৃক্ষ রোপণ কর্মসূচিতে বুনো ফলও থাকতে পারে।

(৮) প্রয়োজনে প্রত্যেক জেলায় নার্সারী ও হর্টিকালচারাল গার্ডেন তৈরী করা যেতে পারে।

(৯) বুনো ফল সংরক্ষণে সকল প্রকার মিডিয়া গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

(১০) ফ্রাইডে বা স্যাটারডে স্কুলিং এর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মাঝে বুনো ফলের গুরুত্ব শেখানো যেতে পারে।

(১১) এ জন্য প্রথমে শহরের পার্ক গুলোতে বুনো ফল এর একটি কর্ণার থাকতে পারে এবং পর্যায়ক্রমে সারা দেশে এ ধরনের কার্যক্রম ছড়িয়ে দেওয়া যেতে পারে|

সাঙ্গু নদীর উজানে

অধ্যাপক মনিরুল এইচ খান



সাঙ্গু নদীর উজানে

মনিরুল খান

১৯৫৭ সালের কথা। চট্টগ্রামের এক কাঠ ব্যবসায়ী এবং শৌখিন শিকারি সাঙ্গু নদী ধরে উজানে গিয়েছিলেন বান্দরবানের খুবই দুর্গম মদক (মধু) এলাকায়। আমার জানা মতে, তার আগে সমতলের অধিবাসী কেউ এ জায়গায় যাননি। উজানের পুরো এলাকা সাঙ্গু মাতামুহুরী রিজার্ভ ফরেস্টের অন্তর্ভুক্ত। যিনি ওখানে গিয়েছিলেন তার উদ্দেশ্য ছিল ঐ এলাকায় গাছের মজুদ কেমন আছে এবং কীভাবে সেগুলো আহরণ করা যেতে পারে সে সম্বন্ধে খোঁজখবর নিতে আর সেই সঙ্গে কিছু পশুপাখি শিকার করতে। চট্টগ্রামের এই প্রৌঢ় ভদ্রলোক আজ যুক্তরাষ্ট্র প্রবাসী। তবে সৌভাগ্যক্রমে আমার সঙ্গে দেখা হয়েছিল বেশ কয়েক বছর আগে। তার নাম এনায়েত মাওলা। তার লেখা 'যখন শিকারি ছিলাম' নামক গ্রন্থ থেকে জানা যায় চট্টগ্রামের দোহাজারী থেকে দশ-বারোদিন চলার পর তিনি ও তার দল পৌঁছান মদক এলাকায়। চলার পথে অনেক বিরল অভিজ্ঞতা অর্জন করেন তিনি।

এনায়েত মাওলা যে সময় মদক গিয়েছিলেন সে সময় বান্দরবান পর্যন্ত যাওয়ার কোনও সড়কপথ ছিল না। বান্দরবানে অল্প কিছু বাঙালি বসতি থাকলেও বান্দরবান ছাড়ার পরে আর কোনও বাঙালি বসতি ছিল না। ঐ পথে সর্বশেষ ইপিআর (ইস্ট পাকিস্তান রাইফেলস) ক্যাম্প ছিল থানচিতে (ধানচি)। থানচি পেরুনোর পর আদিবাসী গ্রামগুলোও হাতেগোনা কয়েকটা। রোমাঞ্চকর এই অভিযানে তিনি শিকার করেছেন বুনোহাতি ও সাম্বার হরিণসহ আরও অনেক পশুপাখি। মদক পৌঁছানোর আগে (সম্ভবত বর্তমানে 'আদা কারবারীপাড়া' এলাকায়) এই অভিযাত্রী দল নদীর ধারে পাহাড়ের ওপর তাকিয়ে হতবাক হয়ে যায়। স্থানীয় ম্রো (মুরং) আদিবাসীর খুব ছোট একটা গ্রাম। তবে সবার ঘর গাছের উপর। ছেলে বুড়ো সবাই রাতে থাকে গাছের ওপর তৈরি করা ঘরগুলোতে। পরে তারা জানতে পারেন একটা পাগলা হাতির অত্যাচারে অতিষ্ঠ হয়ে এরা গাছে বসবাস শুরু করতে বাধ্য হয়েছে। গ্রামবাসীর অনুরোধে এনায়েত মাওলা ওই পাগলা হাতিটি শিকার করেছিলেন। আর হাতি শিকার করতে গিয়ে বাস আর গয়ালের (বুনো গরু) পায়ের ছাপ দেখেছেন। উল্লেখ্য, বাঘ আর গয়াল আজকাল আর ওই এলাকায় দেখা যায় না।

প্রাণী বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার ।



এনায়েত মাওলার রোমাঞ্চকর অভিযানের কাহিনী শুনে মনস্থির করলাম সাঙ্গু নদীর উজানে যাব। আজকাল আর দোহাজারী থেকে নৌকায় রওনা হতে হয় না। সুদূর থানচি পর্যন্ত যাওয়া যায় পাহাড়ি সড়ক পথে। এরপর নদীতে পানি থাকলে পাহাড়ি নদীতে চলার উপযুক্ত সরু ও লম্বা বিশেষ এক প্রকার ডিঙ্গি নৌকায় (অনেক ক্ষেত্রেই এসব নৌকা একটি গাছ খুঁড়ে তৈরি হয় তাই কোনও জোড়া থাকে না) মদক ছাড়িয়ে আরও উজানে সাঙ্গু নদীর উৎপত্তিস্থলে চলে যাওয়া যায়। তবে প্রধান সমস্যা হচ্ছে নিরাপত্তাহীনতা। এলাকাটি মিয়ানমার (বার্মা) সীমান্তের কাছাকাছি হওয়ায় এখানে ঘাঁটি গেড়েছে মিয়ানমারের কিছু সশস্ত্র সন্ত্রাসী দল। তাই যৌক্তিক কারণেই বাংলাদেশ সেনাবাহিনী ও সীমান্তরক্ষী বাহিনী ওই এলাকা ভ্রমণে নিরুৎসাহিত করে।

২০০৫ সালের অক্টোবর মাসে আমি আর আমার দুই ছাত্র জাহাঙ্গীর আলম ও স্যামিউল মোহসেনিন রওনা হলাম এনায়েত মাওলার পথ ধরে, তবে আটচল্লিশ বছর পরে। আমাদের উদ্দেশ্য ভিন্ন। আমরা যাচ্ছি ওই এলাকার বন্যপ্রাণী আর তাদের প্রাকৃতিক আবাসস্থলের অবস্থা জানতে। তাই অস্ত্রের বদলে আমাদের সঙ্গে আছে বাইনোকুলার আর ক্যামেরা। সেই সঙ্গে রাতে ঘুমোনোর ব্যবস্থা, শুকনো খাবার, ওষুধ ও অন্য টুকিটাকি জিনিসপত্র তো আছেই। পথে বান্দরবান শহর থেকে আমাদের সঙ্গে যোগ দিলো গাইড মংখিয়া মারমা।

বান্দরবান থেকে চান্দের গাড়িতে (পুরনো জিপ) চেপে দীর্ঘ পাহাড়ি আঁকাবাঁকা পথ পাড়ি দিয়ে পৌঁছলাম থানচি। এনায়েত মাওলা যেখানে মাত্র তিন-চারটি দোকান আর বাঁশের বেড়ার তৈরি ইপিআর ক্যাম্প দেখেছিলেন সেখানে এখন বিশাল এক বাজার। নদীর ওপারে বিশাল বিডিআর ক্যাম্প। উপজেলা সদর হওয়ার সুবাদে ছোটখাটো কিছু সরকারি অফিস-আদালতও আছে।

থানচিতে কোনওমতে রাতটা কাটিয়ে পরদিন কাকডাকা ভোরে আমরা রওনা হয়ে গেলাম একটা সরু নৌকা নিয়ে। থানচির পরে আর কোনও বাঙালি গ্রাম নেই তবে তিন্দু, রেম্যাক্রি ও বড় মদকে বিডিআর ক্যাম্প আছে। কিছুদূর যেতেই টের পেলাম আমাদের নৌকা ভ্রমণ মোটেও সমতল এলাকার নৌকা ভ্রমণের মতো নয়। উজানে গিয়ে নদী সরু ও খরস্রোতা হয়ে গেছে। কয়েকটা জায়গায় বিশাল বিশাল পাথর পড়ে আছে নদীর ওপর। তাই বারবার আমাদের নৌকা থেকে নেমে নদীর ধার দিয়ে হাঁটতে হচ্ছিল। যে সব জায়গায় স্রোত খুব বেশি সেখানে সবাই নৌকা থেকে নামার পর মাঝি দুজন মোটা দড়ি দিয়ে নৌকা টেনে আনছিল।

তিন্দু পাড়ি দিতে দিতে বিকেল হয়ে এল। তিন্দু ছাড়ার আধঘণ্টা পর চোখে ধরা দিলো এক অসম্ভব সুন্দর দৃশ্য। এমন দৃশ্য বাংলাদেশে আর দ্বিতীয়টি নেই। আমাদের বাঁ পাশে নদীর পূর্ব পাড় বরাবর ঠিক দেয়ালের মতো খাড়া উঠে গেছে অনেক উঁচু পাথুরে এক পাহাড়। পাহাড়ের পাদদেশ বরাবর সবুজ বনানী। খাড়া পাহাড়ের মাঝেও সুবিধামতো জায়গায় গজিয়ে উঠেছে ঝোপ-জঙ্গল। খোঁজ নিয়ে জানতে পারলাম এই খাড়া পাহাড়ে বনছাগল পাওয়া যায়। তা পাওয়া যাওয়ারই কথা। এমন খাড়া পাহাড় বনছাগলের আদর্শ জায়গা। এছাড়া নিচের দিককার বনে আছে উল্লুক। এরা মানুষের নিকটজাতি। তাই মানুষের মতোই এদের কোনও লেজ নেই। তবে বৃক্ষচারী বলে এদের হাত অনেক লম্বা। হাত দিয়ে ঝুলে ঝুলে এরা এ ডাল থেকে সে ডালে ঘুরে ঘুরে ফল ও কাচি পাতা খেয়ে বেড়ায়। বানর, মায়া হরিণ আর শূকর তো আছেই। দূর থেকে বেশ কয়েকটা মায়া হরিণের কর্কশ ডাক ভেসে আসছিল।

পাথুরে পাহাড় পাড়ি হয়ে সন্ধ্যা নাগাদ আমরা পৌঁছলাম রেম্যাক্রি নামের আদিবাসী গ্রামে। রাতের বেলা গ্রামপ্রধান আমাদের আপ্যায়নের জন্য বন থেকে ফাঁদ দিয়ে ধরা একটা মথুরা (মোরগ জাতীয় পাখি) নিয়ে এলেন। তবে আমরা গ্রামপ্রধানকে বিনয়ের সঙ্গে জানালাম আমরা বনের পাখি বাঁচিয়ে রাখতে চাই, তাই সকালবেলা পাখিটা ছেড়ে দিলেই খুশি হব।

পরদিন খুব ভোরে আমরা রওনা হলাম বড় মদকের উদ্দেশে। পথে পড়ল আদা কারবারীপাড়া ও ছোট মদকসহ আরও কয়েকটা ছোট গ্রাম। এনায়েত মাওলার কাহিনী থেকে আমার ধারণা তিনি যেখানে ম্রোদের গাছের ওপর ঘর দেখেছিলেন সেটি বর্তমানের আদা কারবারীপাড়া। এটি একটি ছোট ও সুন্দর ম্রো পাড়া। পাহাড়ের ঢালের মধ্যে বাঁশের তৈরি সুন্দর সুন্দর ঘর। কিছু কমলার গাছ আছে এদিক- সেদিক। এই গ্রামের আশপাশের পাহাড়ি জমিতে প্রচুর আদা চাষ হয়, তাই গ্রামপ্রধান বা কারবারীর খেতাব হয়েছে 'আদা কারবারী' আর গ্রামের নাম 'আদা কারবারীপাড়া।' গ্রামপ্রধান লম্বা ও ছিপছিপে গড়নের মাঝবয়সী মানুষ। তার দুই স্ত্রী, একজন ম্রো আরেকজন মারমা সম্প্রদায়ের। আমাদের গাইডকে দোভাষী হিসাবে ব্যবহার করে গ্রামপ্রধানের কাছ থেকে জানতে পারলাম গ্রামটি বেশ পুরনো হলেও বিভিন্ন রোগ-ব্যাধি ছড়ানোর পরিপ্রেক্ষিতে রীতি অনুযায়ী বেশ কয়েকবার গ্রামের অবস্থান পরিবর্তিত হয়েছে। গাছের ওপর ঘর তৈরির কোনও স্মৃতি তার মনে পড়ে না।

বড় মদক পৌঁছাতে পৌঁছাতে সন্ধ্যা হয়ে এল। এনায়েত মাওলার সময়ে সীমান্তরক্ষীদের

সর্বশেষ ক্যাম্প ছিল থানচিতে, আর এখন সর্বশেষ ক্যাম্প বড় মদকে। আর গ্রামটি এখন আর মোটেও ছোট নেই। বড় মদক পর্যন্ত এসে অনেকটা হতাশ হলাম, কারণ এনায়েত মাওলার কাহিনী শুনে মনের পর্দায় এই এলাকার যে ছবি এঁকেছিলাম সেটি ছিল গহিন অরণ্যঘেরা পাহাড়শ্রেণী। কিন্তু বাস্তবে তেমন গহিন অরণ্য পথে কোথাও পড়েনি। অবশ্য ছিটেফোঁটা যা আছে তার মধ্যেও টিকে আছে অনেক বন্য পশুপাখি। তবে হতাশার সঙ্গে কিছুটা আশার সঞ্চার হলো এই জেনে যে, বড় মদক থেকে সাঙ্গু নদীর উজানে আরও দুই-আড়াই দিন গেলে পড়বে মিয়ানমার সীমান্তবর্তী লিক্রি পাহাড়। পুরো লিক্রি পাহাড় গভীর অরণ্যে আবৃত। অনেক বন্যপ্রাণীও আছে সেখানে। ওখানেই পাহাড়ি সাঙ্গু নদীর উৎপত্তি। পাহাড়ের অপর (পশ্চিম) ঢালে অপর পাহাড়ি নদী মাতামুহুরীর উৎপত্তি। যেহেতু বড় মদকেই শেষ বিডিআর ক্যাম্প, লিক্রি যেতে হলে বড় ধরনের ঝুঁকি নিয়ে যেতে হবে। গভীর অরণ্য থাকার নিশ্চিত খবর জেনে তা না দেখে ফিরে যেতে মন সায় দিচ্ছিল না। সিদ্ধান্ত নিলাম, এগিয়ে যাব। শুধু তাই নয়, লিক্রি গিয়ে পাহাড় পাড়ি দিয়ে পশ্চিম ঢালে মাতামুহুরী নদীর উৎপত্তিস্থলে গিয়ে পৌঁছাব। এরপর মাতামুহুরী নদী ধরে ভাটির দিকে আলীকদম গিয়ে পৌঁছাব, আর আলীকদম থেকে সড়ক পথে ফিরে যাব ঢাকায়। তবে পরিকল্পনা যত সহজে করলাম কাজটা যে মোটেও তত সহজ হবে না সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কারণ লিক্রি বাংলাদেশের দুর্গমতম এলাকাই শুধু নয়, এটি দেশের সবচেয়ে অজানা এলাকাও। বান্দরবান শহর থেকে যেখানে যেতে ছয় দিন সময় লাগে সে জায়গা সম্বন্ধে কেউ তেমন কিছু জানবে না এটাই স্বাভাবিক। এছাড়া লিক্রি পাহাড় পাড়ি দিতে হবে গহিন বনের ভেতর দিয়ে। ওখানে জনমানব নেই বললেই চলে, তাই রাস্তাঘাটের বালাই নেই।

বড় মদকে অনেক খোঁজখবর করে উপযুক্ত একজন গাইড পেলাম। জন্মগতভাবে তিনি মিয়ানমারের নাগরিক, তবে বিয়ে করেছেন বড় মদকে। মিয়ানমারে হরহামেশা যাতায়াত আছে তার। আর বাংলাদেশের সীমানায় ঘাঁটি গেড়ে থাকা মিয়ানমারের সশস্ত্র দলগুলোর সঙ্গেও তার কিছুটা জানাশোনা আছে। ভৌগোলিক, ভাষাগত, সংস্কৃতিগত ও ধর্মীয় সামঞ্জস্যতার কারণে এই এলাকার মানুষের যোগাযোগ বাংলাদেশের চেয়ে বরং মিয়ানমারের সঙ্গেই বেশি। এরা কেউ এক বর্ণ বাংলা বোঝে না। রেডিওতে এরা মিয়ানমারের অনুষ্ঠান শোনে।

বড় মদক থেকে কিছু রসদ নিয়ে পরদিন ভোরবেলা আমরা রওনা হলাম। দুপুর নাগাদ মুরাওয়া (বাঙালিদের দেওয়া নাম আন্ধারমানিক) নামক একটা জায়গায় পৌঁছে প্রাণ জুড়িয়ে গেল। মনে হলো ঝুঁকি নিয়ে এগিয়ে এসে বুদ্ধিমানের কাজ করেছি। নদীর দুই ধারের পাহাড় জুড়ে চমৎকার চিরসবুজ বন। উঁচু উঁচু ট্রি-ফার্ন ও লাগানো বাঁশসহ আরও অনেক জানা-অজানা উদ্ভিদের সমাহার আদিম যুগের হারানো অরণ্যের কথা মনে করিয়ে দিল। এক জায়গায় নদীর ধারে দেখি ঝোপের মধ্যে পেঁচিয়ে আছে সবুজ রঙের এক বিষধর সাপ (হোয়াইট লিপড পিট ভাইপার)। এর থেকে কিছু এগিয়ে যেতেই নৌকার ওপর তাকিয়ে আঁতকে উঠলাম। গাছের ডালে পেঁচিয়ে আছে দুর্লভ গোলবাহার অজগর (রেটিকুলেটেড পাইথন)। উল্লেখ্য, বাংলাদেশে দুই প্রজাতির অজগর পাওয়া যায়। এর মধ্যে বেশি দুর্লভ হচ্ছে এই গোলবাহার অজগর। অজগরের পেটটা ফুলে আছে। হয়তো কিছুক্ষণ আগেই সে শিকার ধরে খেয়েছে।

অজগর ছাড়িয়ে কিছু সামনেই নেরেশা ঝিরি। এখানে দুই পাহাড়ের মাঝ বরাবর বিশাল এক ফাটলের মতো জায়গা। দিনের বেলা বাদুড়ের চমৎকার আশ্রয়স্থল এটি। ফাটলের নিচের দিকে গভীর পানি। কৌতূহলবশত অনেক কষ্টে নৌকা নিয়ে ফাটলের ভেতর কিছুদূর ঢুকলাম। অন্ধকার স্যাঁতসেঁতে জায়গা। এক কথায় ভূতুড়ে পরিবেশ। আমাদের শব্দ পেয়ে কয়েকটা বাদুড় উড়ে গেল। ভেতর থেকে পানি পড়ার শব্দ আসছে। শব্দ অনুসরণ করে কিছুটা এগিয়ে গিয়ে দেখি একটা ঝরনা। ঝরনা দেখে আমরা বাইরে বেরিয়ে এলাম। বাইরে এসে একটা দৃশ্য দেখে মন খুব খারাপ হয়ে গেল। দুজন আদিবাসী লোক নদীর ধার দিয়ে যাচ্ছে। তাদের হাতে ধরা গোলবাহার অজগরটি মস্তকবিহীন অবস্থায় তখনও নড়াচড়া করছে। গাইডের মাধ্যমে জানতে পারলাম ওরা বাড়ি নিয়ে সাপটা মজা করে খাবে। এভাবেই দুর্লভ এক সাপের জীবনাবসান হলো।

নেরেশা ঝিরির মুখে নদীর ধারে একটা পাথুরে জায়গা দেখে আমরা দুপুরের খাবার খেতে বসলাম। স্থানীয় গাইডকে বলা ছিল ভোরবেলা রওনা হওয়ার আগে কিছু খাবার রান্না করে সঙ্গে আনতে যাতে দুপুরে সবাই খেতে পারি। গাইড তার ঝোলা থেকে কলার পাতায় মোড়ানো কয়েকটা পুঁটলি বের করল। পুঁটলি খোলার পরে খাবারের মেন্যু দেখে তো আমরা হতবাক! দীর্ঘদিন বন পাহাড়ে ঘোরাঘুরির সুবাদে ব্যাঙ, শামুক, কাঁকড়া, বাঁশ ও বনের লতাগুল্মসহ অনেক অদ্ভুত খাবার খেয়েছি, তবে আজকের খাবার তার চেয়েও অদ্ভুত। এক পুঁটলি থেকে বের হলো ভাত আর সেদ্ধ কিছু কুমড়ার পাতা, আর অপর পুঁটলি থেকে বড় বড় উড়চুঙ্গা পোকার (মোল ক্রিকেট) ভাজি। পাহাড়ে আমিষের চাহিদা মেটাতে হলে পাহাড়িদের মতোই চলতে হবে। তাই আমরা সাহস করে পোকা আর সেদ্ধ পাতা দিয়ে ভাত খেতে শুরু করলাম। খেয়ে দেখলাম পোকা ভাজি মন্দ নয়– মচমচে, অনেকটা ছোট চিংড়ির মতো।

বন এলাকা ছাড়ার পর আবার আগের মতোই ঝোপঝাড়ে আচ্ছাদিত পাহাড়। এখানে আকাশের দিকে তাকিয়ে হঠাৎ করেই দুর্লভ এক পাখি (সিলভার ব্যাক্ড নিডলটেইল) উড়তে দেখলাম। পথে যেসব জায়গায় মিয়ানমারের সশস্ত্র গ্রুপের আস্তানা আছে তার আগেই আমাদের স্থানীয় গাইড (যাকে বড় মদক থেকে নেওয়া হয়েছে; নাম গোপন রাখা হচ্ছে) আমাদের রেখে এগিয়ে যায় আগাম যোগাযোগ করতে। আমরা ক্লিয়ারেন্স পেয়ে তাকে অনুসরণ করি। এভাবে চলতে চলতে শেষ বিকেলে মুরংগং নামের ছোট্ট একটা গ্রামে পৌঁছাই। নামেই শুধু গ্রাম– মাত্র পাঁচ-ছয়টা ঘর। প্রতি ঘরেই এক-দুজন ম্যালেরিয়া জ্বরে ভুগছে। আমাদের সঙ্গে আনা ম্যালেরিয়ার ওষুধ প্রায় পুরোটাই এ গ্রামে বিতরণ করা হলো।

পরদিন খুব ভোরে আমাদের যাত্রা শুরু হলো। এবার গন্তব্য লিক্রি পাহাড়ের পাদদেশে অবস্থিত চন্দইপাড়া। সাঙ্গু নদীর উজানে এটিই বাংলাদেশের সর্বশেষ গ্রাম। পরবর্তী গ্রাম

মিয়ানমারের সীমানায়। আমরা যতই উজানে এগুচ্ছি নদী ততই সরু হয়ে শেষ পর্যন্ত নালার মতো হয়ে গেছে। শাখা-প্রশাখাও বিস্তার করেছে। এ নদীর একক কোনও উৎস নেই। মূলত লিক্রি পাহাড়ের পানি স্থানে স্থানে ঝরনাধারায় নেমে এসে নদী সৃষ্টি করেছে। এমনই অনেক ঝরনাধারার রিমঝিম শব্দ শুনতে শুনতে বিকেল নাগাদ চন্দ্রইপাড়া পৌঁছে গেলাম। ঠিক যেন শিল্পীর তুলিতে আঁকা ছবির মতো চমৎকার একটা গ্রাম। গ্রামে অল্প কিছু মানুষের বসতি। এরা ম্রো নৃগোষ্ঠীর মানুষ। পুরুষ-মহিলা উভয়ই সাজতে খুব পছন্দ করে। মহিলারা অলঙ্কার এবং সেই সঙ্গে ফুল দিয়ে সেজে থাকে। পুরুষরাও কম যায় না। তারা কানে, মাথায় ফুল গুঁজে রাখে। উভয়ই কায়দা করে একটা চিরুনি গুঁজে রাখে চুলের মধ্যে। এছাড়া পুরুষরা সাদা পাগড়ি খুব পছন্দ করে।

গ্রামপ্রধানের ঘরে রাতের খাবার খেয়ে তাড়াতাড়ি শুয়ে পড়লাম। পরদিন দীর্ঘ এগারো ঘণ্টা পাহাড়ি পথে হেঁটে লিক্রি পাহাড় পাড়ি দিতে হবে। আগেভাগে শুয়ে পড়লেও ঘুম আসছে না। পাহাড়িদের ঘর তৈরি হয় বাঁশের মাচার ওপর, তাই নিচ থেকে ঝিরঝির করে বাতাস এসে লাগছে গায়ে। বাইরে একটা পাহাড়ি পেঁচা (মাউন্টেইন স্কপস আওল), সেই সন্ধ্যা থেকে ডেকে চলেছে। নিজের ঘরের কথা মনে পড়ল। অনেকদিন পরিবার-পরিজনের কোনও খবর জানি না।

চন্দ্রইপাড়ার মানুষ এখনও প্রকৃত ম্রো জীবন যাপনে অভ্যস্ত। জুম চাষের পাশাপাশি এরা বনের পশুপাখি শিকার করে থাকে। তবে জনসংখ্যা কম হওয়ায় এবং আগ্নেয়াস্ত্রের ব্যবহার না থাকায় এদের শিকার আশপাশের বন্যপ্রাণীর সংখ্যায় তেমন বড় ধরনের প্রভাব ফেলে না। শিকার করা পাখির ঠোঁট এবং স্তন্যপায়ী প্রাণীর শিং, দাঁত এরা ঘরের বেড়ায় গুঁজে রাখে। এমন গুঁজে রাখা অংশগুলোর মধ্যে পেয়েছি রাজ ধনেশ ও পাকড়া ধনেশের ঠোঁট, বনছাগলের শিং, মায়া হরিণ ও সাম্বার হরিণের শিং এবং বানর, শূকর ও গুইসাপের মাথার খুলি। এরা ফাঁদ দিয়ে ধনেশ পাখি ধরে। ফাঁদে টোপ হিসাবে বিশেষ যে ফল ব্যবহার করা হয় তা দেখলে নাকি ধনেশ রীতিমতো পাগল হয়ে যায়। এছাড়া বনে শিকার খুঁজে বের করতে পোষা কুকুর ব্যবহার করে। গ্রামপ্রধান আর তার ছেলের সঙ্গে আলাপ করে জানতে পেরেছি পার্শ্ববর্তী লিক্রি এলাকার গহিন বনে বাঘ, চিতাবাঘ, ভালুকসহ অনেক বন্যপ্রাণী এখনও টিকে আছে। মাঝেমধ্যে দুই-একটা গয়ালেরও দেখা মেলে। আগের বছর একটা বাঘ আর একটা কালো চিতাবাঘের (সাধারণ চিতাবাঘেরই বিশেষ রূপ যা প্যান্থার নামে পরিচিত) মুখোমুখি হয়েছিলেন গ্রামপ্রধান নিজেই। বনের এমনই নানা দুর্লভ পশুপাখির কথা ভাবতে ভাবতে কখন ঘুমিয়ে পড়েছি মনে নেই।

পরদিন ভোরের আলো ফোটার আগেই আমরা রওনা হয়ে গেলাম। পুরো যাত্রাপথের আজকের দিনের অংশটুকু সবচেয়ে চ্যালেঞ্জিং ও কষ্টকর। কারণ যে পথে আমরা যাচ্ছি সে পথে স্থানীয় আদিবাসী ছাড়া মাত্র একটি অভিযাত্রী দল। ইতিপূর্বে গিয়েছে। বৈমানিক ও প্রকৃতিবিদ এনাম তালুকদারের নেতৃত্বে তিন

সদস্যের একটি দল আগের বছর সর্বপ্রথম এ পথে যায়। তাদের কাছ থেকে যা শুনেছি সে অনুযায়ী লিক্রি পাহাড়ের পূর্বদিকের পাদদেশ থেকে পাহাড় পাড়ি দিয়ে পশ্চিম দিকের পাদদেশে পৌঁছতে এগারো ঘণ্টা সময় লাগে। আমরা ধীরে ধীরে যতই পাহাড়ের ওপরে উঠছি বন-জঙ্গল ততই গভীর থেকে গভীরতর হচ্ছে। আমাদের পথের দু-পাশে জানা-অজানা অনেক গাছপালা। কয়েকটা চাম্পক গাছ দেখলাম অবিশ্বাস্য রকমের বিশাল এবং উঁচু। এক জায়গায় দেখি পথের ওপর অদ্ভুত কয়েকটা ফুল পড়ে আছে। এমন ফুল আমি আগে কখনও দেখিনি। এটি কোনও অনাবিষ্কৃত উদ্ভিদের ফুল হলেও অবাক হওয়ার কিছু নেই। কারণ এই অঞ্চল জীববৈচিত্র্যে অত্যন্ত সমৃদ্ধ হওয়া সত্ত্বেও এযাবৎ কোনও জরিপ পরিচালিত হয়নি। উল্লেখ্য, এই জায়গা পৃথিবীর মধ্যে সবচেয়ে জীববৈচিত্র্য সমৃদ্ধ অঞ্চলগুলোর একটির মধ্যে পড়েছে, যার নাম 'ইন্দো-বার্মা বায়োডাইভার্সিটি হটস্পট'। যাই হোক, যে ফুলের কথা বলছি সেটি সাদা রঙের বেশ বড় একটা ফুল। এর অদ্ভুত বৈশিষ্ট্যটি হলো ফুলের গোড়ার দিকে যে অংশটি সরু নলের মতো থাকে এই ফুলের সে অংশ অনেক লম্বা (আট ইঞ্চি)।

লিক্রি পাহাড়টি সমুদ্র সমতল থেকে প্রায় ৫০০ মিটার উঁচু। আমরা পাহাড়ের ওপর পৌঁছতে পৌঁছতে সকাল হয়ে গেল। পাহাড়ের ওপর থেকে পূর্বে মিয়ানমার সীমান্তের দিকে তাকিয়ে প্রাণটা জুড়িয়ে গেল। মানুষের হাতে ক্ষতিগ্রস্ত না হলে বুনো প্রকৃতির রূপ যে কতটা অপরূপ হতে পারে তাই দেখছি চোখের সামনে। আমার সামনে ছোট-বড় পাহাড়ের সারি চলে গেছে সীমান্তের দিকে। পাহাড়গুলো ঢেকে আছে পান্নার মতো চকচকে সবুজ গাছপালায়। পাশের উপত্যকায় যে প্রকাণ্ড গাছগুলো আছে সেগুলো আমরা দেখছি ওপর থেকে। তাই গাছের মাথাগুলো দেখাচ্ছে প্রকাণ্ড ফুলকপির মতো। এমন সৌন্দর্যকে আরও বাড়িয়ে দিলো দুর্লভ এক রাজ ধনেশ। প্রকাণ্ড গাছগুলোর মাথা ছুঁয়ে ছুঁয়ে উড়ে যাচ্ছে সে। শেষে গিয়ে বসল এমনই এক গাছের মাথায়। জীবনে প্রথম রাজ ধনেশ দেখার আনন্দে আমরা তখন আত্মহারা! লিক্রি পাহাড়ের অপর ঢালে হঠাৎ শুনতে পেলাম রাজ ধনেশের 'উয়াং-উয়াং' ডাক। সে ডাক শুনে জোঁকের কামড় উপেক্ষা করে ঝোপ-জঙ্গল ভেঙে যখন কাছে গিয়েছি তখন পাখায় শমশম শব্দ তুলে উড়ে গেল সে।

লিক্রি পাহাড় থেকে নেমে আসার পথে ম্রো আদিবাসীদের ছোট একটা গ্রাম পড়ল। সেখানে আমাদের মধ্যাহ্নবিরতি। এমন প্রত্যন্ত এলাকার অন্যান্য ম্রো অথবা খুমিদের মতোই এদের জীবনযাত্রা ও বেশভূষায় এখনও আধুনিকতার ছোঁয়া লাগেনি।

গ্রাম থেকে রওনা হওয়ার পর শুরু হলো বৃষ্টি। পাহাড়ি পথ (শুধু নামেই পথ, প্রকৃতপক্ষে কোনওমতে হেঁটে যাওয়ার মতো) এমনিতেই ঝুঁকিপূর্ণ আর তার ওপর বৃষ্টি শুরু হয়ে আমাদের যাত্রা খুবই বিপজ্জনক করে তুলল। সন্ধ্যার আগেই আমাদের মাতামুহুরী নদীর উৎসমুখে অবস্থিত হেডম্যানপাড়ায় পৌঁছতে হবে। তাই দেরি করার কোনও উপায় ছিল না। ক্যামেরার ব্যাগটি পলিথিন দিয়ে ভালোভাবে মুড়ে হাতে একটা বাঁশের লাঠি নিয়ে নামতে থাকলাম পাহাড়ের ঢাল বেয়ে। নিচে খাদের দিকে চোখ গেলেই ভয়ে বুক কেঁপে ওঠে। পা পিছলে পড়ে গেলে প্রাণ নিয়ে ফেরার সম্ভাবনা নেই বললেই চলে। পাহাড় থেকে নামতে

নামতে শেষ বিকেলের দিকে একটা ঝিরি বা ঝরনার দেখা পেলাম যার নাম চিন্দু ঝিরি। এই ঝিরির মতো আরও অনেক ঝিরি মিলেই মাতামুহুরী নদীর উৎপত্তি। বুঝতে পারলাম নদী আর বেশি দূরে নেই। কিছুদূর যেতেই নদীর দেখা পেলাম। নদীর ওপারে ছোট একটা টিলার ওপর হেডম্যানপাড়া দেখা যাচ্ছে। সাগর পাড়ি দেওয়া জাহাজের যাত্রীরা দিগন্ত বিস্তৃত সাগরে একটা দ্বীপ দেখে যেমন উদ্বেলিত হয়ে ওঠে হেডম্যানপাড়া দেখে আমাদের অবস্থা তখন তেমনই।

হেডম্যানপাড়ায় যাওয়ার আগেই মাতামুহুরী নদীর স্ফটিক স্বচ্ছ পানিতে গোসল করে নিলাম। এখানে পানির গভীরতা খুব কম, বড়জোর দুই ফুট হবে। তাই গোসল করতে হলো নদীর পাথুরে তলদেশে দুই হাত রেখে অনেকটা বুকডন দেওয়ার মতো করে। হেডম্যানপাড়ার সবাই খুব অতিথিপরায়ণ। আমাদের আগমন উপলক্ষে বেশ বড় একটা মোরগ আর জুমের চালের সুস্বাদু আঠালো ভাত রান্না হলো রাতে।

পরদিন ভোরবেলা আমাদের পদযাত্রা শুরু হলো মাতামুহুরী নদী ধরে ভাটির দিকে। এদিকটায় পানির গভীরতা কম বলে নৌকা চলে না। প্রায় ঘন্টা তিনেক নদীর ধার দিয়ে এবং অগভীরে পানির মধ্যদিয়ে হেঁটে মাতামুহুরীর সবচেয়ে উজানে অবস্থিত আর্মি ক্যাম্প পোয়ামুহুরী পৌঁছাই। এখানে আমাদের স্থানীয় গাইডকে বিদায় জানালাম। ক্যাম্পের পাশেই ছোট একটা বাজার; এখানে বাঙালিদের বেশ আনাগোনা। এখান থেকে আলীকদম পর্যন্ত নৌকা চলে তবে দুই দিনের পথ। এদিকের নৌকার মাঝি সবাই বাঙালি, আর নৌকার গঠনেও সাঙ্গুর ওদিকের চেয়ে বিস্তর পার্থক্য। নদীর দুই তীরে বন-জঙ্গল তেমন একটা নেই, তাই পশু-পাখি বিশেষ কিছু দেখছি না। তবে নদীর ধার দিয়ে ভিন্ন ভিন্ন আদিবাসী গোষ্ঠীর বেশ আনাগোনা। এরা ঝুড়ি ভরে কমলা, লেবু ও আরও অনেক ফল-ফসল নিয়ে নদীর ধারে আসে বাঙালি ব্যবসায়ীদের কাছে বিক্রি করতে।

নদীর দুই তীরের দৃশ্য দেখতে দেখতে চলে এলাম পরবর্তী আর্মি ক্যাম্প কুরুকপাতা। এখানে এসে পড়লাম এক ফ্যাসাদে। সাঙ্গু নদী ধরে উজানে যাওয়ার আগে আমরা বিডিআরের আঞ্চলিক সদর দফতরে দেখা করে গিয়েছিলাম। ওখান থেকে বড় মদক পর্যন্ত সব ক্যাম্পে আমাদের আগমনের খবর জানা ছিল। বড় মদক ক্যাম্প ছেড়ে আসার আগে ওখানে অনুরোধ করে এসেছিলাম যাতে মাতামুহুরীর দিকে ওয়্যারলেসের মাধ্যমে আমাদের যাওয়ার খবর জানায়। কিন্তু কোনও ভুলের কারণে পোয়ামুহুরী ক্যাম্পে খবর পৌঁছালেও কুরুকপাতায় সে খবর পৌঁছেনি। সমস্যা আরও জটিল হলো, কারণ যে পথে আমাদের যেতে হবে সে পথে আর্মিদের একটি দল অপারেশনে গিয়ে সশস্ত্র সন্ত্রাসী দলের মুখোমুখি হয়েছে এবং প্রচুর গোলাগুলি হচ্ছে। অগত্যা ক্যাম্পের দায়িত্বপ্রাপ্ত ক্যাপ্টেন সাহেবের অনুরোধে যাত্রাবিরতি করতে হলো। তবে অনেকটা সময় নষ্ট হলেও লাভ যে কিছু হলো না তা নয়।

পরদিন ভোরবেলা কুরুকপাতা ক্যাম্পের পাশের একটা পাহাড়ে উল্লুকের ডাক শুনতে পেলাম। এখানে যে উল্লুক আছে তা কল্পনা করিনি, কারণ উল্লুক থাকার মতো উঁচু গাছপালা তেমন একটা নেই। পাহাড়ের পশ্চিমে নদীর ধারে বড় একটা শুকনো গাছে দেখলাম বাইশটি বিরল ধূমকল কবুতর (বিশটি মাউন্টেইন ইম্পিরিয়াল পিজিয়ন ও দুইটি গ্রিন ইম্পিরিয়াল পিজিয়ন)। একসঙ্গে এতগুলো ধূমকল কবুতর দেখা ভাগ্যের ব্যাপার।

সকালবেলা নাশতা সারতে সারতে আমাদের যাত্রাপথের পরিস্থিতি স্বাভাবিক হয়ে এল এবং সাঙ্গু নদী ধরে আমাদের প্রবেশের খবর আঞ্চলিক বিডিআর ক্যাম্প নিশ্চিত করল। আমরা নৌকা নিয়ে যাত্রা শুরু করলাম। পথে অনেক দীর্ঘ বাঁশের চালি ভেসে যেতে দেখলাম। পাহাড় থেকে কেটে আনা এসব বাঁশ চলে যাবে দেশের সর্বত্র। পথে বেশকিছু পাখিও (রিভার ল্যাপউইং পাইড বুশচ্যাট, শামুকখোল, ইত্যাদি) দেখলাম, তবে খুব বিরল কিছু নয়। নদীর দুই ধারের দৃশ্য দেখতে দেখতে বিকাল নাগাদ আলীকদম পৌঁছে গেলাম। সামনে ঈদ, তাই দেরি না করে ঢাকার উদ্দেশে রওনা হয়ে গেলাম। সঙ্গে নিয়ে গেলাম প্রতিটি দিনের সব ঘটনার স্মৃতি এবং বেশকিছু দুর্লভ বন্যপ্রাণী দেখার অভিজ্ঞতা। বাংলাদেশের অনেক দুর্গম এলাকায় অনেকবার গিয়েছি, কিন্তু কোনও এলাকা এত স্মৃতিময় হয়নি।

সাঙ্গু নদীর উজানে একবার গিয়ে সাধ মেটার নয়। গত ২০০৮ সালের অক্টোবর মাসে বন্ধুদের সঙ্গে আবার রওনা হলাম একই পথ ধরে। বড় মদক ক্যাম্প ছাড়িয়ে উজানে মুরাওয়া নামক স্থানে যেখানে ২০০৫ সালে নদীর দুই তীরে চমৎকার সুন্দরবন দেখেছিলাম– সেখানে এখনও চমৎকার বন আছে। তবে এমন দুর্গম এলাকা থেকেও বড় বড় গাছ কেটে বাঁশের চালির সঙ্গে বেঁধে সাঙ্গু নদীতে ভাসিয়ে বান্দরবান পাঠানো হয়। অনেক হাত বদল হয়ে সেই কাঠ আসে ঢাকায়। ঢাকার মানুষ হয়তো কোনওদিন জানতে পারবে না তাদের কাঠের চাহিদা মেটাতে গিয়ে চমৎকার কোনও প্রাকৃতিক বন হারিয়ে যাচ্ছে।

মুরাওয়ার উজানে আর যেতে সাহস করলাম না। ওই এলাকায় মিয়ানমারের সন্ত্রাসী দলগুলোর দৌরাত্ম্য এত বেড়ে গেছে যে, স্থানীয় আদিবাসীদেরও বিডিআরের পক্ষ থেকে সরিয়ে আনা হয়েছে। সন্ত্রাসীরা আদিবাসীদের নিষিদ্ধ পপি চাষ করতে বাধ্য করে। শিল্পীর তুলিতে আঁকা ছবির মতো সুন্দর সেই চন্দ্রইপাড়াসহ চারটি সীমান্তবর্তী গ্রাম তুলে এনে মুরাওয়ার ঠিক আগে বসানো হয়েছে। ফেরত রওনা হওয়ার আগে এই নতুন গুচ্ছগ্রামে আমরা রাতে রইলাম। পাশের ঘরে কয়েকজন আদিবাসী বাঁশের তৈরি অদ্ভুত বাঁশি বাজাচ্ছে। জ্যোৎস্না রাতে কেমন যেন করুণ এক সুর ছড়িয়ে পড়ছে চারদিকে। যে সুর হারিয়ে যাচ্ছে আঁধারে। আর তেমন করেই অন্য এক আঁধারে হারিয়ে যাচ্ছে বন-পাহাড়ের বন্যপ্রাণী আর সহজ-সরল আদিবাসীদের শত বছরের লালিত সংস্কৃতি। গুচ্ছগ্রাম থেকে ঢাকা ফেরার তিন সপ্তাহ পর খবর পেলাম বিডিআর সদস্যদের সহযোগিতা করার অভিযোগে মিয়ানমারের সন্ত্রাসীরা রাতের আঁধারে গ্রাম ঘেরাও করে চন্দ্রইপাড়ার গ্রামপ্রধানসহ আরও একজনকে খুন করেছে। ■

লেখক : বন্যপ্রাণী গবেষক ও সহকারী অধ্যাপক
প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

Protected Areas and Ecotourism in Bangladesh

Prof. Dr. Mohammed Jashimuddin

Introduction

Protected area is a clearly defined geographical space, recognised, dedicated and managed, through legal or other effective means, to achieve the long term conservation of nature with associated ecosystem services and cultural values (Dudley, 2008). According to the Bangladesh Wildlife (Conservation and Security) Act 2012, "protected area" means all sanctuaries, national parks, community conservation areas, safari parks, eco-parks, botanical gardens notified under the provisions of sections 13, 17, 18 and 19 under Chapter IV and special biodiversity conservation area established under the provisions of section 22 under Chapter V and traditional heritage and kunjaban declared under section 23 under Chapter V.

Protected areas play an important role in tourism by offering visitors places for outdoor recreation, education and learning, and solace, spiritualism, healing and renewal. Important benefits derived from protected areas are conservation of biodiversity and ecology, source of fresh water & food security, medicines & genetics, help in poverty reduction, regulate climate change, traditional life styles, strengthen social capital & solidarity, act as natural barriers, and provision of recreational and spiritual opportunities. Adopting responsible tourism approach protected areas can satisfy visitors, encourage contribution for conservation, increase biodiversity & ecosystem health, support greater owner ship & accountability, and empower local community.

In general protected areas have been set up for different reasons; do exist in wilderness areas and in long-settled landscapes; are present in forests, savannahs, grasslands, mountains, deserts, wetlands, ice caps, lakes and at sea; vary greatly in size; have been given many different names at the national level; are based on national legislation or international agreements of many kinds; came about through various types of governmental and other initiatives; are owned by different interests; are run by different kinds of organizations; are the cornerstones of virtually all national and international conservation strategies, set aside to maintain functioning natural ecosystems, to act as refuges for species and to maintain ecological processes that cannot survive in most intensely managed landscapes and seascapes; act as benchmarks against which we understand human interactions with the natural world; often the only hope we have of stopping many threatened or endemic species from becoming extinct; exist in natural or near-natural ecosystems, or are being restored to such a state, although there are exceptions; many contain major features of earth history and earth processes while others document the subtle interplay between human activity and nature in cultural landscapes.

Protected area based ecotourism is now the most interesting topic to the nature lover and policy maker throughout the world because of its linkage with economic benefits, protected area management and biodiversity conservation (Rahman et al., 2013). Bangladesh is a country filled with natural wonders and untouched reserves and home to a variety of unique and magnificent creatures. With hills, valleys, forests, beaches, lakes and rivers, ecotourism in Bangladesh is ideal. Although this is still a relatively new form of tourism in Bangladesh, ecotourism is on the rise and extensive efforts are being made to promote it in the country (Tuhin & Majumder, 2011).

History of Protected Areas

Protected areas are cultural artifacts and their story is entwined with that of human civilization. Over 2,000 years ago, some areas were set aside by royal decree in India for the protection of natural resources. In Europe, hunting grounds were protected for the rich and powerful for a thousand years. The idea of protection of special places is universal. It occurs among the traditions of communities in the Pacific ("tapu" areas) and in parts of Africa (sacred groves), for example. In 1810, English Poet, William Wordsworth wrote of his vision of The Lake District as "a sort of national property". In 1832, the American poet, explorer and artist, George Catlin, pointed to the need for "…a nation's park, containing man and beast, in all the wild and freshness of their nature's beauty". In 1864, the US Congress gave a small part of the present Yosemite National Park to the State

Institute of Forestry and Environmental Sciences, University of Chittagong, Chittagong 4331, Bangladesh, E-mail: mjashimuddin2001@yahoo.co.uk

of California for - "public use, resort and recreation". In 1866, the British Colony of New South Wales in Australia took the first steps in creation of the modern Blue Mountains National Park. Several forest reserves were set up in South Africa in the last years of the nineteenth century. In 1872, the first true national park came with the dedication of Yellowstone by United States law "as a public park or pleasuring ground for the benefit and enjoyment of the people". In 1879, Royal National Park was created in Sydney. In 1885, Canada gave protection to hot springs in the Bow Valley of the Rocky Mountains, part of which became the Banff National Park. In 1887, a Maori Chief offered the Crown 2,400 ha of the sacred summits of Tongariro, Ngauruhoe and Ruapehu which became in time part of Tongariro National Park in New Zealand.

Legal Context of Protected Areas in Bangladesh

The provision for the conservation and security of biodiversity, forest and wildlife has been included in Article 18A of the Constitution of the People's Republic of Bangladesh. The Bangladesh government very recently enacted Wildlife (Conservation and Security) Act, 2012 as an Act to provide for the conservation and security of biodiversity, forest and wildlife of Bangladesh by repealing the Act in force for the protection and management of wildlife of the country. Basically, this Act has repealed the Bangladesh Wildlife (Preservation) (Amendment) Act, 1974. The Wildlife (Conservation and Security) Act, 2012 is used to declare PAs of different categories by official gazette under different section namely, wildlife sanctuary (WS) under section 13, national parks (NP) under section 17, community conservation area (CCA) under section 18, eco-park, safari park and botanical garden under section 19, special biodiversity conservation area under section 22, and traditional heritage and Kunjaban under section 23. Environmental Conservation Act 1995 (With subsequent amendments) is used to declare ECAs under section 5. The government also promulgated Environmental Conservation Rules 1997 and Environment Court Act 2000 (Amended in 2002) to safeguard environmental conservation in the country. Bangladesh is a signatory to some international conventions which have bearing on protected areas, such as, Convention on International Trade in Endangered Species of Wild Fauna and Flora (CITES), Convention Concerning the Protection of the World Cultural and Natural Heritage, International Plant Protection Convention, Convention on Wetlands of International Importance especially as Waterfowl Habitat (Ramsar Convention) and Convention on Biological Diversity (CBD).

Protected areas in Bangladesh

Bangladesh has declared its first national park as Himchari National Park in Cox's Bazar back in 1980. So far there are 38 protected areas declared by the government that includes 17 national parks , 20 wildlife sanctuaries, and covers 10.72% of the total forest areas in Bangladesh, and 1 swatch of no ground marine protected area (Figure 1). There are some other protected areas declared and managed by BFD including 8 Eco-parks, 2 safari parks and 2 botanical gardens in Bangladesh that conserve important biodiversity of the country. All of the above protected areas are declared under The Wildlife (Conservation and Security) Act 2012. In spite of these protected areas there are also 8 ecologically critical areas (ECA) declared under section 5 of Environmental Conservation Act 1995. There are also 3 UNESCO world heritage sites (Sixty Doom Mosque in Bagerhat, Ruins of Buddist Vihara at Paharpur in Naogaon and the Sundarbans in Bagerhat, Khulna and Satkhira), 2 Ramsar sites (Tanguar haor in Sunamganj and the Sundarbans in Bagerhat, Khulna and Satkhira) and numerous community conservation areas like, village common forests, village groves and sacred forests. A number of community conservation areas are also spread over different parts of the country that includes village common forests, sacred groves and village groves like, Pochamaria village bamboo grove in Rajshahi.



Figure 1: Map showing distribution of Protected Areas in Bangladesh

Tourism Attractions in Bangladesh

Water erosion is the most widespread form of degradation affecting 25% of agricultural land of Bangladesh. Soil erosion reduces the general productivity of the terrestrial ecosystems. Soil erosion increases water runoff due to decreasing of water infiltration and the water-storage capacity of the soil. In addition, during the erosion process organic matter and essential plant nutrients are removed from the soil and soil depth is reduced. Research found that one ton of fertile topsoil averages 1 to 6 kg of nitrogen, 1 to 3 kg of phosphorus, and 2 to 30 kg of potassium, whereas the topsoil on the eroded land has an average nitrogen content of only 0.1 to 0.5 kg per ton. Erosion substantially reduces soil depth. If soil depth is reduced from 30 cm for deep soils to even less than 1 cm for thin soil then plant root space can be minimized and the plants could be stunted. Soil erosion accelerates river bed siltation which needs huge expenditure. An official statement of Water Resources Ministry reveals that an estimated cost of TK 9,56,834 crore will be required for conducting the dredging works of 2100 kilometers of 24 major rivers across country over the next 15 years aiming to increase and maintain their navigability.

Two simple empirical models used for soil erosion evaluation

Many different erosion and sediment/nutrient transport models are used. Among those the Universal Soil Loss Equation (USLE) model is used in tropical countries. The model has undergone much research followed by modifications such as RUSLE (Revised Universal Soil Loss Equation and MUSLE (Modified Universal Soil Loss Equation) as described in Table 3.

Table 3: RUSLE and MUSLE Equation

The Equation for RUSLE Model:	The Equation for MUSLE Model*:
A=R*K*LS*C*P Where, A – Annual soil loss, in tons ha^{-1} $year^{-1}$ R – Rainfall erosivity factor K – Soil erodibility factor LS – Topographic factor (Zhang et al. 2013)(Zhang et al. 2013) C – Cover management factor P – Support practice facto	$Y= (Q \times Q_p)^{0.56} \times K \times LS \times C \times P \times 11.8$ Where, Y - sediment yield to the stream network in metric tons, Q - runoff volume Q_p - peak flow rate in m^3 s^{-1} K - soil erodibility factor LS - slope length and gradient factor C - over management factor and can be derived from land cover data P - erosion control practice factor which is a field specific value

*To estimate sediment yield by MUSLE model, it is required to calculate runoff, peak flow rate, soil erodibility factor, length and slope factor, vegetation cover factor and management practice factor.

Significance of Soil Erosion Evaluation

Comprehensive study on soil erosion evaluation for Bangladesh watershed scale had not yet been done except some few erosion assessments conducted in Chittagong hill tracts.

Mitigating Measures/ Recommendation

Based on the discussion above, following mitigating measures can be adopted:

- Comprehensive evaluation of soil erosion for all watersheds in Bangladesh
- Identification of sediment source such as degraded / uncovered sloppy areas; Construction site especially in hilly areas such as infrastructure, road, hill cut area, landslide areas, human settlements in the hills etc.
- Erosion Control technologies: Reliable and proven soil conservation technologies include ridge planting, no-rill cultivation, crop rotations, strip cropping, grass strips, mulches, living mulches, agroforestry, terracing, contour planting, cover crops, and windbreaks. Each conservation method may be used separately or in combination with other erosion controlled techniques

Conclusion

A green watershed contributes:

- Reduced runoff and thereby minimum erosion from the main river basins and sub basins
- Keep the river navigable and maintain water quality and thus save massive expenditure of dredging.
- Dense vegetation can contribute to Carbon sequestration and reduce greenhouse effect.

REFERENCE

Barua, D.K. (1990) Suspended sediment movement in the estuary of the Ganges-BrahmaputraMeghna river system. Marine Geology 91(3), 243-253.

Certini, G. 2005. Effects of Fire on Properties of Forest Soils: A Review. Oecologia 143(1): 1-10

Goodbred, S.L. and Kuehl, S.A. (1998) Floodplain processes in the Bengal Basin and the storage of Ganges–Brahmaputra river sediment: an accretion study using 137 Cs and 210 Pb geochronology. Sedimentary Geology 121(3), 239-258.

Lal, R. 1998. Soil Erosion Impact on Agronomic Productivity and Environment Quality. Critical Reviews in Plant Sciences 17(4): 319-464.

Zhang, H., Yang, Q., Li, R., Liu, Q., Moore, D., He, P., Ritsema, C.J. and Geissen, V. (2013) Extension of a GIS procedure for calculating the RUSLE equation LS factor. Computers & Geosciences 52, 177-188.

আগর প্রজাতির বনায়নে বিনিয়োগ তুলনামূলকভাবে অধিক লাভ

এম এ তাহের হোসেন

আগর বৃক্ষ প্রজাতি (Aquilaria malaccensis) উষ্ণমন্ডলীয় চিরসবুজ বনাঞ্চলের উদ্ভিদ। এ উদ্ভিদ হতে সুগন্ধি তেল "আগর" উৎপাদন হয় যার চাহিদা আন্তর্জাতিক বাজারে প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। বিশ্বব্যাপী এ সুগন্ধি তেলের চাহিদা বৃদ্ধির ফলে বর্তমানে আগর প্রজাতির বনায়ন সিলেট বিভাগের বিভিন্ন জেলার বন ভুমি থেকে ব্যক্তিমালিকানাধীন বাড়ির আঙ্গিনা পর্যন্ত সম্প্রসারিত হচ্ছে। অধিকাংশ ব্যক্তিমালিকানাধীন বাগানে ৭ থেকে ১০ বছর বয়সের বাছাইকৃত আগর বৃক্ষের মূল কান্ড কৃত্রিম পেরেক পদ্ধতি (Nailing method) প্রয়োগ করা হয়। এ পদ্ধতিতে কৃত্রিম পেরেক প্রয়োগের মাধ্যমে আগর শিল্পের কাঁচামাল সঞ্চয়নের ব্যবস্থা করা হয়। পেরেক প্রয়োগের ৫ থেকে ৮ বছর পর কাঙ্ক্ষিত মাত্রার কাঁচামাল আগর বৃক্ষে সঞ্চিত হয়। অতঃপর সুগন্ধি তেলের কাঁচামাল সংগ্রহ করার জন্য আগর বৃক্ষ কর্তন করা হয়। বাগান সৃজনের পর হতে পরিপক্ষ সময়কাল সাধারণতঃ ১৫ বৎসর বয়সে আগর প্রজাতির এ বৃক্ষ কর্তন করা হয়। বৃক্ষের এই পরিপক্ষ বয়সকে আদর্শ সময়কাল (Standard period) বিবেচনা করে অর্থনৈতিক বিশ্লেষণ সম্পাদন করা হয়। পরিপক্ষ বয়সের বৃক্ষ কর্তনের পর উক্ত ভূমিতে পরবর্তী আর্বতের (Rotation) আগর প্রজাতির চারা রোপণ অব্যাহত রাখা হয়। সে কারণে আগর বাগানে অসম বয়সের (Uneven-aged plantation) বৃক্ষরাজি বিদ্যমান । এ অসম বয়সের বাগানে এক থেকে চৌদ্দ বছরের বৃক্ষ প্রজাতি দৃশ্যমান । বৃক্ষে সঞ্চিত আগর শিল্পের কাঁচামাল বিভিন্ন ধাপে প্রক্রিয়াকরণের ফলে উপজাত (By products) দ্রব্যসহ মূল্যবান সুগন্ধি তেল "আতর" উৎপাদিত হয়।

চিত্র ১: সুজানগর ব্যক্তি মালিকানাধীন আগর বাগান (বড়লেখা, মৌলভীবাজার)

অর্থনৈতিক দৃষ্টিকোন থেকে আগর বাগান সৃজনের গুরুত্ব নিরুপণে রাবার ও আকাশমনি প্রজাতির সাথে এর তুলনা করার জন্য ২০১৫-১৬ অর্থবছরে একটি সমীক্ষা পরিচালনা করা হয়। প্রজাতিসমুহের ব্যয় খাতের পর্যলোচনায় দেখা যায় যে স্বল্প পরিমাণ ভুমিতে অধিক বিনিয়োগের সুযোগ শুধুমাত্র আগর বাগানে সম্ভব। আগর বৃক্ষ রোপণ থেকে কর্তনের সময়কাল পর্যন্ত চারা উত্তোলন ও রোপণ খাতে মোট খরচের ৩ শতাংশ ব্যয় হয় এবং অবশিষ্ট ৯৭ শতাংশ পেরেক প্রয়োগ খাতে ব্যয় হয়।

এ এলাকার আগর, রাবার ও আকাশমণি বৃক্ষের বাগানসমুহের মধ্যে পরিপক্ষ সময়কাল তথা ১৫ বৎসর বয়সের আগর বৃক্ষ থাকলেও অন্য ২ প্রজাতির উল্লেখিত বয়সের বাগান ছিলনা। সে কারণে রাবার ও আকাশমণি বৃক্ষের প্রয়োজনীয় তথ্য-উপাত্ত ভিন্ন এলাকার বাগান হতে সংগ্রহ করা হয়।

রিসার্চ অফিসার, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্রগ্রাম।

সারণী-১ আগর, রাবার ও আকাশমনি বৃক্ষপজাতির প্রতি হেক্টর বাগানের আর্থিক বিশ্লেষণ

বাগান সৃজনের বছর/বয়স	প্রজাতি সমুহ	বাগানের অবস্থান	খাত	বর্তমান মূল্যে ("০০০" টাকা/হেঃ)			আর্থিক আয় হার (%)
				বিনিয়োগ		নিট মুনাফা	
				বাগান সৃজন	পেরেক পদ্ধতি/ প্রক্রিয়া করণ*		
১৫ বৎসর	আগর	বড়লেখা	ব্যক্তি মালিকানা	২৪	৮১৭	১৬৬২	৩৬
২০০০-০১	রাবার	ফটিকছড়ি	বিএফআইডিসি	১৬	৬২	২৬	১৯
১৫ বৎসর	আকাশমনি	উপকূলীয় অঞ্চল	আনুষঙ্গিক (Secondary)	৪১	২৬৩	৭৫১	৩৫

*রাবার ও আকাশমনি বাগানের ১৫ বৎসর বয়সের বৃক্ষের কর্তন ও বাজারজাত করণ ব্যয় ধরা হয়।

উল্লেখিত প্রজাতিসমুহের বাগানে ১৫ বৎসর সময়কালে উৎপাদিত সম্পদের চলমান বাজার ব্যবস্থাপনা পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে সৃজন হতে কর্তন পর্যন্ত রাবার (১৯%) এবং আকাশমনি বাগানে (৩৫%) উৎপাদিত সম্পদের তুলনায় আর্থিক উপার্জন দক্ষতা তথা আর্থিক আয় হার (ঋজজ) আগর বাগানেই (৩৬%) বেশী । এছাড়াও চলমান বন ব্যবস্থাপনায় উৎপাদিত সম্পদের নিরিখে রাবারের তুলনায় ৬৩ গুণের অধিক এবং আকাশমনির তুলনায় ২ গুণের অধিক নিট মুনাফা আগর বাগানেই অর্জন করা সম্ভব।

আগর, রাবার ও আকাশমনি বৃক্ষ কর্তন পরবর্তি পর্যবেক্ষন করা হয়। পর্যবেক্ষণে দেখা যায় যে রাবার ও আকাশমনির তুলনায় আগর বৃক্ষ হতে আগরের কাচাঁমাল তৈরীর বিভিন্ন পর্যায়ের কার্যক্রমে দক্ষ ও অদক্ষ শ্রমিক এমনকি প্রতিবন্ধিদেরও কর্মসংস্থানের সুযোগ রয়েছে। সমাজের অবহেলিত জনগোষ্ঠি বিশেষভাবে প্রতিবন্ধিদের কর্মসংস্থান সুযোগ থাকায় এটি ১টি সম্ভাবনাময় খাত, যেখানে মজুরদের শ্রেণি ভেদে আয় উপার্জনে সমতা আনয়নেও যথেষ্ট সহায়ক হবে। যার ফলশ্রুতিতে সামাজিক কল্যাণ ও নিরাপত্তার পরিধি বৃদ্ধি পাবে।

বিনিয়োগের বেসরকারী খাত হচ্ছে অর্থনীতির প্রাণ, যার উপর ভিত্তি করে অর্থনৈতিক (এউচ) প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রার অর্জন এবং অর্থনৈতিক অবকাঠামো খাত টেকসই হয়। দেশের ব্যাংক সেক্টর থেকে বেসরকারী খাতে ঋণ প্রবাহের গতি তুলনামূলকভাবে শ্লথ থাকায় ব্যাংক তারল্যের (খরয়ঁরফ সড়হবু) পরিমাণ বৃদ্ধি পায়। সাম্প্রতিক সময়ে এ সেক্টরে পর্যাপ্ত তারল্যের কারণে সম্প্রতি ব্যাংক সুদের হারও নিম্নমূখী। সুদের হার নিম্নমূখী প্রবণতার কারণে আগর বাগানের পরিপক্ষ (৭-১০ বৎসর) বয়সের বৃক্ষে পেরেক প্রয়োগের (৯৭ শতাংশ) ব্যয় খাতে ব্যাংক বিনিয়োগের জন্য বাগান মালিকপক্ষের উদ্যোগ নেয়ার সুযোগ রয়েছে। এ খাতের বিনিয়োগে ঝুঁকির মাত্রাও কম। সুতরাং বাগান মালিক ও ব্যাংক কর্তৃপক্ষের সমন্বয়ে আগর বাগানে সর্বোচ্চ ৮ বছরের জন্য পুঁজি (ব্যাংকে বিদ্যমান অত্যধিক তারল্য) বিনিয়োগ করলে একদিকে ব্যাংকের রাজস্ব যেমন বৃদ্ধি পাবে অন্যদিকে স্ব স্ব বাগান মালিকদের আয়ের মাত্রা আরও বেড়ে যাবে। যার ফলে গ্রামীন দরিদ্র জনগোষ্ঠির কর্মসংস্থান সৃষ্টির কারণে সামাজিক সমতা, কল্যাণ ও নিরাপত্তার মাত্রা অধিক সুরক্ষিত হবে।

আগর বৃক্ষ হতে উৎপদিত চুড়ান্ত পণ্য হিসাবে সুগন্ধি তেল "আতর" শতভাগ রপ্তানীমুখী। এ রপ্তানীমূখী পণ্যের উৎপাদন উত্তরোত্তর বৃদ্ধি করে আমদানি নির্ভর এ দেশের আর্থিক বুনিয়াদকে শক্তিশালী করার জন্য বৈদেশিক মূদ্রা অর্জনের কোন বিকল্প নেই।

অতএব, কাঙ্খিত পরিমাণ বৈদেশিক মূদ্রা অর্জনের প্রয়াসে সরকারী ও বেসরকারী উদ্যোগে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে আগর প্রজাতির বাগানের উন্নয়ন, সম্প্রসারন ও যথাসময়ে প্রক্রিয়া করনের ব্যবস্থা গ্রহণ সময়ের দাবি বলে প্রতীয়মান হয়।

বাংলাদেশের উপকূলীয় এলাকার বসতবাড়িতে বাঁশ ও বেত চাষাবাদের উজ্জ্বল সম্ভাবনা

শেখ এহিউল ইসলাম, বিভাগীয় কর্মকর্তা
মোঃ মাহাবুব আলম, রিসার্চ অফিসার
মোহা. আব্দুল কুদ্দুস মিয়া, ফিল্ড ইনভেস্টিগেটর

ভূমিকা

বাংলাদেশের উপকূলীয় তটরেখা বঙ্গোপসাগরের কোল ঘেঁষে ৭১০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। উপকূলীয় এলাকার আয়তন প্রায় ৪৭,০০০ বর্গ কিলোমিটার যা দেশের মোট আয়তনের ৩২ ভাগ। দেশের দক্ষিণাঞ্চলের ১৯টি জেলার ৪৮ টি উপজেলা উপকূলীয় এলাকার অর্ন্তভূক্ত। এ এলাকায় ৬.৮৫ মিলিয়ন বসতবাড়ি রয়েছে। বাংলাদেশের বসতবাড়িগুলি একটি বাড়ি একটি খামার হিসাবে পরিচিত। বসতভিটাগুলো কাঠ, জ্বালানী, ফল, বাঁশ, বেত, শাকসব্জি, পশুখাদ্য, গৃহনির্মাণ সামগ্রী সরবরাহের উৎস হিসেবে বিবেচিত। বাংলাদেশের গ্রামীণ অঞ্চলে সর্বত্রই বাঁশ চাষ হয়ে থাকে। দেশের প্রায় ৮০ ভাগ বাঁশের সরবরাহ গ্রামীণ উৎস থেকে পাওয়া যায়। বাঁশ একটি কাষ্ঠল প্রকৃতির সোজা কাণ্ডযুক্ত ঘাস জাতীয় দ্রুত বর্ধনশীল উদ্ভিদ। এটি বাংলাদেশের একটি অতি প্রয়োজনীয় পুনঃ উৎপাদনশীল অর্থকরী বনজ সম্পদ। সারা পৃথিবীতে প্রায় ১,২৫০ প্রজাতির বাঁশ রয়েছে। বাংলাদেশে প্রায় ৩৩ প্রজাতির বাঁশ পাওয়া যায়। তন্মধ্যে প্রাকৃতিক বনে ৭ টি প্রজাতি এবং গ্রামীণ এলাকায় ২৬ টি প্রজাতির বাঁশ পাওয়া যায়। আমাদের দেশে ব্যাপকভাবে বাঁশের ব্যবহার হয়ে থাকে। বাঁশকে গরীবের কাঠ বলা হয়। কারণ গ্রামীণ গরীব মানুষেরা প্রধাণতঃ বাঁশ দিয়ে তাদের ঘরবাড়ি নির্মাণ করে থাকে। বাঁশ গ্রামীণ কুটির শিল্পের প্রধান কাঁচামাল। কাগজ তৈরীর কাঁচামাল হিসাবে বাঁশের ব্যাপক ব্যবহার রয়েছে। তাছাড়া কৃষি কাজে ও মাছ ধরার উপকরণ তৈরী, রিক্স, গরুর গাড়ী, নৌকার বিভিন্ন সরঞ্জামাদি তৈরী, আসবাবপত্র ও সৌখিন দ্রব্যাদী তৈরী, ঝুড়ি ও চাটাই তৈরীতে বাঁশ ব্যবহার হয়ে থাকে। বাঁশের কচি কাণ্ড (কোড়ল) সুস্বাদু সব্জি হিসাবে ব্যবহার হয়ে থাকে এবং বিশ্বের অনেক দেশে দিন দিন এর চাহিদা বৃদ্ধি পাচ্ছে। বাঁশ জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় এবং জীববৈচিত্র্য সংরক্ষণে ভূমিকা রাখতে পারে। বাঁশ অন্য যে কোন গাছের তুলনায় দ্রুত গতিতে ক্ষতিকর কার্বন গ্যাস শোষণ করতে পারে এবং এর শিকড় কার্যকরভাবে মাটি ক্ষয় রোধ করতে পারে। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে বাঁশের ব্যবহার দিন দিন বেড়েই চলছে। তবে চাহিদার তুলনায় এর উৎপাদন অপর্যাপ্ত। বাঁশের বংশ বৃদ্ধির জন্য গ্রামীণ এলাকায় ব্যাপকহারে বাঁশ চাষ করা প্রয়োজন। কিন্তু উপকূলীয় এলাকায় দেশের অন্যান্য অঞ্চলের তুলনায় বাঁশের বংশ কম দেখা যায় এবং বসতবাড়ীতে বাঁশের চাষাবাদ কম হয়ে থাকে। কৃষকেরা তাদের ব্যক্তিগত অভিজ্ঞতা দিয়ে খুব স্বল্প পরিসরে বসতভিটায় বাঁশের চাষ করে থাকে।

বাঁশের ন্যায় বেতও একটি পুনঃ উৎপাদনশীল কাঁটাযুক্ত আরোহী উদ্ভিদ। এটি বাংলাদেশের একটি উল্লেখযোগ্য অর্থকরী বনজ সম্পদ। বাংলাদেশে ১০ প্রজাতির বেত পাওয়া যায়। তন্মধ্যে জালিবেত এবং সুন্দি বেত গ্রামাঞ্চলে এবং অন্যান্য প্রজাতির বেত বন-জঙ্গলে জন্মে থাকে। দেশের চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট বনাঞ্চলে প্রাকৃতিকভাবে প্রচুর বেত জন্মে। বাংলাদেশের গ্রামাঞ্চলে বেত ঝাড়গুলো বসতবাড়ির আশেপাশে, পানির কিনারায়, আর্দ্র ও ছায়াযুক্ত স্থানে জন্মাতে দেখা যায়। বেত দিয়ে বিভিন্ন ধরনের আসবাবপত্র যেমন- চেয়ার, টেবিল, সোফা, মোড়া, খাট, দোলনা, ঝুড়ি, ধামা, সেলফ্, লাঠি ইত্যাদি তৈরী করা হয়। লম্বা বেত ফালা করে হস্তশিল্পের নানা দ্রব্যাদি বুনন ও বাঁধার কাজে ব্যবহার হয়ে থাকে। পাকা বেতফল খেতে সুস্বাদু। বর্তমানে বাংলাদেশে বেত আর সহজলভ্য নয়। এটি অতিরিক্ত আহরণ ও বন উজাড়ের ফলে খুবই কমে গেছে এবং এর উৎপাদন সীমিত হয়ে পড়েছে। অপরদিকে উপকূলীয় বসতবাড়ি ও বন জঙ্গলে বেত নাই বললেই চলে। উপকূলীয় এলাকায় বাঁশ ও বেতের উৎপাদন বাড়াতে বৈজ্ঞানিক পদ্ধতিতে বসতভিটায় বাঁশ ও বেত চাষ করা প্রয়োজন। বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট সম্প্রতি একটি গবেষণা পরিচালনা করে উপকূলীয় বসতবাড়ীতে বাঁশ ও বেত চাষে আশাব্যঞ্জক সফলতা পেয়েছে।

বাঁশ ও বেত প্রজাতি নির্বাচন

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের অধীন প্লানটেশন ট্রায়েল ইউনিট বিভাগ কর্তৃক উপকূলীয় জেলা পটুয়াখালী, ভোলা, নোয়াখালী, চট্রগ্রাম এবং কক্সবাজার এলাকার বসতবাড়িতে ২০১০ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত বাঁশের ২ টি প্রজাতি যথা- বাইজ্জা বাঁশ (Bambusa vulgaris) ও বরাক বাঁশ (B. balcooa) এবং বেতের দুইট প্রজাতি যথা- জালি বেত (Calamus

পান্টেশন ট্রায়েল ইউনিট বিভাগ, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, রূপাতলী, বরিশাল-৮২০৭

tenuis) এবং কেরাক বেত (C. viminalis) চাষ বিষয়ক একটি গবেষণা পরিচালনা করা হয়। গবেষণায় বাঁশের ২ টি প্রজাতিই বসতভিটা বনায়নের জন্য উপযুক্ত হিসাবে বিবেচিত হয়। তবে সমগ্র উপকূলীয় এলাকার জন্য বাইজ্জা বাঁশ অধিক উপযুক্ত হিসাবে পাওয়া যায়। আবার উপকূলীয় পূর্বাঞ্চলে বেতের ২ টি প্রজাতিই উপযুক্ত হিসাবে বিবেচিত হয়েছে। তবে সমগ্র উপকূলীয় এলাকার বসতভিটায় বনায়নের জন্য জালি বেত অধিক উপযুক্ত হিসাবে পাওয়া গেছে।

কঞ্চিকলম পদ্ধতিতে বাঁশের চারা উত্তোলন

বাঁশের বংশ বিস্তারের জন্য কৃষকেরা সাধারণতঃ মুথা ব্যবহার করে থাকে। কিন্তু বাঁশের ব্যাপক চাষাবাদের জন্য মুথার সরবরাহ না পাওয়া এবং মুথার বেঁচে থাকার হার কম হওয়ায় কৃষকেরা বাঁশ চাষে আগ্রহ হারিয়ে ফেলে। কাজেই, কঞ্চিকলমের মাধ্যমে বাঁশের বংশ গতি অপরিবর্তিত রেখে দ্রুত বংশ বিস্তার করা সহজ। এটি একটি লাগসই প্রযুক্তি যা বাঁশ চাষের জন্য প্রয়োজন অনুসারে চারা উৎপাদন করা যায়। কঞ্চি থেকে চারা উৎপাদনের জন্য বালির প্রোপাগেশন বেড তৈরী করতে হক্ষে। সমতল ভূমিতে ১.২ মিটার (৪ ফুট) চওড়া এবং প্রয়োজন অনুযায়ী লম্বা নার্সারী বেড বালি দিয়ে ২১-৩০ সেন্টিমিটার উঁচু অথবা মাটি অপসারণ করে ২১-৩০ সেন্টিমিটার গভীর গর্ত করে বালি দিয়ে পূর্ণ করে বেড প্রস্তুত করা যায়। সারা বছরই কঞ্চিকলম কাটা যায় তবে মে-জুন মাস কঞ্চিকলম কাটার সবচেয়ে উপযুক্ত সময়। সুস্থ সবল ১-২ বছর বয়সী বাঁশের গা ঘেঁষে আঙুলের মত মোটা কঞ্চি হাত করাত দিয়ে কঞ্চির গোড়া সহ কেটে সংগ্রহ করতে হবে। কঞ্চি কাটার পর গোড়া থেকে ৩-৫ গিট রেখে বা দেড় হাত লম্বা আকৃতিতে কাটতে হবে। কর্তিত কঞ্চিসমূহ বালতির পানিতে ভিজিয়ে বা চটের ভেজা বস্তা দিয়ে জড়িয়ে আর্দ্র অবস্থায় নার্সারীতে আনতে হবে। সংগৃহীত কাটিংয়ের গোড়ার শল্কপত্র আঙুল দিয়ে ছাড়িয়ে বালির বেডে ২-৩ সেন্টিমিটার দুরত্বে সারিবদ্ধভাবে ৭-১০ সেন্টিমিটার বালির গভীরে ঢুকিয়ে রোপণ করতে হবে। এরপর গোড়া সামান্য চাপ দিয়ে এঁটে দিতে হবে। প্রোপাগেশন বেডে কঞ্চিকলম রোপণের পর ঝরণা দিয়ে দিনে ৩/৪ বার নিয়মিত পানি সেচ দিতে হবে। ২০-৩০ দিনের মধ্যে কঞ্চির গিট থেকে নতুন শাখা ও পাতা গজিয়ে বেড সবুজ আকার ধারণ করবে এবং কলমের গোড়ায় প্রচুর শিকড় গজিয়ে যাবে। তখন কলমগুলোকে পলিব্যাগে স্থানান্ড্র করতে হবে। নার্সারী বেডে প্রচুর পানি দিয়ে ভিজিয়ে শিকড়যুক্ত কঞ্চিকলম সতর্কতার সাথে বেড থেকে তুলতে হবে। শিকড়যুক্ত কঞ্চিকলমগুলি ২৫ী ১৫ সেন্টিমিটার আকারের পলিব্যাগে গোবর সার মিশ্রিত মাটি ভর্তি করে লাগাতে হবে। পলিব্যাগে স্থানান্ড়রিত কঞ্চিকলম ৭-১০ দিন ছায়ায় রাখতে হবে এবং প্রতিদিন ২/৩ বার পানি দিতে হবে। এরপর ব্যাগগুলো নার্সারীতে নিয়ে সারিবদ্ধভাবে সাজিয়ে আরো ১০-১১ মাস পরিচর্যা করতে হবে। পরবর্তী বর্ষা মৌসুমে কঞ্চিকলম নির্বাচিত জমিতে রোপণ করতে হবে।

কঞ্চিকলম পদ্ধতিতে উত্তোলিত নার্সারীতে বাইজ্জা বাঁশের চারা

বাঁশের চারা রোপণের স্থান নির্বাচন

উপকূলীয় এলাকার বসতবাড়ীর আশেপাশে ও তৎসংলগ্ন পুকুরপাড়, খালের পাড় এবং রাস্ড়ার ধারে বাঁশের বাগান সৃজনের জন্য স্থান নির্বাচন করা যায়। জমির উচ্চতা ও ঢাল এমন হতে হবে যেন জোয়ারের বা বৃষ্টির পানি জমে না থাকে এবং কখনই সেখানে জলাবদ্ধতার সৃষ্টি না হয়। নির্বাচিত স্থান আলোযুক্ত হতে হবে। কোন গাছের নীচে কিংবা ঘন ছায়াযুক্ত স্থানে বাঁশের চারা রোপণ করা যাবে না।

কঞ্চিকলম রোপণ পদ্ধতি ও পরবর্তী পরিচর্যা

বর্ষা শুরুর সাথে সাথে অর্থাৎ মে-জুন মাসে নির্বাচিত স্থানের আগাছা পরিষ্কার করে ৫ মিটার দুরত্বে কঞ্চিকলম রোপণের জন্য স্থান চিহ্নিত করতে হবে এবং চিহ্নিত স্থানে কাঠি পুঁতে রাখতে হবে। কঞ্চিকলম রোপণের কমপক্ষে এক সপ্তাহ আগে চিহ্নিত স্থানে ৩০ X ৩০ X ৪৫ সেন্টিমিটার গভীর গর্ত করতে হবে। গর্ত প্রতি ৫ কেজি গোবর সার, ১০ গ্রাম ইউরিয়া, ১০ গ্রাম টিএসপি ও ৫ গ্রাম এমপি সার গর্তের মাটির সাথে মিশিয়ে গর্তটি ভর্তি করে রাখতে হবে। জুন মাসের সময় যখন বৃষ্টি শুর" হবে তখন কঞ্চিকলমের পলিথিন ব্যাগটি বেড দিয়ে কেটে ফেলে দিয়ে মাটির বলসহ চারাটি নির্ধারিত গর্তে লাগিয়ে দিতে হবে। চারার গোড়ায় মাটি দিয়ে সামান্য উঁচু করে মাটি চেপে দিতে হবে। কঞ্চিকলম রোপণের পর সহায়ক খুঁটির সাথে বেঁধে দিতে হবে যাতে চারা হেলে না পড়ে। গৃহপালিত গবাদিপশু কঞ্চিকলম খেয়ে ধ্বংস করে ফেলতে পারে। সেজন্য কঁচি চারা রক্ষার জন্য প্রতিটি চারায় খাঁচা অথবা ঘেরা বেড়া দিতে হবে। রোপণ পরবর্তী তিন বছর পর্যন্ড় বছরে দুইবার করে আগাছা পরিস্কার করতে হবে। কঞ্চিকলম রোপণের প্রথম বছরে মার্চ-এপ্রিল মাসে যখন বৃষ্টি হয় না তখন প্রতিটি চারার গোড়ায় সপ্তাহে দুই দিন ১ কলস করে পানির সেচ দিতে হবে। নিয়মিত পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করলে কঞ্চিকলম রোপণের ৩-৪ বছরের মধ্যে এটি একটি পূর্ণাঙ্গ ঝাড়ে পরিণত হবে।

পটুয়াখালী জেলার রাঙ্গাবালীতে ৪ বছর বয়সের বাইজ্জা বাঁশের ঝাড়

চট্টগ্রাম জেলার সীতাকুন্ড এলাকায় ৫ বছর বয়সের বাইজ্জা বাঁশের ঝাড়

নার্সারীতে বেতের চারা উত্তোলন পদ্ধতি

বেত সাধারণতঃ বীজ এবং রাইজোম বা সাকার দ্বারা চাষ করা যায়। তবে ব্যাপকহারে চাষাবাদের জন্য বীজ থেকে চারা উৎপাদন করা অর্থনৈতিকভাবে লাভজনক।

বীজ সংগ্রহ ও বীজতলায় বপন পদ্ধতি

জালিবেতের ফল এপ্রিল-জুলাই মাসের মধ্যে এবং কেরাক বেতের ফল বছরে ২ বার ফেব্রুয়ারী-এপ্রিল এবং আগস্ট-অক্টোবর মাসের মধ্যে পরিপক্ক হয়। বাহ্যিকভাবে সুস্থ, সবল ও অপেক্ষাকৃত মোটা বেত গাছ থেকে ফল সংগ্রহ করতে হবে। ছাই মিশিয়ে চটকিয়ে বা তারজালি দিয়ে ফলের বহিরাবরণ ও মাংসল অংশ সহজেই সরিয়ে ফেলা যায়। আবার সংগৃহিত পাকা ফল পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে রাখলে বীজের আবরণ নরম হয়। এরপর ফল চটের বস্ড়ায় ভরে আছড়িয়ে বীজের খোসাসহ নরম অংশ বীজ থেকে আলাদা করা যায়। এরপর বীজ পানিতে ধুয়ে পরিস্কার করা হয়। বীজ সংগ্রহের ১০-১৫ দিনের মধ্যে বীজ বপন করা উত্তম। বীজতলা তৈরির জন্য ৩-৪ বার মাটি ভালভাবে কুপিয়ে ঝুরঝুরে করতে হবে। ঝুরঝুরে মাটির সংগে পরিমাণ মতো গোবর সার মিশিয়ে বীজতলা প্রস্তুত করতে হবে। সংগৃহিত বীজ ২ দিন পানিতে ভিজিয়ে রেখে অথবা বীজ সরাসরি শিরিষ কাগজ দিয়ে ঘষে অথবা ৩ থেকে ৫ মিনিট ৫% মাত্রার সালফিউরিক এসিডে ভিজিয়ে তারপর ধুয়ে বপন করলে অঙ্কুরোদগম হার বেশি পাওয়া যায়। বীজগুলোকে ছাই মাখিয়ে বীজতলার উপর ছিটিয়ে দিতে হবে এবং বীজের উপর ২ সে.মি. পুরু গুড়া মাটির আবরণ দিতে হবে। বীজ বপনের পর প্রতিদিন সকালে বীজতলায় হালকাভাবে ঝর্ণা দিয়ে পানি দিতে হবে।

পলিব্যাগে চারা স্থানান্তর

জালিবেত সাধারণতঃ বপনের ২১ দিন পর এবং কেরাক বেত বপনের ২-৩ মাসের মধ্যে অঙ্কুরিত হতে শুরু করে। বীজ অঙ্কুরিত হওয়ার ১ থেকে ২ মাসের মধ্যে দুটি পাতা সম্পূর্ণভাবে বের হলে অথবা চারা ৪-৫ সে.মি. লম্বা হলে বীজতলা থেকে চারা পলিব্যাগে স্থানান্ড়র করতে হবে। চারা স্থানান্তর করার জন্য ২৫ সে.মি.X ১৫ সে.মি. আকারের পলিব্যাগ ব্যবহার করা উত্তম। তবে খরচ কমানোর জন্য ১৫ সে.মি. X ১০ সে.মি. পলিব্যাগ ব্যবহার করা যেতে পারে। তিন ভাগ মাটি এবং এক ভাগ গোবর সারের মিশ্রণ পলিব্যাগে ভর্তি করে নার্সারী বেডে সাজিয়ে রাখতে হবে। সূচালো কাঠির মাথা দিয়ে বীজতলার ছোট চারাগুলোকে কিঞ্চিৎ মাটিসহ তুলে পলিব্যাগে রোপণ করতে হবে। পলিব্যাগে উত্তোলিত চারা ১ বছর নার্সারীতে রাখার পর মাঠে রোপণের উপযুক্ত হবে।

বেতের চারা রোপণের স্থান নির্বাচন

উপকূলীয় এলাকার বসতবাড়ীর আশেপাশে ও তৎসংলগ্ন অনাবাদি পতিত জমি, রাস্তার ধারে, খালের পাড়ে, গ্রামীণ বসতবাড়ির সীমানায় বেত লাগানোর জন্য উপযুক্ত স্থান। বেত চাষের জন্য পৃথক কোনো জমির প্রয়োজন নেই অন্যান্য বৃক্ষের নীচে সাথী ফসল হিসেবে বেত চাষ করা যায়। বেত আরোহী উদ্ভিদ বিধায় অবলম্বনের জন্য দ্রুত বর্ধনশীল বৃক্ষ যথা- রেইন-ট্রি, মেহগনি, কড়ই, আকাশমনি, রাজকড়ই ইত্যাদি গাছের সাথে রোপণ করা ভাল।

বেতের চারা রোপণ পদ্ধতি ও পরবর্তী পরিচর্যা

বর্ষা শুরুর সাথে সাথে অর্থাৎ মে-জুন মাসে নির্বাচিত স্থানে ২ মিটার দুরত্বে বেত রোপণের জন্য স্থান চিহ্নিত করতে হবে এবং চিহ্নিত স্থানে কাঠি পুঁতে রাখতে হবে। জীবন্ড় বেড়ার ক্ষেত্রে আরো কম দুরত্বে চারা রোপণ করতে হবে। চারা রোপণের জন্য চিহ্নিত স্থানে ৩০ সে.মি. X ৩০ সে.মি. X ৩০ সে.মি. আয়তনের গর্ত করতে হবে। মাটির বলসহ চারাটি গর্তে ঠিকমতো বসিয়ে চারপাশের মাটি চারার গোড়ায় সামান্য উঁচু করে চেপে দিতে হবে। রোপণ পরবর্তী তিন বছর পর্যন্ড় বছরে দুই বার করে আগাছা পরিস্কার করতে হবে এবং গোড়ার মাটি আলগা করে দিতে হবে। নিয়মিত পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করলে বেত রোপণের ৩-৪ বছরের মধ্যে এটি পূর্ণাঙ্গ ঝাড়ে পরিণত হবে। বেত একবার রোপণ করলে একটি প্রতিষ্ঠিত নতুন ঝাড় থেকে পরবর্তী ২০ থেকে ২৫ বছর পর্যন্ত বেত সংগ্রহ করা যায়।

নোয়াখালী জেলার চর আলাউদ্দীনে ৪ বছর বয়সের জালি বেতের ঝাড়

চট্টগ্রাম জেলার সীতাকুন্ড (বগাচতর) এলাকায় ৪ বছর বয়সের কেরাক বেতের ঝাড়

উপকূলীয় এলাকায় বসতবাড়িতে বাঁশ ও বেত চাষ বিষয়ক গবেষণা সাফল্য

পান্টেশন ট্রায়েল ইউনিট বিভাগ ২০১০ সাল হইতে ২০১৬ সাল পর্যন্ড় উপকূলীয় এলাকার বসতবাড়িতে বাঁশ ও বেতের চাষ বিষয়ক গবেষণা পরিচালনা করে। গবেষণার প্রারম্ভে উপকূলীয় কৃষকদের বসতবাড়িতে বাঁশ ও বেতের পপুলেশনের উপর এক সমীক্ষা পরিচালনা করা হয়। সমীক্ষায় দেখা যায় যে, পটুয়াখালী জেলার রাঙ্গাক্ষালীর ১৫% বসতবাড়িতে, ভোলা জেলার চর কুকরী-মুকরীর ২% বসতবাড়িতে, নোয়াখালী জেলার চর আলাউদ্দীনের ৭% বসতবাড়িতে এবং চট্রগ্রাম জেলার সীতাকুন্ড'র ৮% বসতবাড়িতে বাঁশ ঝাড় পাওয়া যায়। অপরদিকে উলেখিত এলাকায় বেতের ঝাড়ের উপস্থিতি একেবারেই নগণ্য ছিল। গবেষণায় ২০১০ হতে ২০১৬ সাল পর্যন্ড় কঞ্চিকলম পদ্ধতিতে উত্তোলিত মোট ১৫,০০০ টি বাঁশের চারা এবং বীজ থেকে পলিব্যাগে উত্তোলিত জালি ও কেরাক বেতের মোট ২০,০০০ টি চারা নির্বাচিত ১,৭০০ জন কৃষকদের মাঝে বসতবাড়ি ও তৎসংলগ্ন এলাকায় রোপণের জন্য বিতরণ করা হয়।

গবেষণার ফলাফলে দেখা যায় যে, রোপণের চার বছর পর চর কুকরী-মুকরীতে ছোট বড় মিলে প্রতি ঝাড়ে গড়ে ২১ টি এবং রাঙ্গাবালীতে গড়ে ১৫ টি বাঁশ উৎপন্ন হয়েছে। রাঙ্গাবালীতে বাঁশের বর্ধন হার সবচেয়ে ভাল পাওয়া যায়। সেখানে সর্বোচ্চ ২০ মিটার পর্যন্ত লম্বা বাঁশ পাওয়া গেছে। আবার চর কুকরীতে দ্বিতীয় সর্বোচ্চ ১৮ মিটার লম্বা বাঁশ উৎপন্ন হয়েছে। সমগ্র গবেষণা এলাকায় জীবিতের হার গড়ে ৪০.৫০%, গড় উচ্চতা ১১.৩১ মিটার, গড় ব্যাস ৪.৬৭ সেন্টিমিটার এবং ঝাড় প্রতি গড়ে ১৫ টি বাঁশ উৎপন্ন হয়েছে (সারণি ১)।

সারণি ১। উপকূলীয় বসতবাড়িতে রোপিত চার বছর বয়সের বাইজ্জা বাঁশের বর্ধন বিবরণী।

স্থান	জীবিতের হার (%)	গড় উচ্চতা (মি.)	সর্বোচ্চ উচ্চতা (মি.)	গড় ব্যাস (সে.মি.)	সর্বোচ্চ ব্যাস (সে.মি.)	ঝাড় প্রতি বাঁশের সংখ্যা
রাঙ্গাবালী (পটুয়াখালী)	৩০	১৬.৩০	২০.৫৩	৫.২৯	৬.৮৪	১৫.৫০
চর কুকরী-মুকরী (ভোলা)	৪৭	১৩.৪১	১৭.৯৪	৪.১৬	৫.৭৩	২১.২০
চর আলাউদ্দীন (নোয়াখালী)	৫১	৫.৬১	১০.১১	৪.২৭	৬.৩৯	৫.৯২
কলাতলী (কক্সবাজার)	৩৪	৯.৯১	১৬.৩৪	৪.৯৮	৭.০৫	১৬.১০
গড়	৪০.৫০	১১.৩১	-	৪.৬৭	-	১৪.৬৮

গবেষণার বেতের ক্ষেত্রেও আশানুরূপ সফলতা পাওয়া গেছে। রোপণের চার বছর ছয় মাস পর চর কুকরী-মুকরীতে ঝাড় প্রতি গড়ে ২৭ টি এবং রাঙ্গাবালীতে গড়ে ২৫ টি জালি বেত উৎপন্ন হয়েছে। রাঙ্গাবালী ও চর কুকরী-মুকরীতে জালি বেতের বর্ধন হার সবচেয়ে ভাল। চর কুকরী-মুকরীতে সর্বোচ্চ ২১ মিটার লম্বা এবং রাঙ্গাবালীতে দ্বিতীয় সর্বোচ্চ ২০ মিটার লম্বা বেত উৎপন্ন হয়েছে। সমগ্র গবেষণা এলাকায় জীবিতের হার গড়ে ৩৬.৭৫%, গড় উচ্চতা ৮.০০ মিটার, গড় ব্যাস ১.৪০ সেন্টিমিটার এবং ঝাড় প্রতি গড়ে ১৭ টি বেত উৎপন্ন হয়েছে (সারণি ২)।

সারণি ২। উপকূলীয় বসতবাড়িতে রোপিত চার বছর ছয় মাস বয়সের জালি বেতের বর্ধন বিবরণী।

স্থান	জীবিতের হার (%)	গড় উচ্চতা (মি.)	সর্বোচ্চ উচ্চতা (মি.)	গড় ব্যাস (সে.মি.)	সর্বোচ্চ ব্যাস (সে.মি.)	ঝাড় প্রতি বেতের সংখ্যা
রাঙ্গাবালী (পটুয়াখালী)	৩৮	১৩.০৩	২০.০	১.৪৩	২.৯৮	২৪.৭০
চর কুকরী-মুকরী (ভোলা)	৪২	১০.১৮	২১.১৫	১.৩৯	২.৮৬	২৭.৪৫
চর আলাউদ্দীন (নোয়াখালী)	৪০	৫.৬০	৭.৫০	১.২৬	৩.১৮	১০.৩২
কলাতলী (কক্সবাজার)	২৭	৩.২০	৯.২০	১.৫৩	৩.২৫	৭.২৯
গড়	৩৬.৭৫	৮.০০	-	১.৪০	-	১৭.৪৪

উপসংহার

বাংলাদেশের সমগ্র উপকূলীয় অঞ্চলের বসতবাড়িতে বাঁশ ও বেত চাষের উজ্জ্বল সম্ভাবনা রয়েছে বলে গবেষণায় প্রতীয়মান হয়েছে। বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত প্রযুক্তি ব্যবহার করে কঞ্চিকলম পদ্ধতিতে বাঁশের চারা উত্তোলন এবং বীজ থেকে বেতের চারা উত্তোলন পূর্বক উপকূলীয় এলাকায় বসতবাড়ির নির্বাচিত স্থানে চাষাবাদ করলে বাঁশ ও বেতের উৎপাদন বৃদ্ধি ও বংশ বিস্তার হবে এবং জীববৈচিত্র্যের সমৃদ্ধি ঘটাবে। ফলে উপকূলীয় জনমানুষের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তাছাড়া জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া রোধে বিশেষ করে ঘূর্ণিঝড় এবং ভূমি ক্ষয়রোধে বাঁশ ও বেত কার্যকর ভূমিকা রাখতে পারবে। কাজেই সমগ্র উপকূলীয় এলাকায় বাঁশ ও বেতের চাষাবাদের ব্যাপক সম্প্রসারণের জন্য এখনই পদক্ষেপ গ্রহণ করা খুবই প্রয়োজন।

আমাকে বৃক্ষ করে দাও

মোঃ জায়েদ হোসেন ভূইয়া

মতিঝিল, কাকলি আর গুলিস্তানের
যানজট, সীসা আর কার্বন মনোক্সইড,
বখাটে দালানের সশ্রম কারাদন্ড হতে
জামিন প্রার্থনা করছি।

আমাকে একটিবারের জন্য প্যারেলে মুক্ত করে দিন
মাই লর্ড।

মুক্ত আমি চলে যাব আলীকদমে
মেঘেরা যেথায় ঘুমায় পাহাড়ের কাঁধে
সহোদরা হব পাহাড়ি স্রোতস্বিনীর
পাথর আর জলের খুনসুঁটি দেখে দেখে
কাটিয়ে দেব সারা বেলা।

ঝিরি ঝিরি পাহাড়ি বৃষ্টিতে ভিজব রোডোডেনড্রন ফুলে ফুলে
আলির গুহার গুম গুম আওয়াজের ইকোর বিপরীতে
অম্লজানে ভরে দিব অসুস্থ এই নগরগুলোকে
রাঙাব জীবন ফেব্রুয়ারীতে সালাম, বরকত, জব্বারের
রক্তরাঙ্গা শার্ট কৃষ্ণচূড়া, পলাশ আর রক্ত জবাতে
একাত্তরে শেখ মুজিব মহীরুহ বৃক্ষ হয়ে
ছায়া দেব বীর মুক্তিযোদ্ধাদের।

বিধাতা, মানুষ না করে সবুজ বৃক্ষ করে দাও
বৃক্ষের জিহবা নাই
মিথ্যা বলে না ভাই,
সারা দেশে সবুজ অক্সিজেন ফ্যাক্টরী চাই।

Medakocchopia National Park: Challenges to overcome

Mohammad Yousuf

Introduction: Medakocchopia National Park (MKNP) is nationally known for protecting the most extensive stands of mature critically endangered Garjan (Dipterocarpus turbinatus) trees in Bangladesh. MKNP is a tropical semi-evergreen forest on low hills in Fulchari Range of Cox'sbazar North Forest Division. The park is a potential area for climate change mitigation and adaptation with the Carbon-di-oxide sequester capacity of 687 tons per hectare. Originally the entire park area was a rich garjan forest. But due to anthropogenic pressure, some parts have been converted into illegal settlements by the encroachers and some parts of plain low lands are being cultivated for agriculture by the local villagers and farmers. MKNP is bordered by 13 villages where most of the people depend directly or indirectly upon forest. Encroachment by settlement and agriculture has been associated with tree poaching, hunting, and collection of fuel wood, bamboo, cane and other forest products. This is encouraged by sawmills in the vicinity and unemployment. With the successful implementation of Assisted Natural Regeneration (ANR), MKNP presently becomes one of the biodiversity hot spot and attracts more local and foreign tourists, visitors, academics and researchers. Nature lovers can walk through different foot-trails of 1-2 hours walking path and can enjoy enormous green beauty of the park. However, MKNP is facing now some severe challenges and immediate attempts should be taken to overcome those challenges.

Description:

a) **Location and Area:** Medakocchopia National Park (MKNP) is situated in Medakocchopia Block of Medakocchopia Beat of Fulchari Range under Cox'sbazar North Forest Division in Khutakhali Union of Chakaria Upazila of Cox'sbazar District. The park is around 40.0 km north from Cox'sbazar and 5.0 km south from Dulahazara Bangabandhu Sheikh Mujib Safari Park and located on both sides of Cox'sbazar-Chittagong Highway with an amazing undulating landscape of 395.93 ha of which reserved forest (RF) area is 358.99 ha and the rest 36.94 ha area is of protected forest (PF).

b) **Declaration as National Park:** The forest area is declared as Medakocchopia National Park under the provision of Wildlife Preservation Order 1973 in the year 2004 by the Gazette Notification No. moef (br-3)-32/2003/356 dated 04/04/2004.

c) **Forest Type:** The ecological type of the forests of Medakocchopia National Park is tropical semi-ever green forest.

d) **Vegetation Cover:** The most part of Medakocchopia National Park is covered with dominant and co-dominant hundred years old mature and over-mature Dipterocarpus turbinatus and some other garjan trees of the species of Dipterocarpus costatus, Dipterocarpus alatus and Dipterocarpus gracilis. Other associated native forest trees present include Telsur (Hopea odorata), Boilam (Anisoptera scaphula), Gamar (Gmelina arborea), Chapalish (Artocarpus chaplasha), Jam (Syzigium spp), Jarul (Lagerstroemia speciosa), Kadam (Anthocephalus kadamba), Arjun (Terminalia arjuna), Polash (Butea monosperma), Batna (Quercus spp.), Civit (Swintonia floribunda), Uri am (Mangifera sylvestris), Sonalu (Cassia fistula), Amloki (Emblica officinalis), Horitoki (Terminalia chebula), Bohera (Terminalia belerica), Dumur (Ficus hispida), etc.

e) **Wildlife Status:** Medakocchopia National Park is now the area of more diversified wildlife. It is the home of some 13 amphibian species, 30 reptile species, 21 mammal species and 168 bird species. With the implementation of Assisted Natural Regeneration (ANR), MKNP area has now become a good shelter of most threatened wild Asian Elephant. It is the home of Hog Badger, White-crested Laughing Thrush and the globally vulnerable Great Slaty Woodpecker. Among 16 indicator bird species found in the forest area of Bangladesh except Sunderban, 11 are available in Medakocchopia National Park area. These include Red Junglefowl, Oriental Pied Hornbill, Green-billed Malkoha, Crested Serpent Eagle, Scarlet Minivet, Greater Racket-tailed Drongo, White-rumped Shama, Common Hill Myna, Abbott's Babbler, Puff-throated Babbler and Crimson Sunbird.

Assistant Conservator of Forests, Cox'sbazar North Forest Division

f) **Population, Literacy rate and Profession:** Approximately 3500 families are living within the area of MKNP and in surrounding 13 villages. Total population is approximately of 19,249 persons of which male 10,514 nos. and female 8,775 nos. Literacy rate is around 24%. Out of total population 87% are Muslim and rest are Hindus and Buddhists. Most people are dependent on agriculture.

Co-Management Status:

a) Date of formation of co-management: 17th November 2009
b) Area coverage: 395.93 hectares
c) Co-management council: 01 no.
d) Co management committee: 01 no.
e) Village Conservation forum: 13 nos.
f) Community patrolling group (CPG): 1 no.
g) CPG member: 35 nos. (Male- 31 nos. and female- 4 nos.)
h) Nishorgo Shohayok (VCF level Facilitator): 13 nos.
i) Peoples Forum: 01 no, member- 26 nos. (Male- 13 nos. and female- 13 nos.)
j) Eco-tour guide: 06 nos.

Plantation activities:

a) A.N.R: 100.0 ha in 2014-15.
b) Cane plantation: 20.0 ha in 2013-14.
c) Ornamental tree plantation: 2.0 ha (5,000 nos. of seedlings) in 2012-13.

Eco-tourism activities:

a) Park office: 1 no.
b) Parking area: 200 sq m.
c) Picnic corner: 1 no.
d) Round shed: 1 no
e) Visitors' round shed: 2 nos. (done by CREL)
f) CPG patrol shed: 3 nos. (done by CREL)
g) Ticket counter: 1 no. (done by CREL)
h) CMC office: 1 no. (done by CREL)

Prevailing threats and challenges:

a) The proposed Dohazari - Cox'sbazar railway will go through Medakocchopia National Park splitting it into two parts by removing some potential garjan mother trees. This will create noise pollution, habitat fragmentation and casualty risk to the wildlife including most threaten Asian elephant residing in the park.
b) The Cox'sbazar - Chittagong highway going through Medakocchopia National Park will be further expanded into 4-lane that will also create further habitat fragmentation and casualty risk to the wildlife leaving narrower space for most threaten Asian elephant residing in the park.
c) A tendency of the evicted families from the alignment of the railway and 4-lane highway to further encroach the remaining national park areas and make illegal settlements to take refuge over there.
d) Electric line, telephone line, optical fiber line, etc. going through the park disturbs root system and crowns of the trees of the alignment.
e) Illegal occupation and conversion of the park land by some unauthorized educational and religious institutions, illegal settlements, hat-bazars, agriculture, etc.
f) Excessive illegal human settlements in the park gives scope for over exploitation of forest resources and thus making human-elephant conflicts. They use younger natural regenerations as fuel-wood and do not allow them to grow up.
g) Use of younger garjan trees and saplings in the near-by salt production fields.
h) Lack of manpower and improper logistic support.
i) Lack of transport, fuel and lubricants.

j) No fund for implementing more ANR and guarding the ANR already established.
k) Influence of politicians and influential in unauthorized occupation of the forest lands and construction of illegal settlements over there and opposing by them in case of eviction of encroachments from forest lands.
l) Disputes of land ownership over forest lands of national park resulting differences in the maps and records of R.S survey and B.S survey. Some notified reserved and protected forest lands of national park were intentionally or mistakenly recorded as private lands or khas lands in the B.S survey though these were originally recorded in the R.S survey as forest lands.
m) Traditional system of forest villages and forest villagers and the uncontrolled and unmanaged usufruct right over forest land they exercise is the great concern today for forest department.
n) Vested interest of some of the co-management committee and council members of graving forest lands and not releasing the forest lands for scientific management of national park which were previously occupied, settled and cultivated by them illegally.
o) Lack of approved long term master plan/management plan for the scientific management of the national park.

Suggestions/recommendations to overcome the threats and challenges:

a) The proposed railway and 4-lane highway should be aligned, designed and constructed in such a way of incurring less cost and minimum loss to the national park.
b) There should be an arrangement of sufficient over-pass and under-pass corridor for the uninterrupted and easier movement of wild elephant and some other wild animals.
c) Electric line, telephone line, gas line, optical fiber line and other utility pipe lines can go through beneath the island in the middle of the 4-lane highway to avoid damages of crown and root system of the forest.
d) All kinds of illegal establishments, settlements and encroachments should immediately be evicted and the identified landless poorer can be rehabilitated in a minimum area of ecovillages inside or outside the PA providing necessary facilities.
e) Sufficient skill development trainings and alternative income generation activities should continuously be carried out among the local poor to make them self-sufficient and divert them from forest dependency.
f) Fast growing firewood plantation can be established in the impact zone of national park to meet acute demand of fuel-wood.
g) Substitute of garjan pole can be popularized in salt production.
p) Immediate measures should be taken to correct the false records of forest lands as private or khas lands in BS survey maps and records which were originally recorded in the RS survey as forest lands.
h) Traditional system of forest villages and forest villagers should critically and justifiably be examined and the forest lands over which they do practice their usufruct right can be taken under scientific forest management.
i) Sufficient professional trained staffs should be employed with modern equipment and all necessary logistic supports.
j) Sufficient fund for implementing more ANR and guarding the ANR already established should be provided.
k) Transport facilities should be provided with the supply of necessary fuel and lubricants.
l) Sufficient number of modern arms and ammunition should be provided and regular training should be arranged for the field staffs.
m) Long term master plan/management plan for the scientific management of the national park should be undertaken.
n) Protected Area Rules and/or Co-management Rules should be designed in such a manner that no illegal occupier of forest land can possess any of the positions of Co-management Committee and Co-management Council of the Protected Area.
o) Remuneration of the Community Patrol Group members should reasonably be increased.

Figure 1 MKNP

Figure 2 MKNP

Figure 3 MKNP

“সবুজ হবে মোদের মন“

এ,বি,এম নজরুল ইসলাম

এই আমাদের জন্মভূমি
এইতো মোদের দেশ
সবুজ শ্যামল সুখের রেশ
লাগবে তখন আহা বেশ।

গাছ লাগাই আর ফসল ফলাই
থাকবে না কোথা খালি
মাটি ভেদে থাকবে গাছ
হো'ক না সেথা বালি।

নদী নালা খালে বিলে
গাছ লাগাই পথের ধারে
ঘরের ছাদে-মাটির টবে
আরো লাগাই নদীর পাড়ে।

লাগাবো গাছ উঠতি চরে
সাগর তীরে পাহাড় পরে
যখন,গাছের পাতা নড়ে চড়ে
হৃদয় মন কার না কাড়ে ?

অক্সিজেন বিলিয়ে দেয়
সারাদিনমান রেখে।
কার্বন-তো শুষিয়ে নেয়
গভীর রাতের আঁধারে।।

ফরেস্ট রেঞ্জার, সামাজিক বন বিভাগ,বগুড়া

টেকসই সহ-ব্যবস্থাপনা, টেকসই বন সংরক্ষণ:
সহ-ব্যবস্থাপনা দিবস -২০১৭

- মার্জিয়া লিপি

২০০৮ সালের মার্চের ২৩ তারিখে টেকনাফ বণ্যপ্রাণী অভয়ারণ্যের শীলখালী সহ-ব্যবস্থাপনা সংগঠনের বন পাহারা দলের সদস্য রফিকুল ইসলাম সাহসিকতার সঙ্গে বন রক্ষা করতে গিয়ে বন দস্যুর হাতে শহীদ হন; জীবন উৎসর্গ করেন। রফিকুল ইসলাম ছাড়াও কাপ্তাইএর হিরু মিয়া ও অন্যান্য সদস্য - যাঁরা বিভিন্ন সময়ে প্রকৃতি সংরক্ষণে বনের সম্পদ রক্ষায় জীবন দিয়েছেন, আহত হয়েছেন – তাঁদের আত্মত্যাগের স্মরণে ও সম্মানে, সকল সবুজ শহীদদের শ্রদ্ধা জানানোর জন্যে ২০০৮ সাল থেকে প্রতিবছর বাংলাদেশে বনবিভাগ, ইউএসএইড ও রক্ষিত এলাকায় আশেপাশে বসবাসকারীদের যৌথ উদ্যোগে এই দিনটিকে উদযাপিত হচ্ছে 'সহ-ব্যবস্থাপনা দিবস'।

চিত্র: সহ-ব্যবস্থাপনা দিবস - ২০১৬ তে "সাসটেইনেবল ফিনান্সিং অব কো-ম্যানেজমেন্ট ইন বাংলাদেশ" শীর্ষক সংলাপ

জীবন ও জীবিকার অন্যতম অবলম্বন প্রকৃতি। পরিবেশের ভারসাম্য রক্ষা ও মানুষের মৌলিক চাহিদা পূরণে প্রকৃতির অবদান অনস্বীকার্য। অথচ প্রতিনিয়ত জনসংখ্যা বৃদ্ধি, অপরিকল্পিত নগরায়ণ, উন্নয়ন কার্যক্রম, বনভূমিকে কৃষিজমিতে রূপান্তর ইত্যাদি নানাবিধ কারণে বাংলাদেশের বনজ সম্পদ আশংকাজনকভাবে হ্রাস পেয়েছে। হ্রাস পেয়েছে বনে বসবাসকারী জীববৈচিত্র্য ও উদ্ভিদরাজি; লুপ্ত হয়েছে অনেক পাখি ও বন্যপ্রাণী । বাংলাদেশ সরকার বিভিন্ন দপ্তর, বিভাগ দেশের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় দীর্ঘদিন দায়িত্ব পালন করে আসছে। সময়ের বিবর্তনে বর্তমান প্রেক্ষাপটে সরকারের জনবলের পক্ষে সারাদেশে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা বিশাল বনজ সম্পদ ব্যবস্থাপনায় দায়িত্ব পালন এখন আর সঠিকভাবে সম্ভব হচ্ছে না - প্রয়োজন সম্পদ রক্ষায় নির্ভরশীল জনগণের সক্রিয় অংশগ্রহণ। এ অবস্থার উন্নয়ন ও উত্তরণের জন্যে অংশগ্রহণের প্রয়োজনীয়তা থেকেই সহ ব্যবস্থাপনা ধারণার জন্ম। অর্থাৎ ব্যবস্থাপনায় সরকার ও স্থানীয় জনগোষ্ঠীর এই অংশীদারীত্বই হচ্ছে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি। সম্পদ রক্ষায় ও ব্যবস্থাপনায় কার্যক্রম পরিচালিত প্রতিষ্ঠানই হচ্ছে সহ-ব্যবস্থাপনা সংগঠন । দেশের প্রাকৃতিক সম্পদ রক্ষায় এই ধারণাটি নতুন। পৃথিবীর বিভিন্ন দেশে দীর্ঘদিন ধরে জনগণের অংশগ্রহণে সফলতার সঙ্গে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনা করে আসছে। আশির দশকে আমাদের দেশেও সফলতার সঙ্গে স্থানীয় জনগণের অংশগ্রহণে সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। মূলত সামাজিক বনায়নের সফলতায় উদ্বুদ্ধ হয়ে ২০০৩ সালে ইউএসইইড এর আর্থিক সহায়তায় বন বিভাগ বন ব্যবস্থাপনায় নিসর্গ প্রকল্পে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি পাইলটিং করেছে। সরকারের প্রজ্ঞাপণের বলে বনবিভাগ, স্থানীয় সরকার ও প্রশাসন, সুশীল সমাজ, আইন শৃঙ্খলা বাহিনী, রক্ষিত এলাকার বনভূমির উপর নির্ভরশীল জনগণ ও সংশ্লিষ্ট বিভাগের অংশীদারিত্বের ভিত্তিতে একযোগে সহ ব্যবস্থাপনা সংগঠন কাজ করে যাচ্ছে। জলাশয় ও প্রতিবেশগত সংকটাপন্ন এলাকাও সম্পদের উপর নির্ভরশীল জনগণের সমন্বয়েও এরূপ সংগঠন রয়েছে। আইপ্যাক (ইন্টিগ্রেটেড প্রটেক্টেড এরিয়া কো-ম্যানেজমেন্ট) প্রকল্প সময়কালে সহ-ব্যবস্থাপনা সংগঠনের বিস্তার ঘটেছে । ২০১৩ সালে ক্লাইমেট রেজিলিয়েন্ট ইকোসিস্টেমস্ এণ্ড লাইভীহুডস্ (ক্রেল) প্রকল্পে - ২১ টি রক্ষিত এলাকায় ২৭ টি সহ-ব্যবস্থাপনা সংগঠনের মাধ্যমে বন ব্যবস্থাপনায় অংশগ্রহণের পাশাপাশি

জলবায়ু পরিবর্তনে অভিযোজন কৌশলে গ্রামভিত্তিক পরিকল্পনা করা হয়েছে। সহ-ব্যবস্থাপনা সংগঠন প্রতি বছর বনবিভাগ ও সকলের সাথে যোগাযোগ করে, সকলের সহযোগিতা নিয়ে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরী করে। পরিকল্পনার ভিত্তিতে বন, বন্যপ্রাণী ও বনের উপর নির্ভরশীল মানুষের দক্ষতা বৃদ্ধিসহ জীবন ও জীবিকার উন্নয়নেও কার্যক্রম পরিচালনা করছে।
সহ-ব্যবস্থাপনা সংগঠন বন আর প্রকৃতি সংরক্ষণে কাজ করছে আগামী প্রজন্মকে নিয়ে সুন্দর একটা বাংলাদেশে বেঁচে থাকার জন্যে। প্রাকৃতিক সম্পদ সমৃদ্ধ এলাকায় যারা বাস করে, বনের আশে পাশে যারা বেড়ে উঠে তারা নিজেদেরকে প্রকৃতির অংশ মনে করে। নিজেকে মনে করে প্রকৃতির সন্তান, বনকে মনে করে নিজের মায়ের মতো। বিভিন্ন ঝড়-ঝঞ্ঝা-সিডর-আইলা-জলোচ্ছ্বাস ইত্যাদি দুর্যোগে বনভূমি মানুষকে মায়ের মতো আগলে রাখে, আশ্রয় দেয়। বনের কাঠ, গোলপাতা থেকে তারা ঘর-বাড়ী, আসবাব পত্র তৈরি করে, নদীর মাছে জীবিকা অর্জন করে, বনের ফল ও মধু তাদের পুষ্টি যোগায়।

চিত্রঃ সিপিজি এর সদস্যদের বন পাহাড়া

চিত্রঃ বিশ্ব বাঘ দিবস উদযাপন

সহ-ব্যবস্থাপনা সংগঠনে প্রায় ১৬০০ কমিউনিটি পেট্রোল গ্রুপ (সিপিজি) এর প্রতিনিধি বনপ্রহরীদের সাথে বন পাহারা দিচ্ছে। যৌথ টহল দল (সিপিজি) সদস্যরা কিভাবে বন পাহারা দিতে হয়, গাছ-মাছ-বন্যপ্রাণীর অবস্থা বুঝতে হয়, রিপোর্ট রাখতে হয় সে বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ পেয়েছে, দেশ-বিদেশ থেকে প্রকৃতি সংরক্ষণে বন পাহারায় বিভিন্ন সম্মান ও স্বীকৃতি পেয়েছে। টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের খুরশীদা বেগম বনের যৌথ অংশীদারিত্বের জন্য সম্মানজনক পুরস্কার 'ওয়াঙ্গারী ম্যাথাই পুরস্কার ২০১২' অর্জন করেছেন। সহ ব্যবস্থাপনায় তাঁর প্রচেষ্টা ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে নেতৃত্ব প্রদানের স্বীকৃতিস্বরূপ তিনি এই পুরস্কার পান। 'ওয়াঙ্গারী ম্যাথাই এর প্রথম মৃত্যুবার্ষিকীতে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার তৃতীয় বিশ্ব বন সপ্তাহের সভায় ইটালির রাজধানী রোমে খুরশীদা বেগম এ পুরস্কার গ্রহণ করেন। তিনি 'ওয়াঙ্গারী ম্যাথাই' পুরস্কারটি অর্জন করেন একজন প্রথম নারী পরিবর্তনকারী হিসেবে তাঁর সমাজে ও প্রাকৃতিক সম্পদ নিশ্চিতকরণের মাধ্যমে। টেকনাফ অভয়ারণ্যের খুরশীদা বেগম প্রথম নারী যিনি বাংলাদেশে প্রথম নারী কমিউনিটি পাহাড়া দলের সূচনা করেন।

চিত্রঃ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে ভূমিকা রাখায় সিপিজি সদস্য খুরশীদা বেগরমের 'ওয়াঙ্গারী ম্যাথাই' পুরস্কার ও মাননীয় প্রধানমন্ত্রীর স্বীকৃতি

সব ধরনের সক্ষমতা থাকার পরও সংগঠন অকার্যকর হয়ে পড়ে মূলত যে কারণে তা হচ্ছে তহবিলের অভাব। আয়ের কোনো সুনির্দিষ্ট উৎস না থাকলে এবং খরচ নির্বাহের ব্যবস্থা না থাকলে ঐ প্রতিষ্ঠান বেশিদিন ভালোভাবে পরিচালিত হয়না। এ ছাড়া প্রতিষ্ঠান যদি হয় সেবা মূলক তা হলে জনগণের প্রত্যাশা থাকে বেশী। সহ-ব্যবস্থাপনা পদ্ধতির প্রতি নির্ভরশীর মানুষের আকাঙ্খা ভিন্ন। এই পদ্ধতির মূল আকাঙ্খাই হচ্ছে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ, স্থানীয়ভাবে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন, স্থানীয়ভাবেই বাস্তবায়নের জন্য অর্থ সংগ্রহ ও রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুবিধা স্থানীয়ভাবে ব্যবহার করা। এ ক্ষেত্রে সংগঠনের স্থায়িত্বের জন্যে সহ ব্যবস্থাপনা কমিটির জন্য তহবিল সংগ্রহের বিষয়টি গুরুত্বপূর্ণ। টেকসই সহ-ব্যবস্থাপনা ও টেকসই বন সংরক্ষণের লক্ষ্যে তহবিল সংগ্রহের প্রচেষ্টা গ্রহণ করা সহ-ব্যবস্থাপনার অংশ। এ তহবিল সংগ্রহ হতে পারে রক্ষিত এলাকা দর্শনার্থীদের সুবিধা প্রদানের মাধ্যমে যেমন গাড়ী পার্কিং, বনে হাইকিং, ঐতিহ্যবাহী উপহার সামগ্রী বিক্রয়, নিরাপদে রাত্রি যাপণের ব্যবস্থা প্রদান ইত্যাদি। এছাড়া অন্যান্য দাতা সংস্থার কাছ থেকে উন্নয়নমূলক প্রকল্পের জন্য আবেদন করে তহবিল সংগ্রহ করা যেতে পারে। প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন খরচ নির্বাহের জন্য সার্ভিস চার্জ নেয়া যেতে পারে। সংগৃহীত অর্থের একটি অংশ ডাক বিভাগ কিংবা ব্যাংকে স্থায়ী আমানত হিসাবেও রাখা যেতে পারে। অর্থাৎ তহবিল সংগ্রহের কোনো একক উৎসের উপর নির্ভর না করে সৃজনশীলভাবে বহুমাত্রিক উৎস বিবেচনা করতে হবে।

চিত্রঃ স্থানীয় জনগনের অংশগ্রহণে ও সহ-ব্যবস্থাপনা সংগঠনের পরিচালনায় প্রকৃতি পর্যটন

অর্থনেতিক সক্ষমতা কোনো প্রতিষ্ঠানের স্থায়িত্ব অর্জনের পূর্ব শর্ত। আমাদের এই দেশ প্রকৃতি-পর্যটনের জন্য খুব বেশী উপযোগী - আমাদের প্রকৃতি, পাহাড়, বন্যপ্রাণী, নিসর্গ আর জলাজঙ্গল। প্রকৃতি-পর্যটন হতে পারে আমাদের অন্যতম আয়ের পথ - যেখানে সরকার পর্যটনের পুরো আয় সহ ব্যবস্থাপনা সংগঠনকে প্রদান করবে। ফলে বনের উপর অপরিকল্পিত ভাবে সম্পদ আহরণকারী ও নির্ভরশীল মানুষের আয়ের পথ সুগম হবে। আর্থিক ও সামাজিক অবস্থার উন্নয়ন হবে বনের ও বনজীবি মানুষের । সহ-ব্যবস্থাপনা সংগঠন ও বন পাহাড়া দলের সদস্যদের মাধ্যমে প্রকৃতি পর্যটন সংরক্ষিত এলাকাগুলোয় একদিকে প্রাকৃতিক সৌন্দর্য অবলোকনের অবকাশ সৃষ্টি করে উপরন্তু ঐ এলাকায় বসবাসকারী জনগোষ্ঠীর অর্থনৈতিক সমৃদ্ধি ও আয় বৃদ্ধির সুযোগ করে দেয়। তবে এসকল প্রকৃতি পর্যটন খুব সতর্কভাবে সৃষ্টি করতে হবে যেন প্রকৃতি ও প্রকৃতিতে অবস্থান জীববৈচিত্র্যের কোনো রকম নেতিবাচক প্রভাব না পড়ে। একই সঙ্গে এ পর্যটন খাত থেকে উদ্ভুত বা সৃষ্ট আয় থেকে যাতে করে স্থানীয় জনগোষ্ঠী সহ-ব্যবস্থাপনা সংগঠন ও বন পাহাড়া দলের সদস্যরা উপকৃত হয় সে বিষয়টি নিশ্চিত হয়। পাশাপাশি সহ ব্যবস্থাপনা সংগঠনের মাধ্যমে বিভিন্ন রকম প্রচার- প্রচারণায় শুধুমাত্র প্রকৃতি অনুরাগী ও প্রকৃতি বান্ধব পর্যটকদের এসকল পর্যটন স্থানসমূহে আসার জন্যে অনুপ্রাণিত করা হবে। সহ ব্যবস্থাপনা সংগঠনের অর্থনৈতিক সক্ষমতা অর্জনের ক্ষেত্রে প্রকৃতি পর্যটন অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হতে পারে।

ব্যক্তি পর্যায়ে বিনিয়োগ ও ব্যবসা প্রতিষ্ঠানের বিনিয়োগ- প্রকৃতি সংরক্ষণে সচেতনতা ও প্রকৃতি সংরক্ষণের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকৃতি ও জীববৈচিত্র্য সংরক্ষণে ব্যক্তি ও ব্যবসা প্রতিষ্ঠানের বিনিয়োগ সহ-ব্যবস্থাপনা সংগঠনের সঙ্গে যৌথ উদ্যোগে বিবিধ জীবিকায়নের মাধ্যমে বিকল্প আয়ের পথ সুগম করে।

চিত্রঃ সহ-ব্যবস্থাপনা সংগঠনের সদস্যদের প্রকৃতি সংরক্ষণ ও জীবিকা উন্নয়নে ম্যানগ্রোভ নার্সারী ও রপ্তানীযোগ্য সূতার তৈরী খেলনা

বাণিজ্যিক ও ব্যবসা প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতা তহবিল হতে প্রতিবেশ বান্ধব কোনো কাজের জন্য সহায়তা যা - প্রকৃতি সংরক্ষণে সম্পৃক্ত ব্যক্তি অথবা সহ- ব্যবস্থাপনা সংগঠনের আয় বৃদ্ধিতে কার্যকর ও সহায়ক ভূমিকা রাখবে। বেশ কয়েকটি আর্থিক উৎসের সুযোগ হতে পারে-

সরকার হতে বার্ষিক বরাদ্দ; জেলা, উপজেলা, ইউনিয়ন পরিষদ হতে উন্নয়ন বরাদ্দ ও প্রশিক্ষণ সহায়তা; শিল্প-কারখানার মালিকদের কল্যাণ তহবিল, বাণিজ্যিক ও আর্থিক প্রতিষ্ঠান, যেমন ব্যাংকএর সামাজিক দায়বদ্ধতা তহবিল, সামাজিক বনায়ন, প্রকৃতি পর্যটন, ব্যক্তিপর্যায়ে অনুদান, সিএমসির জন্য এনডোমেন্ট ফাণ্ড, সরকারের জলবায়ু তহবিল ইত্যাদি উল্লেখযোগ্য।

২০১৭ সালে সহ-ব্যবস্থাপনা দিবসের প্রতিপাদ্য বিষয় হচ্ছে ''টেকসই সহ-ব্যবস্থাপনা, টেকসই বন সংরক্ষণ"। টেকসই সহ-ব্যবস্থাপনার জন্য সকলের অংশদারীরত্বের মিলিত ও কার্যকর প্রয়াস প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও সংরক্ষণে কাঙ্খিত অর্জনের লক্ষ্যে পৌছে দিতে পারে।

জাতীয় স্বার্থে বন সৃজন অপরিহার্য

আফতাব চৌধুরী

মানুষসহ সমগ্র প্রাণীজগতের প্রতি প্রকৃতির অমূল্য অবদান অরণ্য। অরণ্যের ইংরেজি প্রতিশব্দ (ফরেস্ট)। শব্দটি মূল লাতিন ভাষার শব্দ 'ফরেস' থেকে এসেছে। এর অর্থ হচ্ছে 'আউটসাইড'। এ 'আউটসাইড' শব্দটি গ্রামের সীমা নির্দেশ করেছিল। যেখানে অনাবাদি জমি মনুষ্য বসতি অঞ্চলেও অন্তর্ভুক্ত করা হয়েছিল। কাঠ ও অন্যান্য বনজ সম্পদ উৎপাদনের জন্য নির্দিষ্ট এক অঞ্চল হিসেবেও সংজ্ঞায়িত করা যায়। সমগ্র বিশ্বের ভৌগোলিক আয়তনের এক তৃতীয়াংশই বনাঞ্চল। বিভিন্ন প্রকারের উদ্ভিদ, ক্ষুদ্রাতিক্ষুদ্র কীটপতঙ্গ থেকে শুরু করে বৃহদাকার জীবজন্তুর আবাসভূমি এ বনাঞ্চল সমূহ। মানব সমাজকে অর্থনৈতিক দিক থেকে লাভবান হওয়ার ক্ষেত্রে নানা ভাবে সহায়তা করা ছাড়াও পরিবেশ দূষণমুক্ত করে রাখে। উপরন্তু জলবায়ুর উপাদান যেমন উষ্ণতা, বর্ষণ, আর্দ্রতা ইত্যাদির ওপর প্রভাব বিস্তার করে অরণ্যগুলো আবহাওয়া তথা জলবায়ু বহু পরিমাণে মানব সমাজের অনুকূল করে তোলে। শুধু কি এটাই? দেশের অরণ্যরাজি পাহাড়ি অঞ্চলের পাদদেশে পানি প্রবাহের ধারাও নিরবচ্ছিন্নভাবে ধরে রাখে। বনাঞ্চলের উপকারিতার শেষ নেই। কিন্তু চরম দুর্ভাগ্যের কথা, প্রকৃতি প্রদত্ত এ অমূল্য সম্পদের সংকোচন ঘটছে দ্রুতহারে আমাদের এদেশে।

জাতিসংঘের প্রকাশিত রিপোর্টে বলা হয়েছে ১৯৯১ সালে বিভিন্ন কারণে এক কোটি সত্তর লক্ষ হেক্টর বনাঞ্চল ভূপৃষ্ঠ থেকে লুপ্ত হয়ে গেছে। সবুজভূমি, মরুভূমি, পাহাড়, পুকুর,হ্রদ, নদী, সাগর ইত্যাদির মতো বনাঞ্চলও বাস্তুতন্ত্রও ধ্বংসযজ্ঞে সক্রিয় তথা প্রধান ভূমিকা নিয়েছে মানব সমাজ। বর্তমানে বিশ্ব ভূখন্ডের মাত্র ত্রিশ শতাংশেই বনভূমি রয়েছে। বিশ্বে প্রতি বছর ১ কোটি হেক্টর ক্রান্তীয় অরণ্যভূমি ধ্বংস হয়।

যে কোন দেশের ভৌগলিক আয়তনের শতকরা ৩৩ শতাংশ বনাঞ্চল থাকা প্রয়োজন যদিও বাংলাদেশে আছে মাত্র ৭/৮ শতাংশ। এ পরিমাণহ্রাস পাওয়াটা নিঃসন্দেহে চিন্তা জনক বিষয়। প্রতি ২৪ ঘন্টায় দেশে প্রায় ১ লক্ষ গাছ ধ্বংস হয় বলে এক সমীক্ষায় প্রকাশ। যখন-তখন বনাঞ্চল সংহার করার ফলে অন্যান্য কুফলের সঙ্গে মরুভূমির সম্প্রসারণ ঘটছে। ১৯৫১ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত সময়কালে বিশাল বনাঞ্চল কেবল মানুষের লোভে ধ্বংস হয়েছে। চাষাবাদ, শিল্পায়ন, নগরায়ণ এ তিন কারণই মুখ্যত বনভূমি ধ্বংসের জন্য দায়ী। আর এক্ষেত্রে কৃষির জন্য সর্বাধিক হারে বনাঞ্চল ধ্বংস হচ্ছে। কৃষিকাজের সম্প্রসারণ বনভূমি ধ্বংসের জন্যও দায়ী।

দ্রুতহারে অরণ্যাঞ্চল কমে আসার কুফল মানব সমাজ ইতিমধ্যেই ভোগ করছে। আধুনিক মানব সভ্যতাকে গতি প্রদান করার ব্যাপারে উলেখযোগ্য অবদান রয়েছে বনভূমির। কিন্তু অরণ্যসমূহের প্রতি মানুষ যে অন্যায় আচরণ করছে তা একদিন মানব সভ্যতার প্রতি হুমকির সৃষ্টি করবে। বায়ুমন্ডলে অক্সিজেন ও কার্বন-ডাই-অক্সইডের ভারসাম্য রক্ষায় বৃহৎ পরিমাণের সবুজ গাছ-গাছালি উলেখযোগ্য ভূমিকা পালন করে। ভূ-মন্ডলের উত্তাপ বৃদ্ধির জন্য দায়ী গ্রিন হাউস গ্যাস-কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ বায়ুমন্ডলে বেড়ে গেছে। দ্রুতহারে বনানী ধ্বংস হয়ে যাওয়া এর অন্যতম কারণ। ভূ-মন্ডলের উত্তাপ বেড়ে যাওয়ার ফলে বিশ্বজুড়ে জলবায়ুর পরিবর্তন এবং এর ফলশ্রুতিতে প্রকৃতির বিভিন্ন পরিবর্তন বিজ্ঞানীমহলকে উদ্বিগ্ন করে তুলছে।

অরণ্য পরিবেশকে দূষণমুক্ত রাখতে কার্বন-ডাই-অক্সইডের পরিমাণ কম করে তা নয়, অন্যভাবেও সহায়তা করে। প্রকাশিত দুটি তথ্যেই এর প্রমাণ মিলে। ২.৫ একর বিশিষ্ট একটি বনাঞ্চল বায়ুমন্ডলের প্রায় ৪ টন পরিমাণের ধুলো শোষণ করতে পারে। এছাড়া একটি ঘন অরণ্যভূমি বছরে প্রতি একর জমিকে গ্রাস করতে পারে এমন ০.১৬ টন সালফার-ডাই-অক্সইড অপসারণে সমর্থ হয়। আমরা সবাই জানি সালফার-ডাই-অক্সাইড এক ধরনের দূষিত গ্যাস। শব্দদূষণ রোধের ক্ষেত্রেও অরণ্যের ভূমিকা রয়েছে। গাছ শব্দের তীব্রতা ১০ থেকে ১৫ ডেসিবল কমাতে পারে।

ভূমিস্খলন রোধ, বৃষ্টির পানি ধরে রাখা, মরুভূমির বিস্তার রোধ, মাটির উর্বরতা বৃদ্ধি, জলবায়ুর উপাদান নিয়ন্ত্রণের মাধ্যমে জলবায়ু, আবহাওয়া, মানুষ তথা অন্যান্য প্রাণীকুলের অনুকূলে রাখা ইত্যাদি বহু সুফল ছাড়াও ঔষধিগুণ বিশিষ্ট প্রায় ১০,০০০ উদ্ভিদ অরণ্যে পাওয়া যায়। গাছপালা নিধনের ফলে আমরা যে নিজেদের পায়ে নিজেরাই কুড়োল মারছি তা নিশ্চিত করেই বলা যায়।

অরণ্যঘেরা কোনও এলাকার বায়ু আর্দ্র অবস্থায় থাকে। অন্যদিকে জলীয়বাষ্প পূর্ণ বায়ুপ্রবাহের উষ্ণতা স্বাভাবিক ভাবেই শীতল অবস্থায় থাকা বনভূমির বায়ুর সংস্পর্শে কমে এবং এর ফলে বৃষ্টি হয়। এ প্রাকৃতিক প্রক্রিয়ার ফলে স্থানীয় ভাবে বর্ষণের বিতরণেও অরণ্য প্রভাব ফেলে। বনাঞ্চল ধ্বংসের ফলে বৃষ্টির পরিমাণ কমে অনেক সময়ে খরা পরিস্থিতির সৃষ্টি হয়। মরুভূমির বালিকণা, ঘূর্ণিঝড় অনেক দূর টেনে নিয়ে গিয়ে মরুভূমির সম্প্রসারণ ঘটায়। গাছ-গাছালি থাকলে মরুভূমির বিস্তার বাধা পায়, কারণ বালিকণা আটকে থাকে গাছের লতাপাতায়। তা ছাড়া, বায়ুর আর্দ্রতা বাড়িয়ে মরুভূমির শুস্ক অবস্থা সৃষ্টি হতে দেয় না। ফলে মরুভূমি বিস্তার লাভ করতে পারে না। অরণ্যের এ প্রতিরোধী বৈশিষ্ট্যের প্রতি দৃষ্টি রেখেই ভারতের একমাত্র মরুভূমি থর মরূভূমির লাগোয়া অঞ্চলে ৬৫০ কিলোমিটার দীর্ঘ ও ৮ কিলোমিটার চওড়া অঞ্চলে বৃক্ষরোপণ করে অরণ্যের সৃষ্টি করা হয়েছে। এটা এক বিরাট সাফল্য।

বাতাস ও পানির আঘাতে ভূমির ক্ষতি হয়। অরণ্য কিন্তু এ ক্ষতি থেকে ভূমিকে রক্ষা করতে পারে। আমাদের দেশে বছরে হাজার হাজার একর জমি বাতাস পানি দ্বারা ক্ষয় প্রাপ্ত হয়। অরণ্য ধ্বংস হওয়ার ফলেও ভূমির খলন দ্রুত ঘটছে। অন্যদিকে জুম চাষের জন্য দক্ষিণ পূর্বাঞ্চলে বনাঞ্চল অনেকটা কমেছে। আর এতে ভূমিক্ষয়ের পরিমাণ বেড়েছে। দক্ষিণ পূর্বাঞ্চলে জুম চাষ নামে পরিচিত স্থানান্তরিত কৃষি পদ্ধতি বিশ্বের বিভিন্ন ক্রান্তীয় অঞ্চলে বিভিন্ন নামে প্রচলিত। জুম চাষের জন্য দেশে বছরে হাজারো হেক্টর বনাঞ্চল ধ্বংস হয় বলে এক সমীক্ষায় প্রকাশ। ক্রান্তীয় অরণ্যাঞ্চল ধ্বংসের ফলে প্রতিদিন লুপ্ত হচ্ছে মানব সমাজের প্রয়োজনীয় ১০০ ধরনের মূল্যবান বনজ সম্পদ।

বনাঞ্চল ধ্বংসের ফলে বনজ জীব-জন্তুর আবাসভূমির অভাব ঘটছে এবং অনেক বন্য জীবজন্তু খাদ্যভাব বা অন্যান্য কারণে মৃত্যুমুখে পতিত হওয়া ছাড়াও জনবসতি গুলোতে তারা বেরিয়ে আসার ফলে অনেক মূল্যবান মানব জীবনেরও পরিসমাপ্তি ঘটছে। হাতি, বাঘের উপদ্রবের খবরও মাঝেমধ্যে সংবাদপত্রের শিরোনামে আসে। অরণ্যভূমি ধ্বংসের অন্যতম কুফল এটা। বনাঞ্চলের উপকারিতার প্রতি লক্ষ্য রেখে এর সংরক্ষণ তথা রক্ষণাবেক্ষণের ওপর বর্তমানে যথেষ্ট সরকারী, বেসরকারী এমনকি সামাজিক ও ব্যক্তি পর্যায়েও গুরুত্ব প্রদান করা হচ্ছে। বনানীকরণ ও পুনর্বনানীকরণের উপরও জোর দেওয়া প্রয়োজন। সামাজিক বনানীকরণ কর্মসুচি ক'বছর আগে শুরু করেছিল সরকার। অ্যাগ্রো ফরেস্ট্রি প্রোগ্রামে এক টুকরো জমিতে চাষাবাদ, গাছ লাগানো ইত্যাদি করা হয়। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে, যাতে পতিত জমির সদ্ব্যবহার হয়। এর ফলে চাষিরা শস্য ছাড়াও পশুখাদ্য, জ্বালানি হিসেবে খড়ি, ফলমূল ও কাঠ পান।

পর্যাপ্ত বনভূমি থাকার পরও প্রতিবেশী দেশ ভারত, মায়ানমার, নেপাল, ভূটান, থাইল্যান্ড, ভিয়েতনাম তাদের নিজ নিজ দেশের বনাঞ্চলকে সম্প্রসারিত করার প্রয়াস অব্যাহত রেখেছে। এ সকল দেশে সামাজিক বনানীকরণ বিভাগ অ্যাগ্রো ফরেস্ট্রি, কম্যুনিটি ফরেস্ট্রি, কর্মাশিয়াল ফরেস্ট্রি এবং আরবান ফরেস্ট্রিসহ বিভিন্ন কর্মসুচী হাতে নেয়া হয়েছে। অরণ্য সমূহের উপর মানব সমাজের বিভিন্ন কারণে প্রয়োগ করা চাপ কম করাটা সামাজিক বনানীকরণের মুখ্য উদ্দেশ্য। বনাঞ্চলগুলোর নিবাসী মূল্যবান বন্যপ্রাণীগুলোর সংরক্ষণের জন্যও প্রণয়ন করা হয়েছে নানা কর্মসূচী। ভারত সম্ভবত বিশ্বের প্রথম রাষ্ট্র যেখানে ওয়াইল্ড লাইফ প্রোটেকশন অ্যাক্ট ১৯৭২ প্রণয়ন করা হয়। বিভিন্ন আইন প্রণয়ন ও কর্মসূচির মাধ্যমে তাদের দেশে বন্যপ্রাণী রক্ষণাবেক্ষণে গুরুত্ব আরোপ করা হয়েছে। প্রোজেক্ট টাইগারের জন্য কুড়িটি জাতীয় উদ্যান ও অভয়ারণ্য বাছাই করা হয়েছে। বন্য জন্তুগুলোর প্রাকৃতিক আবাসভূমি অরণ্যসমূহের সংরক্ষণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বন সংরক্ষণের ক্ষেত্রে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যেই বছরব্যাপী বন মহোৎসবের আয়োজন করা হয়ে থাকে ভারতসহ অন্যান্য দেশে।

প্রাসঙ্গিকভাবে আমি এখানে ক'টি উদাহরণ উপস্থাপন করতে চাই, আশা করি পাঠকমহল অনুধাবন করতে সক্ষম হবেন যে, সততা, একাগ্রতা, আন্তরিকতা থাকলে যে কোন মহৎ কাজে সাধারণ মানুষের সহযোগিতা পাওয়া যায় এবং এতে সফলতা আসে- যেমন ২০১৬ সালের ২রা সেপ্টেম্বর রংপুর জেলার তৎকালীন জেলা প্রশাসক জনাব রাহাত আনোয়ারের (বর্তমান সিলেটের জেলা প্রশাসক) নেতৃত্বে ''সবুজ তারাগঞ্জ গড়ি'' কর্ম পরিকল্পনার আওতায় ১৩৫টি রাস্তায় সকাল ৭টা থেকে ৮ টার মধ্যে মাত্র ১ ঘন্টা সময়ে আড়াই লাখ গাছের চারা রোপণ করে নতুন রেকর্ড সৃষ্টি করেছেন। উপজেলার ৫টি ইউনিয়নের ৪৫টি ওয়ার্ডের স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী, জন-প্রতিনিধি, ইমাম, সাংবাদিক, রাজনৈতিক দলের নেতাকর্মী, কৃষকসহ বিভিন্ন পেশার ৩৫ হাজার মানুষ ৪৬০ কিলোমিটার রাস্তার উভয় পার্শ্বে আম, জাম, কাঁঠাল, পেয়ারা, আমলকি, মেহগনি, বকুল,

কৃষ্ণচূড়া, রাধাচূড়াসহ ৪০ প্রজাতির ফল, ফুল, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করেন। চারা গাছ রোপণের এ মহৎ কাজে যারা অংশ গ্রহণ করেন তাদের প্রত্যেকেই রোপিত গাছের চারা বাঁচিয়ে রাখার প্রতিশ্রুতি প্রদান করেন উপস্থিত জন সমাবেশে।

জেলা প্রশাসক রাহাত আনোয়ারের মহৎ এ উদ্যোগ সকল মহলে প্রশংসিত হয়। জেলার অনেকেই বৃক্ষ রোপণের মত মহৎ কাজে আগ্রহী হয়ে গাছের চারা রোপণে এগিয়ে আসেন এবং অনেক সরকারী বেসরকারি সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সংগঠন এমনকি ব্যক্তি পর্যায়েও অনেকেই গাছের চারা রোপণ করে তা রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করেন। জেলা প্রশাসক রাহাত আনোয়ার তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন বৃক্ষরোপণ করে রক্ষণাবেক্ষণের মাধ্যমে তা বাঁচিয়ে রাখা এবং বনাঞ্চল সৃষ্টি করা এক মহৎ কাজ। তিনি এও বলেন যে, সমাজের সকল স্তরের মানুষের সম্মিলিত প্রচেষ্টায় যে কোন মহৎ কাজে সফলতা আসেই।

আমাদের সকলের ঐকান্তিক প্রয়াসে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আন্তরিকতার সাথে যদি আমরা বৃক্ষরোপণ করে রক্ষণাবেক্ষণ করি তাহলে এদেশকে সবুজে সমৃদ্ধ করা কোন কঠিন কাজ নয় এবং এটাই হবে সবচেয়ে মহৎ কাজ, যা প্রাণীকূলের বেঁচে থাকার জন্য একান্তই প্রয়োজন।

আমাদের পার্শ্ববর্তী ছোট্ট পাহাড়ী দেশ ভুটানের দিকে তাকাই। এদেশের জনসংখ্যা মাত্র ৩ লাখের মত। ভূটানের রাজা জিগমে খেসর পিয়াল ও রানী জেটসুন প্রেমার ঘরে জন্ম নিয়েছে প্রথম সন্তান । এ উপলক্ষে দেশের জনগণ এক ব্যতিক্রমধর্মী উদ্যোগ নিয়েছেন। রাজপুত্রের জন্ম উপলক্ষে বিভিন্ন প্রজাতির বিশেষ করে ফলজ ১ লক্ষ আট হাজার গাছের চারা একদিনে রোপন করেছেন দেশের জনগণ দেশের বিভিন্ন স্থানে । গত ৫ ফেব্রুয়ারী রাজা খেসর রানী প্রেমা তাদের প্রথম সন্তান জন্ম হওয়ার ঘোষণা দেন। প্রতিটি গাছে নবজাতকের জন্য এক একটি প্রার্থনা সেটে দেওয়া ছিল। দীর্ঘায়ূ, সুন্দর সহানুভূতির প্রতীক গাছকে বৌদ্ধ ধর্মে পবিত্র হিসাবে গণ্য করা হয়। গাছের চারা রোপনের ক্ষেত্রে ১ লক্ষ ৮ হাজার সংখ্যাটিই মানা হয়েছিল। কেননা বৌদ্ধরা ১০৮ সংখ্যাটি পবিত্র বলে মনে করেন। ৮২ হাজার পরিবার ১টি করে গাছের চারা রোপন করেছে। গাছের চারা রোপন করে তারা প্রতিজ্ঞাবদ্ধ হয় যে রোপিত গাছের প্রতিটি চারা রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা করে বড় করে তুলবে। এতে ছোট দেশ ভূটান আরও সমৃদ্ধশালী হবে। এর আগের বছর এক ঘন্টায় ৫৯ হাজার ৬৭২ টি গাছের চারা রোপন করে বিশ্ব রেকড সৃষ্টি করেছিল এ ভূটানিরাই। উলেখ্য ভূটান ছোট দেশ হলেও ফলজ ও বনজ সম্পদে সমৃদ্ধ। তাদের দেশের প্রতিটি মানুষই দেশপ্রেমিক, রাজাভক্ত এবং দেশের প্রচলিত আইনের প্রতি শ্রদ্ধাশীল।

মার্কিন যুক্তরাষ্ট্রের কালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ল্যাবি এইচ এবং বাংলাদেশের বিজ্ঞানী ড. ডাবিউ জামান বাংলাদেশের বন ও পরিবেশ নিয়ে এক গবেষণা করে জানিয়েছেন দেশের সড়ক, রেলপথ, নদী, খালের দুই পাশে চা বাগানের পরিত্যক্ত ভূমি এবং টিলা পাহাড়ে পরিকল্পিত ভাবে ১২০ কোটি ফলদ বৃক্ষ লাগিয়ে ১০ বছরে মাত্র ফল ও পুষ্টি ঘাটতি পূরণ করা খুবই সহজ। এতে ৫০ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে এই সঙ্গে ৫০-৬০ লক্ষ টন ফল বিদেশে রপ্তানি করা যাবে। পশু পাখির আগমন ভারবে, সুন্দর হবে পরিবেশ, অক্সিজেনের সরবরাহ বৃদ্ধি পাবে, দেশ হবে সমৃদ্ধশালী। আমাদের সরকারের নীতি নির্ধারকরা এ ব্যাপারে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আন্তরিকতার সাথে এগিয়ে আসলে এ কাজে সফলতা খুব কঠিন ব্যাপার নয়।

যে কোনও প্রকল্পের সফল রূপায়ণের জন্য জনগণের সহযোগিতা জরুরী। স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে জনগণের সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে হবে। ব্যক্তিস্বার্থ পূরণের লক্ষ্যে বনধ্বংসে লিপ্ত দুর্নীতিগ্রস্ত লোকের বিরুদ্ধে জনসাধারণের প্রতিবাদী কণ্ঠ সোচ্চার হতে হবে। সরকারকেও এ ব্যাপারে কঠোর হতে হবে। মনে রাখতে হবে মূল্যবান একগুচ্ছ গাছ ধ্বংস করতে বেশি সময় লাগে না, কিন্তু সে গাছ গজিয়ে উঠতে অনেক সময়ের প্রয়োজন হয়। প্রবীণ সাংবাদিক-কলামিস্ট। বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার (১ম স্বর্ণ পদক) প্রাপ্ত।

f) **Population, Literacy rate and Profession:** Approximately 3500 families are living within the area of MKNP and in surrounding 13 villages. Total population is approximately of 19,249 persons of which male 10,514 nos. and female 8,775 nos. Literacy rate is around 24%. Out of total population 87% are Muslim and rest are Hindus and Buddhists. Most people are dependent on agriculture.

Co-Management Status:

a) Date of formation of co-management: 17th November 2009
b) Area coverage: 395.93 hectares
c) Co-management council: 01 no.
d) Co management committee: 01 no.
e) Village Conservation forum: 13 nos.
f) Community patrolling group (CPG): 1 no.
g) CPG member: 35 nos. (Male- 31 nos. and female- 4 nos.)
h) Nishorgo Shohayok (VCF level Facilitator): 13 nos.
i) Peoples Forum: 01 no, member- 26 nos. (Male- 13 nos. and female- 13 nos.)
j) Eco-tour guide: 06 nos.

Plantation activities:

a) A.N.R: 100.0 ha in 2014-15.
b) Cane plantation: 20.0 ha in 2013-14.
c) Ornamental tree plantation: 2.0 ha (5,000 nos. of seedlings) in 2012-13.

Eco-tourism activities:

a) Park office: 1 no.
b) Parking area: 200 sq m.
c) Picnic corner: 1 no.
d) Round shed: 1 no
e) Visitors' round shed: 2 nos. (done by CREL)
f) CPG patrol shed: 3 nos. (done by CREL)
g) Ticket counter: 1 no. (done by CREL)
h) CMC office: 1 no. (done by CREL)

Prevailing threats and challenges:

a) The proposed Dohazari - Cox'sbazar railway will go through Medakocchopia National Park splitting it into two parts by removing some potential garjan mother trees. This will create noise pollution, habitat fragmentation and casualty risk to the wildlife including most threaten Asian elephant residing in the park.
b) The Cox'sbazar - Chittagong highway going through Medakocchopia National Park will be further expanded into 4-lane that will also create further habitat fragmentation and casualty risk to the wildlife leaving narrower space for most threaten Asian elephant residing in the park.
c) A tendency of the evicted families from the alignment of the railway and 4-lane highway to further encroach the remaining national park areas and make illegal settlements to take refuge over there.
d) Electric line, telephone line, optical fiber line, etc. going through the park disturbs root system and crowns of the trees of the alignment.
e) Illegal occupation and conversion of the park land by some unauthorized educational and religious institutions, illegal settlements, hat-bazars, agriculture, etc.
f) Excessive illegal human settlements in the park gives scope for over exploitation of forest resources and thus making human-elephant conflicts. They use younger natural regenerations as fuel-wood and do not allow them to grow up.
g) Use of younger garjan trees and saplings in the near-by salt production fields.
h) Lack of manpower and improper logistic support.
i) Lack of transport, fuel and lubricants.

j) No fund for implementing more ANR and guarding the ANR already established.
k) Influence of politicians and influential in unauthorized occupation of the forest lands and construction of illegal settlements over there and opposing by them in case of eviction of encroachments from forest lands.
l) Disputes of land ownership over forest lands of national park resulting differences in the maps and records of R.S survey and B.S survey. Some notified reserved and protected forest lands of national park were intentionally or mistakenly recorded as private lands or khas lands in the B.S survey though these were originally recorded in the R.S survey as forest lands.
m) Traditional system of forest villages and forest villagers and the uncontrolled and unmanaged usufruct right over forest land they exercise is the great concern today for forest department.
n) Vested interest of some of the co-management committee and council members of graving forest lands and not releasing the forest lands for scientific management of national park which were previously occupied, settled and cultivated by them illegally.
o) Lack of approved long term master plan/management plan for the scientific management of the national park.

Suggestions/recommendations to overcome the threats and challenges:

a) The proposed railway and 4-lane highway should be aligned, designed and constructed in such a way of incurring less cost and minimum loss to the national park.
b) There should be an arrangement of sufficient over-pass and under-pass corridor for the uninterrupted and easier movement of wild elephant and some other wild animals.
c) Electric line, telephone line, gas line, optical fiber line and other utility pipe lines can go through beneath the island in the middle of the 4-lane highway to avoid damages of crown and root system of the forest.
d) All kinds of illegal establishments, settlements and encroachments should immediately be evicted and the identified landless poorer can be rehabilitated in a minimum area of ecovillages inside or outside the PA providing necessary facilities.
e) Sufficient skill development trainings and alternative income generation activities should continuously be carried out among the local poor to make them self-sufficient and divert them from forest dependency.
f) Fast growing firewood plantation can be established in the impact zone of national park to meet acute demand of fuel-wood.
g) Substitute of garjan pole can be popularized in salt production.
p) Immediate measures should be taken to correct the false records of forest lands as private or khas lands in BS survey maps and records which were originally recorded in the RS survey as forest lands.
h) Traditional system of forest villages and forest villagers should critically and justifiably be examined and the forest lands over which they do practice their usufruct right can be taken under scientific forest management.
i) Sufficient professional trained staffs should be employed with modern equipment and all necessary logistic supports.
j) Sufficient fund for implementing more ANR and guarding the ANR already established should be provided.
k) Transport facilities should be provided with the supply of necessary fuel and lubricants.
l) Sufficient number of modern arms and ammunition should be provided and regular training should be arranged for the field staffs.
m) Long term master plan/management plan for the scientific management of the national park should be undertaken.
n) Protected Area Rules and/or Co-management Rules should be designed in such a manner that no illegal occupier of forest land can possess any of the positions of Co-management Committee and Co-management Council of the Protected Area.
o) Remuneration of the Community Patrol Group members should reasonably be increased.

Figure 1 MKNP

Figure 2 MKNP

Figure 3 MKNP

“সবুজ হবে মোদের মন“

এ,বি,এম নজরুল ইসলাম,

এই আমাদের জন্মভূমি
এইতো মোদের দেশ
সবুজ শ্যামল সুখের রেশ
লাগবে তখন আহা বেশ।

গাছ লাগাই আর ফসল ফলাই
থাকবে না কোথা খালি
মাটি ভেদে থাকবে গাছ
হো'ক না সেথা বালি।

নদী নালা খালে বিলে
গাছ লাগাই পথের ধারে
ঘরের ছাদে-মাটির টবে
আরো লাগাই নদীর পাড়ে।

লাগাবো গাছ উঠতি চরে
সাগর তীরে পাহাড় পরে
যখন,গাছের পাতা নড়ে চড়ে
হৃদয় মন কার না কাড়ে ?

অক্সিজেন বিলিয়ে দেয়
সারাদিনমান রেখে।
কার্বন-তো শুষিয়ে নেয়
গভীর রাতের আঁধারে।।

ফরেস্ট রেঞ্জার, সামাজিক বন বিভাগ,বগুড়া

টেকসই সহ-ব্যবস্থাপনা, টেকসই বন সংরক্ষণঃ
সহ-ব্যবস্থাপনা দিবস -২০১৭

- মার্জিয়া লিপি

২০০৮ সালের মার্চের ২৩ তারিখে টেকনাফ বণ্যপ্রাণী অভয়ারণ্যের শীলখালী সহ-ব্যবস্থাপনা সংগঠনের বন পাহারা দলের সদস্য রফিকুল ইসলাম সাহসিকতার সঙ্গে বন রক্ষা করতে গিয়ে বন দস্যুর হাতে শহীদ হন; জীবন উৎসর্গ করেন। রফিকুল ইসলাম ছাড়াও কাপ্তাইএর হিরু মিয়া ও অন্যান্য সদস্য - যাঁরা বিভিন্ন সময়ে প্রকৃতি সংরক্ষণে বনের সম্পদ রক্ষায় জীবন দিয়েছেন, আহত হয়েছেন – তাঁদের আত্মত্যাগের স্মরণে ও সম্মানে, সকল সবুজ শহীদদের শ্রদ্ধা জানানোর জন্যে ২০০৮ সাল থেকে প্রতিবছর বাংলাদেশে বনবিভাগ, ইউএসএইড ও রক্ষিত এলাকায় আশেপাশে বসবাসকারীদের যৌথ উদ্যোগে এই দিনটিকে উদযাপিত হচ্ছে 'সহ-ব্যবস্থাপনা দিবস'।

চিত্রঃ সহ-ব্যবস্থাপনা দিবস - ২০১৬ তে "সাসটেইনেবল ফিনান্সিং অব কো-ম্যানেজমেন্ট ইন বাংলাদেশ" শীর্ষক সংলাপ

জীবন ও জীবিকার অন্যতম অবলম্বন প্রকৃতি। পরিবেশের ভারসাম্য রক্ষা ও মানুষের মৌলিক চাহিদা পূরণে প্রকৃতির অবদান অনস্বীকার্য। অথচ প্রতিনিয়ত জনসংখ্যা বৃদ্ধি, অপরিকল্পিত নগরায়ণ, উন্নয়ন কার্যক্রম, বনভূমিকে কৃষিজমিতে রূপান্তর ইত্যাদি নানাবিধ কারণে বাংলাদেশের বনজ সম্পদ আশংকাজনকভাবে হ্রাস পেয়েছে।হ্রাস পেয়েছে বনে বসবাসকারী জীববৈচিত্র্য ও উদ্ভিদরাজি; লুপ্ত হয়েছে অনেক পাখি ও বন্যপ্রাণী । বাংলাদেশ সরকার বিভিন্ন দপ্তর, বিভাগ দেশের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় দীর্ঘদিন দায়িত্ব পালন করে আসছে। সময়ের বিবর্তনে বর্তমান প্রেক্ষাপটে সরকারের জনবলের পক্ষে সারাদেশে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা বিশাল বনজ সম্পদ ব্যবস্থাপনায় দায়িত্ব পালন এখন আর সঠিকভাবে সম্ভব হচ্ছে না - প্রয়োজন সম্পদ রক্ষায় নির্ভরশীল জনগণের সক্রিয় অংশগ্রহণ। এ অবস্থার উন্নয়ন ও উত্তরণের জন্যে অংশগ্রহণের প্রয়োজনীয়তা থেকেই সহ ব্যবস্থাপনা ধারণার জন্ম। অর্থাৎ ব্যবস্থাপনায় সরকার ও স্থানীয় জনগোষ্ঠীর এই অংশীদারীত্বই হচ্ছে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি। সম্পদ রক্ষায় ও ব্যবস্থাপনায় কার্যক্রম পরিচালিত প্রতিষ্ঠানই হচ্ছে সহ-ব্যবস্থাপনা সংগঠন । দেশের প্রাকৃতিক সম্পদ রক্ষায় এই ধারণাটি নতুন। পৃথিবীর বিভিন্ন দেশে দীর্ঘদিন ধরে জনগণের অংশগ্রহণে সফলতার সঙ্গে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনা করে আসছে। আশির দশকে আমাদের দেশেও সফলতার সঙ্গে স্থানীয় জনগণের অংশগ্রহণে সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। মূলত সামাজিক বনায়নের সফলতায় উদ্বুদ্ধ হয়ে ২০০৩ সালে ইউএসইইড এর আর্থিক সহায়তায় বন বিভাগ বন ব্যবস্থাপনায় নিসর্গ প্রকল্পে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি পাইলটিং করেছে। সরকারের প্রজ্ঞাপণের বলে বনবিভাগ, স্থানীয় সরকার ও প্রশাসন, সুশীল সমাজ, আইন শৃঙ্খলা বাহিনী, রক্ষিত এলাকার বনভূমির উপর নির্ভরশীল জনগণ ও সংশ্লিষ্ট বিভাগের অংশীদারিত্বের ভিত্তিতে একযোগে সহ ব্যবস্থাপনা সংগঠন কাজ করে যাচ্ছে। জলাশয় ও প্রতিবেশগত সংকটাপন্ন এলাকাও সম্পদের উপর নির্ভরশীল জনগণের সমন্বয়েও এরূপ সংগঠন রয়েছে। আইপ্যাক (ইন্টিগ্রেটেড প্রটেক্টেড এরিয়া কো-ম্যানেজমেন্ট) প্রকল্প সময়কালে সহ-ব্যবস্থাপনা সংগঠনের বিস্তার ঘটেছে । ২০১৩ সালে ক্লাইমেট রেজিলিয়েন্ট ইকোসিস্টেমস্ এণ্ড লাইভীহুডস্ (ক্রেল) প্রকল্পে - ২১ টি রক্ষিত এলাকায় ২৭ টি সহ-ব্যবস্থাপনা সংগঠনের মাধ্যমে বন ব্যবস্থাপনায় অংশগ্রহণের পাশাপাশি

জলবায়ু পরিবর্তনে অভিযোজন কৌশলে গ্রামভিত্তিক পরিকল্পনা করা হয়েছে। সহ-ব্যবস্থাপনা সংগঠন প্রতি বছর বনবিভাগ ও সকলের সাথে যোগাযোগ করে, সকলের সহযোগিতা নিয়ে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরী করে। পরিকল্পনার ভিত্তিতে বন, বন্যপ্রাণী ও বনের উপর নির্ভরশীল মানুষের দক্ষতা বৃদ্ধিসহ জীবন ও জীবিকার উন্নয়নেও কার্যক্রম পরিচালনা করছে।
সহ-ব্যবস্থাপনা সংগঠন বন আর প্রকৃতি সংরক্ষণে কাজ করছে আগামী প্রজন্মকে নিয়ে সুন্দর একটা বাংলাদেশে বেঁচে থাকার জন্যে। প্রাকৃতিক সম্পদ সমৃদ্ধ এলাকায় যারা বাস করে, বনের আশে পাশে যারা বেড়ে উঠে তারা নিজেদেরকে প্রকৃতির অংশ মনে করে। নিজেকে মনে করে প্রকৃতির সন্তান, বনকে মনে করে নিজের মায়ের মতো। বিভিন্ন ঝড়-ঝঞ্ঝা-সিডর-আইলা-জলোচ্ছ্বাস ইত্যাদি দুর্যোগে বনভূমি মানুষকে মায়ের মতো আগলে রাখে, আশ্রয় দেয়। বনের কাঠ, গোলপাতা থেকে তারা ঘর-বাড়ী, আসবাব পত্র তৈরি করে, নদীর মাছে জীবিকা অর্জন করে, বনের ফল ও মধু তাদের পুষ্টি যোগায়।

চিত্রঃ সিপিজি এর সদস্যদের বন পাহাড়া

চিত্রঃ বিশ্ব বাঘ দিবস উদযাপন

সহ-ব্যবস্থাপনা সংগঠনে প্রায় ১৬০০ কমিউনিটি পেট্রোল গ্রুপ (সিপিজি) এর প্রতিনিধি বনপ্রহরীদের সাথে বন পাহারা দিচ্ছে। যৌথ টহল দল (সিপিজি) সদস্যরা কিভাবে বন পাহারা দিতে হয়, গাছ-মাছ-বন্যপ্রাণীর অবস্থা বুঝতে হয়, রিপোর্ট রাখতে হয় সে বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ পেয়েছে, দেশ-বিদেশ থেকে প্রকৃতি সংরক্ষণে বন পাহারায় বিভিন্ন সম্মান ও স্বীকৃতি পেয়েছে। টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের খুরশীদা বেগম বনের যৌথ অংশীদারিত্বের জন্য সম্মানজনক পুরষ্কার 'ওয়াঙ্গারী ম্যাথাই পুরষ্কার ২০১২' অর্জন করেছেন। সহ ব্যবস্থাপনায় তাঁর প্রচেষ্টা ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে নেতৃত্ব প্রদানের স্বীকৃতিস্বরূপ তিনি এই পুরষ্কার পান। 'ওয়াঙ্গারী ম্যাথাই এর প্রথম মৃত্যুবার্ষিকীতে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার তৃতীয় বিশ্ব বন সপ্তাহের সভায় ইটালির রাজধানী রোমে খুরশীদা বেগম এ পুরষ্কার গ্রহণ করেন। তিনি 'ওয়াঙ্গারী ম্যাথাই' পুরষ্কারটি অর্জন করেন একজন প্রথম নারী পরিবর্তনকারী হিসেবে তাঁর সমাজে ও প্রাকৃতিক সম্পদ নিশ্চিতকরণের মাধ্যমে। টেকনাফ অভয়ারণ্যের খুরশীদা বেগম প্রথম নারী যিনি বাংলাদেশে প্রথম নারী কমিউনিটি পাহাড়া দলের সূচনা করেন।

চিত্রঃ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে ভূমিকা রাখায় সিপিজি সদস্য খুরশীদা বেগরমের 'ওয়াঙ্গারী ম্যাথাই' পুরস্কার ও মাননীয় প্রধানমন্ত্রীর স্বীকৃতি

সব ধরনের সক্ষমতা থাকার পরও সংগঠন অকার্যকর হয়ে পড়ে মূলত যে কারণে তা হচ্ছে তহবিলের অভাব। আয়ের কোনো সুনির্দিষ্ট উৎস না থাকলে এবং খরচ নির্বাহের ব্যবস্থা না থাকলে ঐ প্রতিষ্ঠান বেশিদিন ভালোভাবে পরিচালিত হয়না। এ ছাড়া প্রতিষ্ঠান যদি হয় সেবা মূলক তা হলে জনগণের প্রত্যাশা থাকে বেশী। সহ-ব্যবস্থাপনা পদ্ধতির প্রতি নির্ভরশীর মানুষের আকাঙ্খা ভিন্ন। এই পদ্ধতির মূল আকাঙ্খাই হচ্ছে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ, স্থানীয়ভাবে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন, স্থানীয়ভাবেই বাস্তবায়নের জন্য অর্থ সংগ্রহ ও রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুবিধা স্থানীয়ভাবে ব্যবহার করা। এ ক্ষেত্রে সংগঠনের স্থায়িত্বের জন্যে সহ ব্যবস্থাপনা কমিটির জন্য তহবিল সংগ্রহের বিষয়টি গুরুত্বপূর্ণ। টেকসই সহ-ব্যবস্থাপনা ও টেকসই বন সংরক্ষণের লক্ষ্যে তহবিল সংগ্রহের প্রচেষ্টা গ্রহণ করা সহ-ব্যবস্থাপনার অংশ। এ তহবিল সংগ্রহ হতে পারে রক্ষিত এলাকা দর্শনার্থীদের সুবিধা প্রদানের মাধ্যমে যেমন গাড়ী পার্কিং, বনে হাইকিং, ঐতিহ্যবাহী উপহার সামগ্রী বিক্রয়, নিরাপদে রাত্রি যাপণের ব্যবস্থা প্রদান ইত্যাদি। এছাড়া অন্যান্য দাতা সংস্থার কাছ থেকে উন্নয়নমূলক প্রকল্পের জন্য আবেদন করে তহবিল সংগ্রহ করা যেতে পারে। প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন খরচ নির্বাহের জন্য সার্ভিস চার্জ নেয়া যেতে পারে। সংগৃহীত অর্থের একটি অংশ ডাক বিভাগ কিংবা ব্যাংকে স্থায়ী আমানত হিসাবেও রাখা যেতে পারে। অর্থাৎ তহবিল সংগ্রহের কোনো একক উৎসের উপর নির্ভর না করে সৃজনশীলভাবে বহুমাত্রিক উৎস বিবেচনা করতে হবে।

চিত্রঃ স্থানীয় জনগনের অংশগ্রহণে ও সহ-ব্যবস্থাপনা সংগঠনের পরিচালনায় প্রকৃতি পর্যটন

অর্থনেতিক সক্ষমতা কোনো প্রতিষ্ঠানের স্থায়িত্ব অর্জনের পূর্ব শর্ত। আমাদের এই দেশ প্রকৃতি-পর্যটনের জন্য খুব বেশী উপযোগী - আমাদের প্রকৃতি, পাহাড়, বন্যপ্রাণী, নিসর্গ আর জলাজঙ্গল। প্রকৃতি-পর্যটন হতে পারে আমাদের অন্যতম আয়ের পথ - যেখানে সরকার পর্যটনের পুরো আয় সহ ব্যবস্থাপনা সংগঠনকে প্রদান করবে। ফলে বনের উপর অপরিকল্পিত ভাবে সম্পদ আহরণকারী ও নির্ভরশীল মানুষের আয়ের পথ সুগম হবে। আর্থিক ও সামাজিক অবস্থার উন্নয়ন হবে বনের ও বনজীবি মানুষের। সহ-ব্যবস্থাপনা সংগঠন ও বন পাহাড়া দলের সদস্যদের মাধ্যমে প্রকৃতি পর্যটন সংরক্ষিত এলাকাগুলোয় একদিকে প্রাকৃতিক সৌন্দর্য অবলোকনের অবকাশ সৃষ্টি করে উপরন্তু ঐ এলাকায় বসবাসকারী জনগোষ্ঠীর অর্থনৈতিক সমৃদ্ধি ও আয় বৃদ্ধির সুযোগ করে দেয়। তবে এসকল প্রকৃতি পর্যটন খুব সতর্কভাবে সৃষ্টি করতে হবে যেন প্রকৃতি ও প্রকৃতিতে অবস্থান জীববৈচিত্র্যের কোনো রকম নেতিবাচক প্রভাব না পড়ে। একই সঙ্গে এ পর্যটন খাত থেকে উদ্ভুত বা সৃষ্ট আয় থেকে যাতে করে স্থানীয় জনগোষ্ঠী সহ-ব্যবস্থাপনা সংগঠন ও বন পাহাড়া দলের সদস্যরা উপকৃত হয় সে বিষয়টি নিশ্চিত হয়। পাশাপাশি সহ ব্যবস্থাপনা সংগঠনের মাধ্যমে বিভিন্ন রকম প্রচার- প্রচারণায় শুধুমাত্র প্রকৃতি অনুরাগী ও প্রকৃতি বান্ধব পর্যটকদের এসকল পর্যটন স্থানসমূহে আসার জন্যে অনুপ্রাণিত করা হবে। সহ ব্যবস্থাপনা সংগঠনের অর্থনৈতিক সক্ষমতা অর্জনের ক্ষেত্রে প্রকৃতি পর্যটন অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হতে পারে।

ব্যক্তি পর্যায়ে বিনিয়োগ ও ব্যবসা প্রতিষ্ঠানের বিনিয়োগ- প্রকৃতি সংরক্ষণে সচেতনতা ও প্রকৃতি সংরক্ষণের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকৃতি ও জীববৈচিত্র্য সংরক্ষণে ব্যক্তি ও ব্যবসা প্রতিষ্ঠানের বিনিয়োগ সহ-ব্যবস্থাপনা সংগঠনের সঙ্গে যৌথ উদ্যোগে বিবিধ জীবিকায়নের মাধ্যমে বিকল্প আয়ের পথ সুগম করে।

চিত্রঃ সহ-ব্যবস্থাপনা সংগঠনের সদস্যদের প্রকৃতি সংরক্ষণ ও জীবিকা উন্নয়নে ম্যানগ্রোভ নার্সারী ও রপ্তানীযোগ্য সূতার তৈরী খেলনা

বাণিজ্যিক ও ব্যবসা প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতা তহবিল হতে প্রতিবেশ বান্ধব কোনো কাজের জন্য সহায়তা যা - প্রকৃতি সংরক্ষণে সম্পৃক্ত ব্যক্তি অথবা সহ- ব্যবস্থাপনা সংগঠনের আয় বৃদ্ধিতে কার্যকর ও সহায়ক ভূমিকা রাখবে। বেশ কয়েকটি আর্থিক উৎসের সুযোগ হতে পারে-

সরকার হতে বার্ষিক বরাদ্দ; জেলা, উপজেলা, ইউনিয়ন পরিষদ হতে উন্নয়ন বরাদ্দ ও প্রশিক্ষণ সহায়তা; শিল্প-কারখানার মালিকদের কল্যাণ তহবিল, বাণিজ্যিক ও আর্থিক প্রতিষ্ঠান, যেমন ব্যাংকএর সামাজিক দায়বদ্ধতা তহবিল, সামাজিক বনায়ন, প্রকৃতি পর্যটন, ব্যক্তিপর্যায়ে অনুদান, সিএমসির জন্য এনডোমেন্ট ফাণ্ড, সরকারের জলবায়ু তহবিল ইত্যাদি উল্লেখযোগ্য।

২০১৭ সালে সহ-ব্যবস্থাপনা দিবসের প্রতিপাদ্য বিষয় হচ্ছে ‘‘টেকসই সহ-ব্যবস্থাপনা, টেকসই বন সংরক্ষণ”। টেকসই সহ-ব্যবস্থাপনার জন্য সকলের অংশদারীরত্বের মিলিত ও কার্যকর প্রয়াস প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও সংরক্ষণে কাঙ্খিত অর্জনের লক্ষ্যে পৌছে দিতে পারে।

বৃক্ষই জীবনের বন্ধন

বৃক্ষ কবি মোঃ শহীদুল হক আকন্দ

বৃক্ষ জীবনের সাথী সকল কাজের মাঝে,
ঝড় তুফান রক্ষা করে মোদের যত্নে রাখে।
বৃক্ষ প্রকৃতির উপাদান পরিবেশের জন্য এল,
নিজে কিছু না নিয়ে জীবন মানুষকে বিলিয়ে দিল।

বৃক্ষ বন্ধন দেশের চন্দন, সবাই রোপণ করি,
পরিবেশ সুন্দর করতে চল সবুজ বাংলা গড়ি।
বৃক্ষ হতে শক্তি মিলে ধৈর্য্য করি কাজ,
যদি সবাই যত্ন করি, তবেই সবুজ সাজ।

ফলজ বৃক্ষ বাড়ির আঙ্গিনায় শোভা মনরম,
আপন মানুষ দুরে থাকলেও মনটা আনন্দে থাকে চরম।
বৃক্ষরাজ তালগাছ বাংলার লম্বা প্রাণ,
জলবায়ু নিয়ন্ত্রণ ও গাছপড়া থেকে দেয় পরিত্রাণ।

বৃক্ষ যতন, সন্তান যতন, এইতো সংসারের খেলা
কষ্টের ফল মধুর বল, ফুরিয়ে যাবে বেলা,
বৃক্ষ মানুষের সমস্যা মিটায় জীবন চলার পথে
চল সবাই জড়িয়ে রাখবো, দুঃখ সুখের সাথে।
বৃক্ষ চন্দন বৃক্ষ বন্ধন, সকলের চোখের মণি,
এমনি সময় আসবে সেদিন, পাব টাকার খনি।

জাতীয় স্বার্থে বন সৃজন অপরিহার্য

আফতাব চৌধুরী

মানুষসহ সমগ্র প্রাণীজগতের প্রতি প্রকৃতির অমূল্য অবদান অরণ্য। অরণ্যের ইংরেজি প্রতিশব্দ (ফরেস্ট)। শব্দটি মূল লাতিন ভাষার শব্দ 'ফরেস' থেকে এসেছে। এর অর্থ হচ্ছে 'আউটসাইড'। এ 'আউটসাইড' শব্দটি গ্রামের সীমা নির্দেশ করেছিল। যেখানে অনাবাদি জমি মনুষ্য বসতি অঞ্চলেও অন্তর্ভুক্ত করা হয়েছিল। কাঠ ও অন্যান্য বনজ সম্পদ উৎপাদনের জন্য নির্দিষ্ট এক অঞ্চল হিসেবেও সংজ্ঞায়িত করা যায়। সমগ্র বিশ্বের ভৌগোলিক আয়তনের এক তৃতীয়াংশই বনাঞ্চল। বিভিন্ন প্রকারের উদ্ভিদ, ক্ষুদ্রাতিক্ষুদ্র কীটপতঙ্গ থেকে শুরু করে বৃহদাকার জীবজন্তুর আবাসভূমি এ বনাঞ্চল সমূহ। মানব সমাজকে অর্থনৈতিক দিক থেকে লাভবান হওয়ার ক্ষেত্রে নানা ভাবে সহায়তা করা ছাড়াও পরিবেশ দূষণমুক্ত করে রাখে। উপরন্তু জলবায়ুর উপাদান যেমন উষ্ণতা, বর্ষণ, আর্দ্রতা ইত্যাদির ওপর প্রভাব বিস্তার করে অরণ্যগুলো আবহাওয়া তথা জলবায়ু বহু পরিমাণে মানব সমাজের অনুকূল করে তোলে। শুধু কি এটাই? দেশের অরণ্যরাজি পাহাড়ি অঞ্চলের পাদদেশে পানি প্রবাহের ধারাও নিরবচ্ছিন্নভাবে ধরে রাখে। বনাঞ্চলের উপকারিতার শেষ নেই। কিন্তু চরম দুর্ভাগ্যের কথা, প্রকৃতি প্রদত্ত এ অমূল্য সম্পদের সংকোচন ঘটছে দ্রুতহারে আমাদের এদেশে।

জাতিসংঘের প্রকাশিত রিপোর্টে বলা হয়েছে ১৯৯১ সালে বিভিন্ন কারণে এক কোটি সত্তর লক্ষ হেক্টর বনাঞ্চল ভূপৃষ্ঠ থেকে লুপ্ত হয়ে গেছে। সবুজভূমি, মরুভূমি, পাহাড়, পুকুর,হ্রদ, নদী, সাগর ইত্যাদির মতো বনাঞ্চলও বাস্তুতন্ত্রও ধ্বংসযজ্ঞে সক্রিয় তথা প্রধান ভূমিকা নিয়েছে মানব সমাজ। বর্তমানে বিশ্ব ভূখন্ডের মাত্র ত্রিশ শতাংশেই বনভূমি রয়েছে। বিশ্বে প্রতি বছর ১ কোটি হেক্টর ক্রান্তীয় অরণ্যভূমি ধ্বংস হয়।

যে কোন দেশের ভৌগলিক আয়তনের শতকরা ৩৩ শতাংশ বনাঞ্চল থাকা প্রয়োজন যদিও বাংলাদেশে আছে মাত্র ৭/৮ শতাংশ। এ পরিমাণ হ্রাস পাওয়াটা নিঃসন্দেহে চিন্তা জনক বিষয়। প্রতি ২৪ ঘন্টায় দেশে প্রায় ১ লক্ষ গাছ ধ্বংস হয় বলে এক সমীক্ষায় প্রকাশ। যখন-তখন বনাঞ্চল সংহার করার ফলে অন্যান্য কুফলের সঙ্গে মরুভূমির সম্প্রসারণ ঘটছে। ১৯৫১ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত সময়কালে বিশাল বনাঞ্চল কেবল মানুষের লোভে ধ্বংস হয়েছে। চাষাবাদ, শিল্পায়ন, নগরায়ণ এ তিন কারণই মুখ্যত বনভূমি ধ্বংসের জন্য দায়ী। আর এক্ষেত্রে কৃষির জন্য সর্বাধিক হারে বনাঞ্চল ধ্বংস হচ্ছে। কৃষিকাজের সম্প্রসারণ বনভূমি ধ্বংসের জন্যও দায়ী।

দ্রুতহারে অরণ্যাঞ্চল কমে আসার কুফল মানব সমাজ ইতিমধ্যেই ভোগ করছে। আধুনিক মানব সভ্যতাকে গতি প্রদান করার ব্যাপারে উলেখযোগ্য অবদান রয়েছে বনভূমির। কিন্তু অরণ্যসমূহের প্রতি মানুষ যে অন্যায় আচরণ করছে তা একদিন মানব সভ্যতার প্রতি হুমকির সৃষ্টি করবে। বায়ুমন্ডলে অক্সিজেন ও কার্বন-ডাই-অক্সইডের ভারসাম্য রক্ষায় বৃহৎ পরিমাণের সবুজ গাছ-গাছালি উলেখযোগ্য ভূমিকা পালন করে। ভূ-মন্ডলের উত্তাপ বৃদ্ধির জন্য দায়ী গ্রিন হাউস গ্যাস-কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ বায়ুমন্ডলে বেড়ে গেছে। দ্রুতহারে বনানী ধ্বংস হয়ে যাওয়া এর অন্যতম কারণ। ভূ-মন্ডলের উত্তাপ বেড়ে যাওয়ার ফলে বিশ্বজুড়ে জলবায়ুর পরিবর্তন এবং এর ফলশ্রুতিতে প্রকৃতির বিভিন্ন পরিবর্তন বিজ্ঞানীমহলকে উদ্বিগ্ন করে তুলছে।

অরণ্য পরিবেশকে দূষণমুক্ত রাখতে কার্বন-ডাই-অক্সইডের পরিমাণ কম করে তা নয়, অন্যভাবেও সহায়তা করে। প্রকাশিত দুটি তথ্যেই এর প্রমাণ মিলে। ২.৫ একর বিশিষ্ট একটি বনাঞ্চল বায়ুমন্ডলের প্রায় ৪ টন পরিমাণের ধুলো শোষণ করতে পারে। এছাড়া একটি ঘন অরণ্যভূমি বছরে প্রতি একর জমিকে গ্রাস করতে পারে এমন ০.১৬ টন সালফার-ডাই-অক্সইড অপসারণে সমর্থ হয়। আমরা সবাই জানি সালফার-ডাই-অক্সাইড এক ধরনের দূষিত গ্যাস। শব্দদূষণ রোধের ক্ষেত্রেও অরণ্যের ভূমিকা রয়েছে। গাছ শব্দের তীব্রতা ১০ থেকে ১৫ ডেসিবল কমাতে পারে।

ভূমিস্খলন রোধ, বৃষ্টির পানি ধরে রাখা, মরুভূমির বিস্তার রোধ, মাটির উর্বরতা বৃদ্ধি, জলবায়ুর উপাদান নিয়ন্ত্রণের মাধ্যমে জলবায়ু, আবহাওয়া, মানুষ তথা অন্যান্য প্রাণীকুলের অনুকূলে রাখা ইত্যাদি বহু সুফল ছাড়াও ঔষধিগুণ বিশিষ্ট প্রায় ১০,০০০ উদ্ভিদ অরণ্যে পাওয়া যায়। গাছপালা নিধনের ফলে আমরা যে নিজেদের পায়ে নিজেরাই কুড়োল মারছি তা নিশ্চিত করেই বলা যায়।

অরণ্যঘেরা কোনও এলাকার বায়ু আর্দ্র অবস্থায় থাকে। অন্যদিকে জলীয়বাষ্প পূর্ণ বায়ুপ্রবাহের উষ্ণতা স্বাভাবিক ভাবেই শীতল অবস্থায় থাকা বনভূমির বায়ুর সংস্পর্শে কমে এবং এর ফলে বৃষ্টি হয়। এ প্রাকৃতিক প্রক্রিয়ার ফলে স্থানীয় ভাবে বর্ষণের বিতরণেও অরণ্য প্রভাব ফেলে। বনাঞ্চল ধ্বংসের ফলে বৃষ্টির পরিমাণ কমে অনেক সময়ে খরা পরিস্থিতির সৃষ্টি হয়। মরুভূমির

বালিকণা, ঘূর্ণিঝড় অনেক দূর টেনে নিয়ে গিয়ে মরুভূমির সম্প্রসারণ ঘটায়। গাছ-গাছালি থাকলে মরুভূমির বিস্তার বাধা পায়, কারণ বালিকণা আটকে থাকে গাছের লতাপাতায়। তা ছাড়া, বায়ুর আর্দ্রতা বাড়িয়ে মরুভূমির শুস্ক অবস্থা সৃষ্টি হতে দেয় না। ফলে মরুভূমি বিস্তার লাভ করতে পারে না। অরণ্যের এ প্রতিরোধী বৈশিষ্ট্যের প্রতি দৃষ্টি রেখেই ভারতের একমাত্র মরুভূমি থর মরূভূমির লাগোয়া অঞ্চলে ৬৫০ কিলোমিটার দীর্ঘ ও ৮ কিলোমিটার চওড়া অঞ্চলে বৃক্ষরোপণ করে অরণ্যের সৃষ্টি করা হয়েছে। এটা এক বিরাট সাফল্য।

বাতাস ও পানির আঘাতে ভূমির ক্ষতি হয়। অরণ্য কিন্তু এ ক্ষতি থেকে ভূমিকে রক্ষা করতে পারে। আমাদের দেশে বছরে হাজার হাজার একর জমি বাতাস পানি দ্বারা ক্ষয় প্রাপ্ত হয়। অরণ্য ধ্বংস হওয়ার ফলেও ভূমির খলন দ্রুত ঘটছে। অন্যদিকে জুম চাষের জন্য দক্ষিণ পূর্বাঞ্চলে বনাঞ্চল অনেকটা কমেছে। আর এতে ভূমিক্ষয়ের পরিমাণ বেড়েছে। দক্ষিণ পূর্বাঞ্চলে জুম চাষ নামে পরিচিত স্থানান্তরিত কৃষি পদ্ধতি বিশ্বের বিভিন্ন ক্রান্তীয় অঞ্চলে বিভিন্ন নামে প্রচলিত। জুম চাষের জন্য দেশে বছরে হাজারো হেক্টর বনাঞ্চল ধ্বংস হয় বলে এক সমীক্ষায় প্রকাশ। ক্রান্তীয় অরণ্যাঞ্চল ধ্বংসের ফলে প্রতিদিন লুপ্ত হচ্ছে মানব সমাজের প্রয়োজনীয় ১০০ ধরনের মূল্যবান বনজ সম্পদ।

বনাঞ্চল ধ্বংসের ফলে বনজ জীব-জন্তুর আবাসভূমির অভাব ঘটছে এবং অনেক বন্য জীবজন্তু খাদ্যভাব বা অন্যান্য কারণে মৃত্যুমুখে পতিত হওয়া ছাড়াও জনবসতি গুলোতে তারা বেরিয়ে আসার ফলে অনেক মূল্যবান মানব জীবনেরও পরিসমাপ্তি ঘটছে। হাতি, বাঘের উপদ্রবের খবরও মাঝেমধ্যে সংবাদপত্রের শিরোনামে আসে। অরণ্যভূমি ধ্বংসের অন্যতম কুফল এটা।

বনাঞ্চলের উপকারিতার প্রতি লক্ষ্য রেখে এর সংরক্ষণ তথা রক্ষণাবেক্ষণের ওপর বর্তমানে যথেষ্ট সরকারী, বেসরকারী এমনকি সামাজিক ও ব্যক্তি পর্যায়েও গুরুত্ব প্রদান করা হচ্ছে। বনানীকরণ ও পুনর্বনানীকরণের উপরও জোর দেওয়া প্রয়োজন। সামাজিক বনানীকরণ কর্মসুচি ক'বছর আগে শুরু করেছিল সরকার। অ্যাগ্রো ফরেস্ট্রি প্রোগ্রামে এক টুকরো জমিতে চাষাবাদ, গাছ লাগানো ইত্যাদি করা হয়। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে, যাতে পতিত জমির সদ্ব্যবহার হয়। এর ফলে চাষিরা শস্য ছাড়াও পশুখাদ্য, জ্বালানি হিসেবে খড়ি, ফলমূল ও কাঠ পান।

পর্যাপ্ত বনভূমি থাকার পরও প্রতিবেশী দেশ ভারত, মায়ানমার, নেপাল, ভূটান, থাইল্যান্ড, ভিয়েতনাম তাদের নিজ নিজ দেশের বনাঞ্চলকে সম্প্রসারিত করার প্রয়াস অব্যাহত রেখেছে। এ সকল দেশে সামাজিক বনানীকরণ বিভাগ অ্যাগ্রো ফরেস্ট্রি, কম্যুনিটি ফরেস্ট্রি, কর্মাশিয়াল ফরেস্ট্রি এবং আরবান ফরেস্ট্রিসহ বিভিন্ন কর্মসুচী হাতে নেয়া হয়েছে। অরণ্য সমূহের উপর মানব সমাজের বিভিন্ন কারণে প্রয়োগ করা চাপ কম করাটা সামাজিক বনানীকরণের মুখ্য উদ্দেশ্য। বনাঞ্চলগুলোর নিবাসী মূল্যবান বন্যপ্রাণীগুলোর সংরক্ষণের জন্যও প্রণয়ন করা হয়েছে নানা কর্মসূচী। ভারত সম্ভবত বিশ্বের প্রথম রাষ্ট্র যেখানে ওয়াইল্ড লাইফ প্রোটেকশন অ্যাক্ট ১৯৭২ প্রণয়ন করা হয়। বিভিন্ন আইন প্রণয়ন ও কর্মসূচির মাধ্যমে তাদের দেশে বন্যপ্রাণী রক্ষণাবেক্ষণে গুরুত্ব আরোপ করা হয়েছে। প্রোজেক্ট টাইগারের জন্য কুড়িটি জাতীয় উদ্যান ও অভয়ারণ্য বাছাই করা হয়েছে। বন্য জন্তুগুলোর প্রাকৃতিক আবাসভূমি অরণ্যসমূহের সংরক্ষণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বন সংরক্ষণের ক্ষেত্রে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যেই বছরব্যাপী বন মহোৎসবের আয়োজন করা হয়ে থাকে ভারতসহ অন্যান্য দেশে।

প্রাসঙ্গিকভাবে আমি এখানে ক'টি উদাহরণ উপস্থাপন করতে চাই, আশা করি পাঠকমহল অনুধাবন করতে সক্ষম হবেন যে, সততা, একাগ্রতা, আন্তরিকতা থাকলে যে কোন মহৎ কাজে সাধারণ মানুষের সহযোগিতা পাওয়া যায় এবং এতে সফলতা আসে- যেমন ২০১৬ সালের ২রা সেপ্টেম্বর রংপুর জেলার তৎকালীন জেলা প্রশাসক জনাব রাহাত আনোয়ারের (বর্তমান সিলেটের জেলা প্রশাসক) নেতৃত্বে ''সবুজ তারাগঞ্জ গড়ি'' কর্ম পরিকল্পনার আওতায় ১৩৫টি রাস্তায় সকাল ৭টা থেকে ৮ টার মধ্যে মাত্র ১ ঘন্টা সময়ে আড়াই লাখ গাছের চারা রোপণ করে নতুন রেকর্ড সৃষ্টি করেছেন। উপজেলার ৫টি ইউনিয়নের ৪৫টি ওয়ার্ডের স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী, জন-প্রতিনিধি, ইমাম, সাংবাদিক, রাজনৈতিক দলের নেতাকর্মী, কৃষকসহ বিভিন্ন পেশার ৩৫ হাজার মানুষ ৪৬০ কিলোমিটার রাস্তার উভয় পার্শ্বে আম, জাম, কাঁঠাল, পেয়ারা, আমলকি, মেহগনি, বকুল, কৃষ্ণচূড়া, রাধাচূড়াসহ ৪০ প্রজাতির ফল, ফুল, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করেন। চারা গাছ রোপণের এ মহৎ কাজে যারা অংশ গ্রহণ করেন তাদের প্রত্যেকেই রোপিত গাছের চারা বাঁচিয়ে রাখার প্রতিশ্রুতি প্রদান করেন উপস্থিত জন সমাবেশে।

জেলা প্রশাসক রাহাত আনোয়ারের মহৎ এ উদ্যোগ সকল মহলে প্রশংসিত হয়। জেলার অনেকেই বৃক্ষ রোপণের মত মহৎ কাজে আগ্রহী হয়ে গাছের চারা রোপণে এগিয়ে আসেন এবং অনেক সরকারী বেসরকারি সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সংগঠন এমনকি ব্যক্তি পর্যায়েও অনেকেই গাছের চারা রোপণ করে তা রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করেন। জেলা প্রশাসক রাহাত আনোয়ার তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন বৃক্ষরোপণ করে রক্ষণাবেক্ষণের মাধ্যমে তা বাঁচিয়ে রাখা এবং বনাঞ্চল সৃষ্টি করা এক মহৎ কাজ। তিনি এও বলেন যে, সমাজের সকল স্তরের মানুষের সম্মিলিত প্রচেষ্টায় যে কোন মহৎ কাজে সফলতা আসেই।

আমাদের সকলের ঐকান্তিক প্রয়াসে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আন্তরিকতার সাথে যদি আমরা বৃক্ষরোপণ করে রক্ষণাবেক্ষণ করি তাহলে এদেশকে সবুজে সমৃদ্ধ করা কোন কঠিন কাজ নয় এবং এটাই হবে সবচেয়ে মহৎ কাজ, যা প্রাণীকূলের বেঁচে থাকার জন্য একান্তই প্রয়োজন।

আমাদের পার্শ্ববর্তী ছোট্ট পাহাড়ী দেশ ভুটানের দিকে তাকাই। এদেশের জনসংখ্যা মাত্র ৩ লাখের মত। ভূটানের রাজা জিগমে খেসর পিয়াল ও রানী জেটসুন প্রেমার ঘরে জন্ম নিয়েছে প্রথম সন্তান । এ উপলক্ষে দেশের জনগণ এক ব্যতিক্রমধর্মী উদ্যোগ নিয়েছেন। রাজপুত্রের জন্ম উপলক্ষে বিভিন্ন প্রজাতির বিশেষ করে ফলজ ১ লক্ষ আট হাজার গাছের চারা একদিনে রোপন করেছেন দেশের জনগণ দেশের বিভিন্ন স্থানে । গত ৫ ফেব্রুয়ারী রাজা খেসর রানী প্রেমা তাদের প্রথম সন্তান জন্ম হওয়ার ঘোষণা দেন। প্রতিটি গাছে নবজাতকের জন্য এক একটি প্রার্থনা সেটে দেওয়া ছিল। দীর্ঘায়ূ, সুন্দর সহানুভূতির প্রতীক গাছকে বৌদ্ধ ধর্মে পবিত্র হিসাবে গণ্য করা হয়। গাছের চারা রোপনের ক্ষেত্রে ১ লক্ষ ৮ হাজার সংখ্যাটিই মানা হয়েছিল। কেননা বৌদ্ধরা ১০৮ সংখ্যাটি পবিত্র বলে মনে করেন। ৮২ হাজার পরিবার ১টি করে গাছের চারা রোপন করেছে। গাছের চারা রোপন করে তারা প্রতিজ্ঞাবদ্ধ হয় যে রোপিত গাছের প্রতিটি চারা রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা করে বড় করে তুলবে। এতে ছোট দেশ ভূটান আরও সমৃদ্ধশালী হবে। এর আগের বছর এক ঘন্টায় ৫৯ হাজার ৬৭২ টি গাছের চারা রোপন করে বিশ্ব রেকড সৃষ্টি করেছিল এ ভূটানিরাই। উলেখ্য ভূটান ছোট দেশ হলেও ফলজ ও বনজ সম্পদে সমৃদ্ধ। তাদের দেশের প্রতিটি মানুষই দেশপ্রেমিক, রাজাভক্ত এবং দেশের প্রচলিত আইনের প্রতি শ্রদ্ধাশীল।
মার্কিন যুক্তরাষ্ট্রের কালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ল্যাবি এইচ এবং বাংলাদেশের বিজ্ঞানী ড. ডাবিউ জামান বাংলাদেশের বন ও পরিবেশ নিয়ে এক গবেষণা করে জানিয়েছেন দেশের সড়ক, রেলপথ, নদী, খালের দুই পাশে চা বাগানের পরিত্যক্ত ভূমি এবং টিলা পাহাড়ে পরিকল্পিত ভাবে ১২০ কোটি ফলদ বৃক্ষ লাগিয়ে ১০ বছরে মাত্র ফল ও পুষ্টি ঘাটতি পূরণ করা খুবই সহজ। এতে ৫০ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে এই সঙ্গে ৫০-৬০ লক্ষ টন ফল বিদেশে রপ্তানি করা যাবে। পশু পাখির আগমন ভারবে, সুন্দর হবে পরিবেশ, অক্সিজেনের সরবরাহ বৃদ্ধি পাবে, দেশ হবে সমৃদ্ধশালী। আমাদের সরকারের নীতি নির্ধারকরা এ ব্যাপারে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আন্তরিকতার সাথে এগিয়ে আসলে এ কাজে সফলতা খুব কঠিন ব্যাপার নয়।

যে কোনও প্রকল্পের সফল রূপায়ণের জন্য জনগণের সহযোগিতা জরুরী। স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে জনগণের সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে হবে। ব্যক্তিস্বার্থ পূরণের লক্ষ্যে বনধ্বংসে লিপ্ত দুর্নীতিগ্রস্ত লোকের বিরুদ্ধে জনসাধারণের প্রতিবাদী কণ্ঠ সোচ্চার হতে হবে। সরকারকেও এ ব্যাপারে কঠোর হতে হবে। মনে রাখতে হবে মূল্যবান একগুচ্ছ গাছ ধ্বংস করতে বেশি সময় লাগে না, কিন্তু সে গাছ গজিয়ে উঠতে অনেক সময়ের প্রয়োজন হয়। প্রবীণ সাংবাদিক-কলামিস্ট। বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার (১ম স্বর্ণ পদক) প্রাপ্ত।

বনের প্রাণ বন্যপ্রাণি

শেখ মোহাম্মদ মাঈনুদ্দীন

বনের প্রাণ হচেছ বন্যপ্রাণি। বন্যপ্রাণি না থাকলে বন তার প্রাণ হারাবে,সজীবতা মুছে যাবে,স্বাভাবিক ও আকর্ষণীয় সবুজের সমাহার দেখা যাবে না এমনকি পুরো বনভূমি একসময় মরুভূমিতে পরিণত হবে। বর্তমানে বন সংরক্ষণের যেসব পদক্ষেপ নেয়া হচেছ তা শুরু হয়েছে বছর তিনশ আগে। কিন্তু এর আগে হাজার হাজার বছর ধরে পৃথিবীতে যে বন ছিল তা কে বা কারা সংরক্ষণ করত।পৃথিবীর এই বিশাল বন কিভাবে ঠিকেছিল। এখন ও প্রাকৃতিক বনে কোন গাছ লাগাতে হয়না, গাছের পরিচর্যা করতে হয়না, সেচ বা পানি দেয়ার প্রয়োজন হয়না, বনের মাটিতে সার প্রয়োগ করতে হয়না। বনের চারাগাছে যেসব বিভিন্ন ধরনের শূককীট আক্রমন করে তা নিয়ন্ত্রনের জন কোন কীটনাশক প্রয়োগ করতে হয়না। বন সংরক্ষণের এসব কাজ প্রাকৃতিক-ভাবেই বনের উপর নির্ভরশীল বিভিন্ন প্রাণিরাই করে থাকে। এটি মূলত বন ও বন্যপ্রাণির পারস্পরিক নির্ভরশীলতা ও মিথোস্ক্রিয়তার ফলমাত্র। বন্যপ্রাণি কিভাবে বন সংরক্ষণ করছে তা তুলে ধরতেই এই প্রবন্ধের অবতারনা।

বনে যেসব প্রাণি বাস করে তাদেরকে বন্যপ্রাণি বলে। যেমনু ব্যাঙ, সাপ, কচ্ছপ, বিভিন্ন প্রজাতির পাখি,বাঘ,হরিণ,হাতি,বানর ইত্যাদি। বন্যপ্রাণির প্রধান বৈশিষ্ঠ্য হচেছ এরা স্বাধীনজীবি। জীবনের কোন পর্যায়ে মানুষের উপর নির্ভরশীল নয়, স্বাধীনভাবে জীবিকা নির্বাহ করতে পারে এবং মানুষের সাহায্য ছাড়াই প্রজননের মাধ্যমে নিজের বংশধারা অব্যাহত রাখতে পারে। বন্যপ্রাণি হচেছ মানুষ বাদে এবং গৃহপালিত নয় এমন উভচর,সরীসৃপ,পাখি ও স্তন্যপায়ী পর্যন্ত চারটি শ্রেণিভূক্ত প্রাণিকে বুঝায়। বিভিন্ন প্রজাতির পাখি কিভাবে বন সংরক্ষণ করছে প্রথমে সেটি আলোচনা করি। বনে কেউ কি কখন ও রাসায়নিক ওষুধ ছিটিয়েছে ? তাহলে এত বিশাল সবুজের সমাহার কিভাবে সম্ভব হল ? বনের এত অসংখ্য পোকা এবং তাদের শূককীট কোথায় গেল। আসলে বন্যপ্রাণি বিশেষত:পতঙ্গভূক পাখি খাবার হিসেবে এদের গ্রহণ করে বলেই এটা সম্ভব হয়েছে। প্রায় সারা বছরই পতঙ্গ খেয়ে উপকার করছে দোয়েল, ফিঙ্গে, টুনটুনি, বুলবুলি, লেজনাচানী, সাতভায়লা, কাঠঠোকরা শ্যমা, কসাই পাখি ইত্যাদি। বিভিন্ন প্রজাতির কাঠঠোকরা গাছের কান্ডে যেসব পোকামাকড় দেখা যায় সেসব খাবার হিসেবে গ্রহণ করে অতিরিক্ত পোকার আক্রমণ হতে গাছকে রক্ষা করে। অন্যতায় গাছের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হত, ফুল-ফল ধারণ ক্ষমতা লোপ পেত এবং একসময় গাছটি শুকিয়ে মারা যেত।

ফুল হতে ফল হয়,ফল হতে বীজ হয়,বীজ হতে নতুন এক চারার জন্ম হয় এটাই স্বাভাবিক। কিন্তু বট বা বটজাতীয় গাছের ফলের বীজ হতে এভাবে চারার জন্ম হয়না। বটজাতীয় গাছের বীচি পাখির দেহে খাবারের সাথে প্রবেশ করার পর পাখির পাকস্থলী থেকে যে পাচক রস বের হয় তার সাথে বিক্রিয়ার পরই অঙ্কুরোদগমের জন্য উপযুক্ত হয়। এইসব পাখি যখন মলত্যাগ করে তখন মলের সাথে ঐসব পাচিত বীজ বেরিয়ে আসার পর বৃষ্টির পানি ও সূর্যের আলোর সহায়তায় অঙ্কুরোদগম হয়। বিভিন্ন প্রজাতির শালিক, বুলবুলি,বসন্ত বাউরি, কোকিল, ইত্যাদি পাখি বটের গোটা গিলে ফেলে। পাখির পেটে বটের গোটার নরম অংশ হজম হয়ে যায় কিন্তু বীচি বিভিন্ন পাচক রসের সাথে বিক্রিয়ার পর মলের সাথে বেরিয়ে আসে এবং জন্ম দেয় এক নতুন বটের।

বনের মাটির উর্বরতা বৃদ্ধির জন্য কোন সার প্রয়োগ করতে হয়না। বনের ঝরাপাতা,বিভিন্ন দুর্ঘটনায় পড়ে যাওয়া পুরো গাছ মাটিতে পড়ে পচেঁ গিয়ে মাটিতে মিশে যায় এবং এই পচাঁ মাটি আসলে জৈব সার। তবে এভাবে সার হতে অনেক সময় লাগে। কিন্তু বিভিন্ন বন্যপ্রাণি বিশেষ করে তৃণভোজী স্তন্যপায়ী প্রাণি যেমন--হরিণ, শুকর, চিত্রা হরিন,হাতী ইত্যাদি গাছের কচিপাত-া,ফুল-ফল খাওয়ার পর অপ্রাচ্য অংশ মল হিসেবে বের করে দেয় যা কম সময়ের মধ্যে মাটিতে মিশে যায়। প্রকৃতপক্ষে এসব মলই বনের মাটিতে জৈব সার হিসেবে ব্যাবহৃত হয় এবং বনের উর্বরতা বৃদ্ধি করে।

স্থলচর বিভিন্ন তৃণভোজী প্রাণি যেমন শুকর, হরিণ, সজারু, হাতী,পাহাড়ী কচছপ প্রতিদিন বিভিন্ন আগাছার কচিপাতা খেয়ে এদের বৃদ্ধি ব্যাহত করে এবং বনের মধ্যে আগাছার সংখ্যা একটা নির্দিষ্ট সীমার ভেতর রাখে অন্যতায় বিভিন্ন আগাছার কারণে অনেক উপকারী বৃক্ষ জন্মাতে পারত না।

ফিল্ড ইনভেস্টিগেটর, বন্যপ্রাণী শাখা, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।

বন ও বনজ সম্পদ সংরক্ষণে বন্যপ্রাণির ভূমিকা অনস্বীকার্য।শত শত বছর ধরে সুন্দরবন এত সৌন্দর্য্য নিয়ে দাড়িঁয়ে আছে একমাত্র রয়েল বেঙ্গল টাইগারের কারণে। এই বাঘ মামা না থাকলে চোরা শিকারীরা অনেক আগেই সুন্দরবন উজার করে ফেলত। চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রামের প্রাকৃতিক বন যেটুকু আছে তা ও আরেক মামা/মৌ হাতীর কারণে। হাতী না থাকলে এসব বনাঞ্চল অনেক আগেই বসতিতে ভরে যেত। একমাত্র হাতীর আক্রমন থেকে রেহাই পাওয়ার জন্য লোকজন বনের ভেতর ব্যাপকহারে বসতি করার সাহস করছেনা।

পরাগায়ন হচেছ ফুলের পুংকেশর ও স্ত্রীকেশরের মিলন। বনে পরাগায়নের এই কাজে কিছু পাখি সরাসরি ভুমিকা পালন করে। মধুচুষকি,ফিঙ্গে, বুলবুলি,ময়না ,ভীমরাজ,শালিক এসব পাখি ফুলের ভেতর ঠোঁটঢুকিয়ে মধু চোষার সময় ঠোঁটের গোড়ায় পালকে পরাগরেণু লাগে। এক ফুলের মধু চোষার পর যখন আরেক ফুলে যায়, তখন পরাগরেণু স্থানান্তরিত হয়ে পরাগায়ন বা ক্রস ফার্টিলেজেশন হয়।

বন্যপ্রাণি যেমন প্রাকৃতিকভাবেই বন সংরক্ষণ করছে ঠিক তেমনি বন-- বন্যপ্রাণিদেরকে আবাসস্থল ও খাদ্য সরবরাহ করছে।শুধু তাই নয় অসুস্থ বন্যপ্রাণিদের জন্য প্রয়োজনীয় সব ধরনের ঔষধি গাছ আছে বনের ভেতরেই। আর বন্যপ্রাণির সবচেয়ে বেশী জরুরী অক্সিজেনতো বনের গাছপালায় সরবরাহ করছে।বন ও বন্যপ্রাণি একের অনুপস্থিতিতে অন্যের অস্তিত্ব ভাবাই যায় না। একে অপরকে প্রতিনিয়ত নানাভাবে সাহায্য সহযোগিতা করে যাচ্ছে। এভাবেই বন ও বন্যপ্রাণীর পারস্পরিক সাহায্য সহযোগিতার মাধ্যমেই গড়ে উঠেছে সুন্দর ও সবুজ পৃথিবী।

বাংলার বুনোফুল

মোকারম হোসেন

একটু ভালোভাবে লক্ষ্য করলেই দেখা যাবে মাত্র কয়েক হাত পতিত জমিতে কয়েকজাতের তৃণ-গুল্ম, ঘাস ও লতাপাতার বসবাস। এটা আমাদের মাটির গুণ, প্রকৃতির আর্শিবাদ। হিমালয়ের উজান থেকে ছুটেআসা পলি আমাদের মৃত্তিকাকে করেছে উর্বর। একারণেই আমাদের চারপাশ দুর্মর সবুজে মোড়ানো। শুধু তা-ই নয়, এই সবুজকে আরো বর্ণাঢ্য করে তুলেছে আমাদের বর্ণিল পুষ্পরাজি। এসব পুষ্পমেলার একটি ক্ষুদ্র অংশ বুনোফুল। বুনোফুল যে কতটা ঐশ্বর্যমন্ডিত আর নান্দনিক হতে পারে তা ভালোভাবে খেয়াল না করলে কোনোদিনই উপলব্ধি করা সম্ভব নয়। নিত্যদিন পথ চলতে এরাই আমাদের সঙ্গী হয়, মন ভালো করে দেয়। কিন্তু বাড়তি জনসংখ্যার চাপে কমে যাচ্ছে ওদের আবাসস্থল। একসময় যে সব বুনোফুল অঢেল ছিল, এখন সেগুলো খুঁজে পাওয়া রীতিমতো সৌভাগ্যের। এই প্রবণতা থামাতে না পারলে নিকট-ভবিষ্যতে আমাদের চারপাশে বুনোফুল বলতে আর কিছুই থাকবে না। আমাদের চারপাশে ছড়িয়ে থাকা এমন কটি বুনোফুলের পরিচয় জানা যাক।

দাঁতরাঙা

আমাদের পাহাড়ি এলাকা কিংবা শালবন ও শিলামিশ্রিত ভূ-অঞ্চলেই কেবল দাঁতরাঙা দেখা যায়। বিশেষত সিলেটের পাহাড়ি এলাকায় যত্রতত্র চোখে পড়ে। দীর্ঘস্থায়ী প্রস্ফুটন প্রাচুর্য, উজ্জ্বল বেগুনি রঙ এবং গুল্ম আকৃতির হওয়ায় দাঁতরাঙা সবধরনের বাগানেই মানানসই। ফুল ও পাতার সৌন্দর্যেও গাছটি অনন্য। এমন যুৎসই এফুলটি নগর উদ্যানে উপেক্ষিতই বলা যায়। আমাদের সড়ক বিভাজকগুলোতেও এফুল থাকতে পারে। সিলেট ছাড়া পঞ্চগড়, গাজীপুর এবং পার্বত্য চট্টগ্রামেও ফুলটি সহজলভ্য। পাহাড়ের ঢালু ও আশপাশের পতিত স্থানে প্রচুর পরিমাণে জন্মে। সাদা ও বেগুনি রঙের মধ্যে বেগুনি রঙটাই বেশি চোখে পড়ে। পাতা চকচকে সবুজ, শিরা সুস্পষ্ট। বাংলাদেশ ও ভারতের নিজস্ব ফুল। তবে দক্ষিণ এশিয়ার অনেক দেশেই সহজলভ্য।

দাঁতরাঙা (Melastoma malabathricum) ঝোপাল গাছ, ১ থেকে ২ মিটার পর্যন্ড় উঁচু হতে পারে। পাতা ডিম্ব-আয়তাকার, রোমশ, তাতে সমান্ড়রাল শিরা। প্রায় সারা বছরই ফুল। ডালের আগায় অল্প কয়েকটি ফুল গুচ্ছবদ্ধ থাকে। ফুল বড়, ৫ তেকে ৬ সেমি চওড়া, গন্ধহীন। মাঝখানে হলুদ ও বেগুনি রঙের অসমান কয়েকটি পুংকেশর আছে। ফল ডিম্বাকার। বীজ খুব ছোট, কালো শাঁসে জড়ান। বীজ ও কলমেই চাষ। সিলেটে স্থানীয় নাম লুটকি।

গোট বেগুন/ তিত বেগুন

দেশের সর্বত্রই বুনো হিসেবে জন্মে। বলধা গার্ডেন ও বোটানিক্যাল গার্ডেনে আছে। গোট বেগুন (Solanum torvum) প্রসারিত গুল্ম, ৩ মিটার পর্যন্ত লম্বা হতে পারে, কাে কাঁটা আছে। পাতা ডিম্বাকৃতি। ফুল গুচ্ছাকার, সাদা। ফল গোলাকার, বেরি আকৃতির। ফল কাঁচা অস্থায়ও রান্না করে খাওয়া যায়। আবার সাপের কামড়ে প্রতিষেধক হিসাবেও কাজে লাগে। বীজ থেকে চারা। মধ্য এবং দক্ষিণ আমেরিকায় সহজলভ্য।

মটমটিয়া/বনপুঁদিনা

বান্দরবানের মেঘলা পর্যটন কেন্দ্রে বেড়াতে গিয়ে ফুলের সৌন্দর্য নজর কাড়ে। পাহাড়জুড়ে অসংখ্য ফুলের মেলা। রাঙামাটি এবং সিলেটের পাহাড়েও দেখেছি। সমতলেও দুস্প্রাপ্য নয়। দারুণ কষ্ট সহিষ্ণু, পানির নিচেও দিব্যি কাটিয়ে দিতে পারে। পানি সরে গেলে আবার ফুল-পাতায় সজ্জিত হতে বেশি সময় লাগে না। তবে বর্ষায় ডুবে থাকার সময় মটমটিয়ার (Lippia geminata) ঝোপে ছোট মাছদের বেশ আড্ডা জমে। কারণ ঝোপেজমা শ্যাওলা তাদের অন্যতম খাবার। বাকলের ঘ্রাণ চিংড়ি মাছের প্রিয়। এরা বাক্কান বা বনপুঁদিনা নামেও পরিচিত। ঝোপজাতীয় গাছ। ডালপালা ও কা নরম, ভাঙার সময় মট্ করে শব্দ হয় বলেই সম্ভবত এমন নামকরণ। পাতা আয়তাকার, ঝাঁঝালগন্ধি, কিনারা করাতের মতো। বিপরীতমুখী দুই পাতার কোলে ফুল ফোটে, পাপড়ি সংখ্যা ৪-৫, নীলচে গোলাপি রঙের মাঝখানে হলুদের ছিটা। শীত ও বর্ষায় বেশি ফোটে। কেউ কেউ বেড়া তৈরিতেও কাজে লাগান।

বনওকরা/জংলিঘাঘরা

পাহাড়ের কোলে সরু পথের ধারে সকালের ঝলমলে আলোয় হাসসৌজ্জ্বল ফুলটি আমার নজর কাড়ে। দুচোখ ভরে রূপ দেখি। ক্যামেরা তাক করতেই সে রঙ লুকিয়ে ফেলে। নিশ্চয়ই অভিমানী। অবহেলিত বুনোফুল বলেই কী? হতেও পারে। একসময় বনের ধারে, পতিতজায়গায় ও পথপাশে অঢেল দেখা গেলেও এখন সংখ্যায় কমেছে। বনওকরা (Urena lobata) খাড়া ও অমসৃণ ডালের গাছ, ১.২ মিটার পর্যন্ত উঁচু হতে পারে। পাতা ছড়ানো, কিনারা অসমান, অনমনীয় ও বিপ্রতীপ বিন্যাসের। ফুল ছোট, গুচ্ছবদ্ধ ও গোলাপি রঙের। বৃতির খোলামুখ ৫টি, পাপড়ি সংখ্যা ৫, বাটির মতো গড়ন, পরাগকেশর অসংখ্য। প্রস্ফুটন প্রায় বর্ষব্যাপ্ত। ফল শক্ত আবরণে ঢাকা থাকে। শিকড় স্নায়ুর প্রদাহে ব্যবহার্য। গাছ থেকে তৈরি হয় ট্যানিন ও ম্যালভিন। মায়ানমার এবং থাইল্যান্ডেও সহজলভ্য।

Supported by

USAID FROM THE AMERICAN PEOPLE

Food and Agriculture Organization of the United Nations

SilvaCarbon

BFI বৃক্ষ ও বন জরিপ বাংলাদেশ

The Bangladesh Forest Inventory (BFI) is a process, led by the Forest Department, with technical assistance from the Food and Agricultural Organization of the United Nations and SilvaCarbon, and financial support of the United States Agency for International Development (USAID).

The BFI collects information about the status of the county's tree and forest resources in order to understand their uses, benefits and values and to assist their sustainable management. The BFI is a continual process of forest resource assessment which began in 2016 and will provide regular, periodic updates perpetually.